CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




CMYK

JAGARAN ■ 13 May, 2024 ■ আগরতলা ১৩ মে ২০২৪ ইং ■ ৩০ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ পৃষ্ঠা-৮

### বঙ্গে ৪টি নির্বাচনী জনসভায়

# তৃণমূল ও কংগ্রেসের মধ্যে তোষন ও দুর্নীতির প্রতিযোগিতা চলছে ঃ মোদী



**ব্যারাকপুর / হুগলি/ আরামবাগ / হাওড়া ১২ মে (হি. স.) ।।** মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, রবিবার পশ্চিমবঙ্গের ব্যারাকপুর, হুগলি, আরামবাগ এবং হাওড়ায় আয়োজিত বিশাল জনসভায় ভাষণ দেওয়ার সময়, মমতার তৃণমূল সরকারের তোষণ ও দুর্নীতিকে তীব্রভাবে আক্রমণ করেন এবং বিজেপি সরকারের কল্যাণ ও উন্নয়নমূলক কাজগুলিকে তুলে ধরেন। অনুষ্ঠান চলাকালীন, বিজেপির রাজ্য সভাপতি শ্রী সুকান্ত মজুমদার, ব্যারাকপুর লোকসভার প্রার্থী শ্রী অর্জুন সিং, হুগলী লোকসভার প্রার্থী শ্রীমতি লকেট চট্টোপাধ্যায়, শ্রীরামপুর লোকসভার প্রার্থী শ্রী কবির শঙ্কর বোস, আরামবাগ লোকসভার প্রার্থী শ্রী অরূপ কান্তি দিগার, উপস্থিত ছিলেন হাওড়া লোকসভার প্রার্থী শ্রী রথীন চক্রবর্তী এবং উলুবেড়িয়ার লোকসভা প্রার্থী শ্রী অরুণ উদয়পাল চৌধুরী এবং অন্যান্য নেতারা।

মাননীয় প্রধানমন্ত্রী বলেন যে ২০২৪ সালের লোকসভা নির্বাচন দেশের নেতৃত্ব বেছে নেওয়ার নির্বাচন এবং দেশের আশীর্বাদ কেবল বিজেপির কাছেই রয়েছে। ২০২৪ সালে ভারতীয় জনতা পার্টি ২০১৯-এর সাফল্যের চেয়ে বড় সাফল্য পেতে চলেছে। দেশ গত ১০ বছরে দেশ দেখেছে মোদীর শক্তিশালী সরকারই দেশ ও জনগণের স্বার্থে কাজ করছে। তিন দফার নির্বাচন সম্পন্ন হয়েছে এবং আগামীকাল চতুর্থ দফার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। তিন দফা নির্বাচনের পরে, আমি আজ আত্মবিশ্বাসের সাথে বলতে পারি যে ভারতীয় জনতা পার্টি এবং এনডিএ ৪০০ পেরিয়ে যাবে। এখন ৪০০ পার এই স্লোগান নয়, বরং ৪০০ পার দেশের কোটি কোটি মানুষের সংকল্পে পরিণত হয়েছে। এই নির্বাচনে কংগ্রেস তার শাহজাদার বয়সের চেয়ে কম আসন পেতে চলেছে। জনগণ যখন একটি শক্তিশালী সরকার গঠন করে, তখন সারা বিশ্বে ভারতের শক্তি দেখতে পায়।

শ্রী মোদী বলেছেন যে জীবনে নির্বাচন আসে এবং যায়, কিন্তু এই ভালবাসা এবং আশীর্বাদগুলি অমরত্ব নিয়ে আসে। গরীব, দলিত, পিছিয়ে পড়া ও আদিবাসীদের সেবা করার জন্য ভগবান মোদীকে জন্ম দিয়েছেন। আগেকার দিনে দলগুলো জনগণের ভোট নিত, কিন্তু সরকার গঠনের পর তাদের ভাষা বদলে যেত। মোদী এই চিন্তাভাবনা এবং পদ্ধতির পরিবর্তন করেছেন। এখন কেন্দ্রের মোদী সরকার প্রতিটি দেশবাসীর দোরগোড়ায় পৌঁছে যাচ্ছে। পশ্চিমবঙ্গ পূর্ব ভারতের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাজ্য মোদীর মিশন, তাই বাংলা বলছে, 'ফের একবার মোদী সরকার'। কংগ্রেস পরিবার স্বাধীনতার পর ৫০ বছর ধরে সরকার পরিচালনা করেছে, কিন্তু তাদের শাসনকালে পূর্ব ভারত শুধু দারিদ্রতা এবং অভিবাসন পেয়েছে। পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খণ্ড, ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশ অত্যন্ত শক্তিশালী রাজ্য। এই রাজ্যগুলিতে খনি, কয়লা, সমুদ্র বন্দর এবং পর্যটনের অপার সম্ভাবনা রয়েছে, কিন্তু তা সত্ত্বেও, কংগ্রেস এবং ইন্ডি জোটের দলগুলি পূর্ব ভারতকে পিছিয়ে রেখেছিল। কিন্তু মোদী দেশের পূর্বাঞ্চলকে বিকশিত ভারতের গ্রোথ ইঞ্জিনে পরিণত করতে বদ্ধপরিকর। আজ, পূর্ব ভারতে রেল, সড়ক, বিমানবন্দর এবং জলপথের একটি আধুনিক

☛ ৬ এর পাতায় দেখুন

# মিথ্যের ভীতের উপর দাঁড়িয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে বামেরা ঃ বিজেপি




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** কমিউনিস্টরা সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তি ছড়াচ্ছে। রাজ্যের মানুষ বর্তমানে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে চলছেন, রাজ্য ইতিবাচকভাবে এগিয়ে চলছে। এই বিষয়টিকে মিথ্যে দিয়ে প্রভাবিত করে মানুষের মধ্যে বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে কমিউনিস্টরা। রবিবার এক সাংবাদিক সম্মেলনে এমনটাই বললেন বিজেপির প্রদেশ মুখপাত্র সুব্রত চক্রবর্তী।

এদিন সাংবাদিক সম্মেলনে তিনি আরো বলেন, কমিউনিস্টরা মিথ্যের ভীতের উপর দাঁড়িয়ে রয়েছে। তারা বরাবরই মিথ্যেকে সত্যি হিসেবে প্রমাণিত করতে চায়। এবারেও তারা তাই করেছে। তিনি বলেন, সিপিএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, বলেছেন রাজ্যে কাজ নেই, পেট্রোলের চরম সংকট এই জন্য তিনি রাজ্য সরকারকে দায়ী করেছেন। তবে এই নৈরাজ্য বাম আমলে দীর্ঘ ৩৫ বছর দেখেছে রাজ্য। বর্তমানে রাজ্যে উন্নয়নের সরকার কাজ করছে। রাজ্যে প্রতিটি ক্ষেত্রেই উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে।

বামেদের সমস্ত অভিযোগ খন্ডন করে বিজেপি মুখপাত্র জানান, প্রাকৃতিক দুর্যোগের কারণে রাজ্যে কিছুটা পেট্রোপণ্যের সংকট দেখা দিয়েছে। তবে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলে যত তাড়াতাড়ি সম্ভব এই সমস্যা দূরীকরণে ব্যবস্থা নিয়েছেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। ইতিমধ্যেই আসামের ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত করে হয়েছে, এবং রেলপথে পেট্রোপন্য রাজ্যে এসে প্রবেশ করেছে। সোমবারের মধ্যেই এই পেট্রোপন্যের সমস্যা সম্পূর্ন সমাধান হবে।

এদিন তিনি প্রাক্তন মন্ত্রী মানিক দে - এর প্রশ্ন খন্ডন করে বলেন, ২০১৬ সালে বামেরা রাজ্যে বাফার স্টক নির্মাণের উদ্যোগ

☛ ৬ এর পাতায় দেখুন

# জিনিসপত্রের মূল্যবৃদ্ধি সহ বিভিন্ন বিষয়ে সিপিএম মহকুমা কমিটির বিক্ষোভ মিছিল

**নিজস্ব প্রতিনিধি, কমলপুর, ১২ মে ।।** সিপিআইএম কমলপুর মহকুমা কমিটির উদ্যোগে রবিবার হালাহালি বাজারে এক প্রতিবাদ বিক্ষোভ মিছিল সংঘটিত হয়। মিছিলটি এদিন এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে পার্টি অফিসের সামনে এসে এক বিক্ষোভ সভায় মিলিত হয়। বিক্ষোভ সভায় বক্তব্য রাখেন দলের নেতৃবৃন্দ।

রাজ্যজুড়ে কাজ-খাদ্যের তীব্র সংকট দূর করতে ব্যাপক হারে রেগা -টুয়েপ সহ অন্যান্য সরকারি কাজের ব্যবসা, রেগার বকেয়া মজুরী মিটিয়ে দেওয়া এবং বিদ্যুতের অচলাবসা দূর করা, পেট্রোপণ্যের সংকট সুরাহা করতে ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি রোধ করা, ভেঙে পড়া রাস্তাগুলি অবিলম্বে সংস্কারের দাবীতে সিপিআই(এম) কমলপুর মহকুমা কমিটির উদ্যোগে রবিবার হালহালির সাপ্তাহিক বাজারে লাল ঝান্ডার মিছিল প্রখর রৌদ্রতাপকে উপেক্ষা করে উত্তর থেকে দক্ষিণ বাজার পরিক্রমা করে সিপিআই(এম) অফিসের সম্মুখে এসে শেষ হয়।

এদিনের এই বিক্ষোভ কর্মসূচীতে বক্তব্য রাখেন সিপিআই(এম) কমলপুর মহকুমা কমিটির সম্পাদক অঞ্জন দাস। তিনি বলেন, রাজ্যজুড়ে এক অরাজকতার পরিবেশ চলছে।

রাজ্যের জনগণ কিভাবে ভাল থাকতে পারে তার জন্য কোন সুপরিকল্পিত উদ্যোগ যে নেই তা বর্তমান অবসা থেকেই উপলব্ধি করা যায়।

পূর্বতন বামফ্রন্ট সরকার প্রাকৃতিক দুর্যোগসহ বিভিন্ন কারণে সংকট তৈরী হলে পেট্রোপণ্য ও নিত্য পণ্যের বাফার স্টক গড়ে তুলতো এবং কালোবাজারীর বিরুদ্ধে প্রশাসনকে সক্রিয় রাখতো বর্তমান সরকারের এই ক্ষেত্রে প্রচন্ড দুর্বলতা রয়েছে বলে অভিযোগ করেন তিনি।

তিনি আরো বলেন যে বামফ্রন্ট সরকারের সময়ের হাতে নেওয়া সাব্রুমের মৈত্রী সেতু চালু করলেই রাজ্যের এই বড় সমস্যাগুলি তৈরী হবে না এবং নানাভাবে রাজ্যের অগ্রগতি ঘটবে এবং একই সঙ্গে লামডিং''র রেলপথ ও সোনারপুরের সড়ক পথের মান উন্নয়ন ঘটানোর দাবী জানান। এই নায্য দাবিগুলি নিয়ে আগামীদিনে আরো বড় আন্দোলন গড়ে তোলা হবে বলে হুশিয়ারি তোলা হয় এদিনের বিক্ষোভ সভায়। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে রাজ্যের সার্বিক উন্নয়নে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করার জন্য দলের তরফ থেকে দাবি জানানো হয় এদিন।

### ৯৬ আসনে

# আজ চতুর্থ দফায় ভোট

**নয়াদিল্লি, ১২ মে (হি. স.) ।।** অর্ধেকের বেশি আসনে ভোট শেষ। প্রথম তিন দফায় সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়েছে ২৮৩ আসনে। সোমবার আরও ৯৬ আসন। চতুর্থ দফার এই নির্বাচনেই নির্ধারিত হয়ে যেতে পারে ভোটের ভবিষ্যৎ।প্রথম তিন দফায় ভোট মিটেছে নিরাপদে। এবারও কড়া নিরাপত্তার বন্দোবস্ত করেছে নির্বাচন কমিশন।

সোমবার মোট ১০ রাজ্যের ৯৬ আসনে নির্বাচন। বাংলার আট আসন ছাড়াও ভোট হচ্ছে অন্ধ্রপ্রদেশের ২৫, বিহারের ৫, ঝাড়খণ্ডের ৪, মধ্যপ্রদেশের ৮, মহারাষ্ট্রের ১১, ওড়িশার ৪, তেলেঙ্গানার ১৭, উত্তরপ্রদেশের ১৩ এবং জম্মু ও

☛ ৬ এর পাতায় দেখুন

# 'এক দেশ, এক নির্বাচন' ব্যবস্থা চালু হলে রক্তদানের মাত্রা আরও বাড়বে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** মানবতার প্রকৃষ্ট কোনো নির্দর্শন থাকলে তা হচ্ছে রক্তদান, এর থেকে বড় কোনো দান হয়না। রবিবার মোহন্ত মহারাজ শ্রীমৎ ভবতোষ বন্দ্যোপাধ্যায়ের পবিত্র তিরোধান দিবস উপলক্ষে বনমালীপুর রাম ঠাকুর সেবা মন্দিরে রক্তদান শিবির অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেছেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

মুখ্যমন্ত্রী আরো বলেন, রক্তদান করার ক্ষেত্রে ত্রিপুরা গোটা দেশে প্রথম স্থানে রয়েছে। একজন রক্তদাতা চারজনের জীবন বাঁচাতে পারেন।

তবে রাজ্যে বর্তমানে নির্বাচন চলাকালীন সময়ে রক্তদানের মাত্রা কিছুটা কমেছে।

ফলে রক্ত সংকটের তৈরি হয়েছে। তবে গোটা দেশে গোটা বছরব্যাপীই নির্বাচন চলতে থাকে।



যার ফলে গোটা বছরেই রক্তদান কিছুটা বিঘ্নিত হচ্ছে।

তাই 'এক দেশ, এক নির্বাচন' এই ব্যবস্থা চালু হতে রক্তদানের মাত্রা আরো বৃদ্ধি পাবে, এবং রক্তসংকট দূর হবে।

এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত অন্যান্য সদস্যরা গোটা রক্তদান শিবিরটি ঘুরে দেখে রক্তদাতাদের উৎসাহিত করেন।

এছাড়াও এদিন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা আরালিয়াস্থিত প্রজাপতি ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়ে রক্তদান শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহন করেছেন। সেখানে উনার সঙ্গে ছিলেন মন্ত্রী টিংকু রায় সহ অন্যান্যরা।

# জমি সংক্রান্ত বিবাদের জেরে এক ব্যক্তির মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১২ মে ।।** জমি সংক্রান্ত বিবাদ কে কেন্দ্র করে প্রাণ হারালেন ৬৭ বৎসর বয়সি এক বৃদ্ধ।ঘটনা সোনামুড়া থানাধীন নগর পঞ্চায়েতের ১১ নং ওয়ার্ডে। মৃত ব্যক্তির নাম নাজির আহমেদ মজুমদার।ঘটনার বিবরণ দিতে গিয়ে মৃত ব্যক্তির স্ত্রী জানান জমি সংক্রান্ত বিবাদ কে কেন্দ্র করে অভিযুক্ত সাদেক মিয়ার সঙ্গে কথা কাটাকাটি হয় নাজির আহমেদে মজুমদারের।সেই সময় নাকি অভিযুক্ত সাদেক মিয়া নাজির আহমেদের কাছ থেকে তার চলাচলের লাঠিটি কেড়ে নেয় এবং তাকে ধাক্কা মেরে ফেলে দেয়।তখনই নাকি নাজির আহমেদ অসুস্থতা বোধ করেন এবং মাটিতে লুটিয়ে পড়েন সঙ্গে সঙ্গে প্রত্যক্ষদর্শীরা তাকে সোনামুড়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসেন।কিন্তু সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।চিকিৎসকের ধারণা বাদ বিবাদ এর সময় হৃদরোগে আক্রান্ত হয়ে

☛ ৬ এর পাতায় দেখুন

# রইস্যাবাড়ি পিএইচসির বেহাল দশা চরম ভোগান্তির শিকার জনগন

**নিজস্ব প্রতিনিধি, গণ্ডাছড়া, ১২ মে ।।** রাজ্যের সবচেয়ে প্রত্যন্ত অঞ্চল হিসেবে চিহ্নিত গন্ডাছড়া মহকুমা। শিক্ষা স্বাস্থ্য যোগাযোগ ব্যবস্থা সহ সবদিক থেকেই এখনও অনেক পিছিয়ে গন্ডাছড়া মহকুমার মানুষজন। জাতি উপজাতি উভয় অংশের মানুষের বসবাস এই মহকুমায়। গন্ডাছড়া মহকুমার উন্নয়নে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হলেও বাস্তবে ওইসব প্রকল্পগুলির সঠিক বাস্তবায়ন নিয়েও নানা প্রশ্ন করতে শুরু করেছে।

গন্ডাছড়া মহকুমার জনগণকে স্বাস্থ্য পরিষেবার জন্য চরম ভোগান্তির শিকার হতে হচ্ছে। গণ্ডাছড়া মহকুমার রইস্যাবাড়ি প্রাথমিক হাসপাতালের বেহাল দশা। স্বাস্থ্য পরিসেবা নিয়ে উদ্বিগ্ন সাধারণ মানুষ। ধলাই জেলা গন্ডাছড়া মহকুমার প্রত্যন্ত রইস্যাবাড়ি প্রাথমিক হাসপাতালটি বিভিন্ন সমস্যায় জর্জরিত। ১০ শয্যা বিশিষ্ট হাসপাতালটিতে মাত্র দুজন ডাক্তার, তিনজন নার্স এবং পাঁচ জন জিডিএ স্টাফ দিয়ে কোনরকম ভাবে চলছে। নেই কোন স্থায়ী ফার্মাসিস্ট। অথচ এই হাসপাতালটির উপর নির্ভরশীল প্রায় ২০ হাজার জাতি জনজাতি অংশের মানুষ। এরকম একটি গুরুত্বপূর্ণ হাসপাতালের বছরের পর বছর ধরে একই চিত্র। পনেরো বছরের পুরানো হাসপাতালের বিল্ডিং ঘরটির বেশ কয়েকটি দরজা জানালা ভাঙ্গা। যার ফলে বৃষ্টি হলে ভাঙ্গা দরজা জানালা দিয়ে ঘরে জল ঢুকে। পাশাপাশি মশা মাছি ঢুকছে অনবরত। এছাড়া রইশ্যাবাড়িতে প্রায়ই বিদ্যুৎ থাকে না, বিশেষ করে বর্ষার সময়। তখন প্রচন্ড এই গরমের মধ্যে রোগী, রোগীর আত্মীয়-স্বজন থেকে শুরু করে স্বাস্থ্য কর্মীদের দারুণভাবে অসুবিধায় পড়তে হয়। যদিও হাসপাতালে একটি জেনারেটরের ব্যবস্থা ছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ২০১০ সাল থেকে দামি এই জেনারেটর''টি অকেজো হয়ে পড়ে আছে।

এ বিষয়ে মহকুমা স্বাস্থ্য আধিকারিক থেকে শুরু করে জেলা স্বাস্থ্য আধিকারিক অবগত থাকলেও জেনারেটর''টি সারাইয়ের কোন উদ্যোগ নিচ্ছে না। বর্তমানে হাসপাতালে সোলার লাইটের ব্যবস্থা রয়েছে। সোলারের সাহায্যে বৈদ্যুতিক বাল্ব জ্বললেও ঘুরছে না পাখা। এমতাবস্থায় দাবি উঠেছে রইস্যাবাড়ি প্রাথমিক হাসপাতালটিকে আধুনিকমানের হাসপাতালে পরিণত করে গড়ে তোলার। যেখানে থাকবে না স্বাস্থ্য কর্মীর সংকট থেকে শুরু করে ডেলিভারি রুমে বেডের অভাব। গন্ডাছড়া মহকুমার

☛ ৬ এর পাতায় দেখুন

# নার্স ডে পালিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** আজ আন্তর্জাতিক সেবিকা দিবস। এই উপলক্ষে আগরতলা গভমেন্ট নার্সিং কলেজের উদ্যোগে আইজিএম হাসপাতালে কলেজের অডিটোরিয়ামে ফ্লোরেন্স নাইটঙ্গেলের ২০৪ তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়। তারই অঙ্গ হিসাবে অনুষ্ঠিত হয় এক স্বাস্থ্য শিবির। শিবিরে অংশগ্রহণকারী রোগীর বিনামূল্যে রক্ত পরীক্ষাও প্রেসার মাপা হয়। ১০০ জন রোগী এই শিবিরের পরিষেবা গ্রহণ করেন। এছাড়া এই দিনটিকে সামনে রেখে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রদীপ জ্বালিয়ে এই অনুষ্ঠানের সূচনা করেন আগরতলা গভমেন্ট নার্সিং কলেজে অধ্যক্ষা ডঃ মৈত্রী চৌধুরী,। উপস্থিত ছিলেন আইএলএস নার্সিং কলেজের অধ্যক্ষা স্বপ্না চক্রবর্তী ও শান্তির বাজার নার্সিং ইনস্টিটিউট এর অধ্যক্ষা

☛ ৬ এর পাতায় দেখুন

# পেট্রোল ঢেলে আত্মহত্যার চেষ্টা স্ত্রীর, বাঁচাতে গিয়ে অগ্নিদগ্ধ স্বামী

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১২ মে ।।** মন্দির নগরী উদয়পুরের ফুলকুমারী কল্পতরু আশ্রম সংলগ্ন এলাকায় অগ্নিদগ্ধ হয়েছে এক দম্পতি। অগ্নিদগ্ধ মামন চক্রবর্তী ও তার স্বামী কার্তিক লাল চক্রবর্তী দুজনকেই আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ঘটনার বিবরণে জানা যায়, শনিবার রাতে ফুলকুমারী কল্পতরু আশ্রম সংলগ্ন এলাকার মামণ চক্রবর্তী(৪২) নিজ গায়ে পেট্রোল ঢেলে অগ্নিদগ্ধ হয়। পোড়া গন্ধ পেয়ে ঘরে এসে এই ঘটনা দেখতে পেয়ে অগ্নিদগ্ধ স্ত্রীকে বাঁচাতে গিয়ে অগ্নিদগ্ধ হয়েছেন স্বামী কার্তিক লাল চক্রবর্তী। ঘটনার পর স্থানীয় লোকজনরা দমকল বাহিনীকে খবর দেন। খবর পেয়ে দমকল বাহিনীর কর্মীরা ঘটনাস্থলে ছুটে যায় এবং অগ্নিদগ্ধ স্বামী-স্ত্রীকে উদ্ধার করে

☛ ৬ এর পাতায় দেখুন

# স্কুল ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগে গ্রেপ্তার একজন

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১২ মে ।।** রাস্তাঘাটে স্কুল পড়ুয়া নাবালিকা ছাত্রীরাও নিরাপদ নয়। এসব ঘটনাকে কেন্দ্র করে অভিভাবক মহলে উদ্বেগ ও উৎকণ্ঠা বাড়ছে। তৃতীয় শ্রেণী পড়ুয়া ১০বছর বয়সী এক স্কুল ছাত্রীকে শ্লীলতাহানি করার অভিযোগ উঠলো এক ব্যক্তির বিরুদ্ধে। ঘটনা কাঁকড়াবন কিশোরগঞ্জ গ্রামে।

ঘটনার বিবরণ দিতে গিয়ে পুলিশ জানায়, শুক্রবার দুপুর সাড়ে বারোটা নাগাদ স্কুল থেকে বাড়ি ফেরার পথে নির্জন রাস্তার পাশে দাঁড়িয়েছিল সফিক মিঞা (৫৭) নামে এক ব্যক্তি। তখন সে বিদ্যালয় পড়ুয়া ছাত্রীটিকে ঝাপটে ধরে রাস্তায়। পরবর্তী সময় ছাত্রটি বাড়িতে গিয়ে সমস্ত ঘটনা তার পরিবারের মাতা ও

☛ ৬ এর পাতায় দেখুন

# অস্থায়ী দোকান ভেঙ্গে আহত দুই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** নতুন বাজার এলাকায় হঠাৎই হুড়মুড়িয়ে ভেঙে পড়ল বেশ কয়েকটি অস্থায়ী দোকানঘর। ঘটনাটি ঘটেছে নতুনবাজার এলাকায়। এদিন ছিল সাপ্তাহিক হাটবার। সকালে যথারীতি দোকানীরা এসে দোকান খুলে বসেন। তখন হঠাৎ করে ৯ টি দোকান ঘর ভেঙে পড়ে।

এতে করে দুই জন অল্প বিস্তর আঘাতপ্রাপ্ত হয়েছেন। জানা গেছে, ৯ টি দোকানই কাপড়ের দোকান ছিল। দোকানগুলো অনেক পুরোনো হওয়ায় সেগুলি ভেঙে পড়েছে বলে দাবি ব্যবসায়ীদের।

ঘটনার খবর পেয়ে বাজার কমিটির সদস্যরা ছুটে যান। তারা ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীদের দোকান মেরামত করতে বলেন। তবে ব্যবসায়ীদের এখনো কোনো আর্থিক সাহায্য করা হয়নি বলে অভিযোগ।

ফলে ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীরা আর্থিক সমস্যায় ভুগছেন বলে জানিয়েছেন। সরকার তাদের পাশে দাঁড়িয়ে ব্যবসায়ীদের স্থায়ী দোকান ঘর নির্মাণ করে দেওয়ার দাবি জানিয়েছেন।

CMYK CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২১০ ▫ ১৩ মে ২০২৪ ইং▫ ৩০ বৈশাখ ▫ সোমবার ▫১৪৩১ বঙ্গাব্দ

# মাতৃ দিবসের ভাবনা

আধুনিক বিজ্ঞান প্রযুক্তি ও ডটকমের যোগে নানা ভাবে মাতৃদিবস পালন করা হইয়া থাকে। দেবশ্রী তাৎপর্য খুবই গুরুত্বপূর্ণ। পৃথিবীর প্রত্যেকটি প্রাণী মায়ের কাছ থেকে প্রথম ভাষা শিখে। মাত্র দুগ্ধ পান করিয়া বড় হয়। সন্তান প্রতিষ্ঠিত হইয়া শুধুমাত্র আনুষ্ঠানিকভাবে মাতৃদিবস পালন করিলেই চলিবে না প্রতিটি মা যাহাতে সুস্থ সবল ও সসম্মানে বাঁচিতে পারেন তাহা নিশ্চিত করিতে হইবে। আমাদের তথাকথিত আধুনিক সমাজ ব্যবস্থায় ও নিউক্লিয়াস ফ্যামিলি বা ছোট পরিবারে বৃদ্ধ ভাতা পিতারা সমাজের বোঝা হিসেবে পরিগণিত হইতেছেন। ইহা কোনভাবেই কাম্য হইতে পারে না। আজকের এই পবিত্র দিনে যাতে মায়েদের অধিকার সু প্রতিষ্ঠিত করা যায় সেই অঙ্গীকার গ্রহণ করিতে হইবে। কোন মাকে যাহাতে বৃদ্ধাশ্রমে জীবনের অন্তিম দিনগুলো কাটাইতে না হয় তাহা নিশ্চিত করিতে হইবে। তাহা করা সম্ভব হইলেই মাতৃদিবস পালন করিবার উদ্দেশ্য সফল হইবে। প্রতিবছর বিশ্বজুড়িয়া পালিত হয় মাতৃ দিবস । মে মাসের দ্বিতীয় রবিবার পৃথিবী জুড়িয়া পালিত হয় দিবসটি। এই বছর এই বিশেষ দিনটি পড়েছে ১২ মে। ভাষা ও সমাজে আলাদা নামে ডাকা হইলেও প্রায় সব মায়েরাই একই রকম। যদিও কয়েকটি শব্দে মায়ের সংজ্ঞা দেওয়া মুশকিল। বলা চলে নিখাদ ভালোবাসা এবং স্নেহের সঠিক সংজ্ঞা মা। হাজারো ব্যস্ততার মধ্যেও আমাদের জীবনকে আরও উন্নত করিবার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাইয়া যান মা। মহিলারাই বলেন "মাতৃত্ব" তাঁহাদের জীবনের সর্বশ্রেষ্ঠ গুণ। সকলের জীবনের প্রথম গাইড, দার্শনিক, পরামর্শদাতা এবং বন্ধু হয় "মা"। আজকাল বেশীরভাগ মায়েরাই টেক স্যাভি। তাঁহারা পছন্দ করেন এই দিনটি ছেলে-মেয়েরা বিশেষ ভাবে উদযাপন করুক। আবার অনেকে কর্মসূত্রে বা একাধিক কারণে মায়ের থেকে দূরে থাকেন। অনুভূতি পৃথিবীর সবচেয়ে শ্রেষ্ঠ অনুভূতি। একজন নারী যেদিন মা হন, সেদিন শিশুর প্রথম স্পর্শে, শিশুর প্রথম কান্নায় মায়ের মুখে ফোটে হাসি। শিশুর প্রথম কান্না, প্রথম স্পর্শ, প্রথম মা বলা ডাক সবটাই তাহাদের কাছে বিশেষ অনুভূতি, পৃথিবীর সবচেয়ে শ্রেষ্ঠ অনুভূতি। সন্তানের সঙ্গে মায়ের নিবিড় নাড়ির যোগ। বলা হয়, মায়ের গুণেই শিশুর ভবিষ্যৎ তৈরি হয়। মায়েদের থেকে আচরণ, ব্যবহারের শিক্ষা গ্রহণ করে শিশুরা। মায়েরা সবসময় তাহাদের সন্তানদের সমস্ত বাধা-বিপত্তি থেকে ঢালের মতো রক্ষা করে। মায়েদের ঋণ কোনওদিনই পূরণ হয় না। মা ডাকের মধ্যেই আছে স্বর্গসুখ। সন্তানের ওপর মায়ের অধিকার, ভালবাসা স্মরণ করানোর জন্য নয়, মায়ের প্রতি সন্তানের যথাযথ সম্মান দেখানোর ব্যাপারে উদ্বুদ্ধ করিবার জন্যই মূলত পালন করা হয় মাতৃদিবস। বর্তমানে সোশাল মিডিয়ার যুগে একাংশের দাবি, মা দিবস কোনো একটা দিনের বেড়াজালের আটকে থাকিতে পারে না। জীবনের মৌলিক স্তরগুলোতে মায়ের চেয়ে বড় শিক্ষাগুরু, মায়ের চেয়ে বড় রক্ষাকর্তা, সন্তানের জন্য আর কেউ হইতে পারে না। তাই বছরের প্রত্যেকটা দিন মায়ের জন্য উৎসর্গ করা যায়।বিশ্বজুড়িয়া বিভিন্ন দিনে মাতৃ দিবস পালিত হয়। ব্রিটিশ প্রথা অনুযায়ী, ভারতে মে মাসের দ্বিতীয় রবিবার পালন করা হয় এইদিন। শিশুর জীবন শুরু হয় মাতৃগর্ভে। একজন শিশুকে ন'মাস গর্ভে রাখিয়া তাহাকে জন্ম দিতে কতটা কষ্ট একজন মা সহ্য করেন, সেটা ভাষায় বলিয়া বোঝানো সম্ভব নয়। শিশু প্রথম শব্দই তো উচ্চারণ করে 'মা' বলে। আন্তর্জাতিক মাতৃ দিবস মানে শুধুই মাকে নিয়া বেড়াইতে যাওয়া বা তাঁহাকে উপহার দেওয়া নয়। মাতৃ দিবস হইল মাতৃত্বের উদযাপন। শ্রী মা বলতেন, "আমি সতেরও মা, অসতেরও মা।" সন্তান যেমনই হোক, তাহাকে বুকে আগলে রাখিয়া সব ঝড়ঝাপটা থেকে বাঁচাইয়া রাখেন যিনি, তাঁহাকে সম্মান দেওয়ার জন্য একটা দিন তো বাছিয়া নেওয়া যাইতেই পারে।মা দিবস বা মাতৃ দিবস হইল একটি সম্মান প্রদর্শন জনক অনুষ্ঠান যা মায়ের সন্মানে এবং মাতৃত্ব, মাতৃক ঋণপত্র, এবং সমাজে মায়েদের প্রভাবের জন্য উদযাপন করা হয়। এটি বিশ্বের অনেক অঞ্চলে বিভিন্ন দিনে, সাধারণত মার্চ, এপ্রিল বা মে উদযাপন করা হয়। বিশ্বের সর্বত্র মায়ের এবং মাতৃত্বের অনুষ্ঠান উদযাপন করিতে দেখা যায়।

## যেখানে পদ্ম সেখানেই শান্তি ও উন্নয়ন : প্রধানমন্ত্রী

কন্ধমাল, ১২ মে (হি.স.): যেখানে পদ্ম সেখানেই শান্তি ও উন্নয়ন। যেখানে পদ্ম সেখানেই বৈজ্ঞানিক বিকাশ ও মহিলাদের সম্মান। বললেন বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার ওড়িশার কন্ধমালে এক নির্বাচনী জনসভায় প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'যেখানে পদ্ম সেখানে সংকল্পের উপলব্ধি। যেখানে পদ্ম সেখানেই সমৃদ্ধি। যেখানে পদ্ম সেখানেই জয়!'

প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'ওড়িশায় পর্যটন ক্ষেত্রে অপার সম্ভাবনা রয়েছে এবং, পর্যটন ক্ষেত্র এই অঞ্চলের সামগ্রিক অর্থনীতিতে প্রভাব ফেলে। আপনাদের রাজ্য সরকার আপনাদের ক্ষমতার উপর আস্থা রাখতে ইচ্ছুক নয়, যে কারণে আপনাদের উন্নয়ন থমকে আছে।' মোদী বলেছেন, 'বিজেডি এবং কংগ্রেস কন্ধমালকে পিছিয়ে জেলা হিসাবে ঘোষণা করেছিল। মোদী এই ধরনের পিছিয়ে পড়া জেলাগুলিকে দেশের উচ্চাকাঙ্ক্ষী জেলায় পরিণত করার সিদ্ধান্ত নিয়েছে। এ সব জেলায় যে কাজ চলছে তা নিয়মিত মনিটরিং করছি।'

## বহরমপুরে তুঙ্গে নির্বাচনী প্রচার; মুখোমুখি অধীর ও নির্মল, ঝড় তুললেন পাঠানও

বহরমপুর, ১২ মে (হি.স.): লোকসভা নির্বাচনের চতুর্থ দফার জন্য প্রচারাভিযান শনিবার বিকেলে শেষ হচ্ছে। শেষ মুহূর্তে সব রাজনৈতিক দলের নেতৃবৃন্দরাই প্রচারে ঝাঁপিয়েছেন। শনিবার মুর্শিদাবাদের বহরমপুরে নির্বাচনী প্রচারে ঝড় তুললেন সমস্ত দলের প্রার্থীরা। এদিন সকালে প্রচারে বেরিয়ে মুখোমুখি দেখা হয় দুই প্রার্থীর। মুর্শিদাবাদের বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীর রঞ্জন চৌধুরী ও বিজেপি প্রার্থী নির্মল সাহা শনিবার সকাল থেকে শহরে প্রচার শুরু করেন।

দু'জনেই হুড খোলা গাড়ি চেপে শহরের পথে পথে ঘোরেন, প্রচার সারেন। মাঝেই আচমকা বহরমপুরের লালদিঘির কাছে দু'জনের মুখোমুখি দেখা হয়। ফুল ছুড়ে কংগ্রেস প্রার্থীকে শুভেচ্ছা জানান বিজেপি প্রার্থী। পাল্টা অধীর বাবুও করজোড়ে প্রণাম করে নির্মলবাবুকে অভিবাদন জানান। আবার মুর্শিদাবাদের বেলডাঙায় প্রচার করেছেন বহরমপুর লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী ইউসুফ পাঠান। তিনিও প্রচারে ঝড় তুললেন।

## এই গ্রীষ্মেই অবসর নিচ্ছেন অ্যান্ডারসন

লন্ডন, ১২মে (হি.স.): শেষ পর্যন্ত ক্যারিয়ারের ইতি টানছেন প্রথম ও একমাত্র পেসার হিসেবে টেস্টে ৭০০ উইকেট নেওয়া জেমস অ্যান্ডারসন। ইংল্যান্ডের গ্রীষ্মকালীন মরসুম শেষেই ২২ বছরের ক্যারিয়ারের সমাপ্তি ঘটবে এই পেসারের, ক্রীড়া মহলে এমনটাই শোনা যাচ্ছে। অ্যান্ডারসন অবসরের সিদ্ধান্ত নিয়েছেন ইংল্যান্ড টেস্ট দলের কোচ ব্রেন্ডন ম্যাককালামের সঙ্গে আলোচনার পর।

ম্যাককালাম অ্যান্ডারসনকে জানিয়েছেন, টেস্ট দল নিয়ে ভবিষ্যতের দিকে তাকাতে চাইছেন তাঁরা। চলতি গ্রীষ্মে ওয়েস্ট ইন্ডিজ ও শ্রীলঙ্কার বিপক্ষে মোট ৬টি টেস্ট খেলবে ইংল্যান্ড।

# কৃত্রিম বুদ্ধিমত্তা কি মানুষের মেধাকে হারিয়ে দেবে?

অসীম সুর চৌধুরী

কয়েকমাস আগে সবাইকে চমকে দিয়ে ব্রিটিশ-ক্যানেডিয়ান কম্পিউটার বিজ্ঞানী ড. জেফ্রি হিন্টন পৃথিবী বিখ্যাত গুগল কোম্পানি থেকে তাঁর পদত্যাগের কথা ঘোষণা করেন। কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে গবেষণার ক্ষেত্রে যে ক'জন মুষ্টিমেয় বিজ্ঞানীর অবদান সর্বাধিক তিনি হলেন তাঁদের মধ্যে একজন। পঁচাত্তর বছর বয়সী ড. হিন্টন শুধু পদত্যাগ করেই ক্ষান্ত হননি বরং কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যৎ বিপদের কথা বলে সকলকে সতর্ক করে দিয়েছেন। এক সাক্ষাৎকারে তিনি বলেছেন যে, এই মুহূর্তে মানুষের বুদ্ধিই এগিয়ে কিন্তু কিছুদিনের মধ্যেই কৃত্রিম বুদ্ধিমত্তা তাকে মাত করে দেবে। আর খারাপ লোকেরা যদি একে বাজে উদ্দেশ্যে ব্যবহার করে তবে আগামীদিনে তা ভয়ঙ্কর পরিস্থিতি সৃষ্টি করতে পারে।

ড. হিন্টনে মৌলিক গবেষণা 'চ্যাট জিপিটি'র মতো উন্নত কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরিতে পথ দেখিয়েছে। এই উৎকৃষ্ট কাজের জন্য ২০১৮ সালের 'ট্যুরি' পুরস্কার লাভ করেন তিনি। এহেন ড. হিন্টনের সতর্কবার্তায় সারা পৃথিবীতে হৈ চৈ হতে বাধ্য। অবশ্য বেশ কিছুদিন আগে থেকেই কিছু নাম ব্যক্তি ও প্রতিষ্ঠান কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে। তবে অন্য মতও আছে। অনেকের মতে, এত আশঙ্কার কিছু নেই। সব মিলিয়ে একটা মিশ্র প্রতিক্রিয়া দেখা যাচ্ছে। কিন্তু এই কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যাপারটা কী? আর চ্যাট জিটিপি-ই বা কী? একে নিয়ে কেনই বা এত উদ্বেগ? এটা নিয়েই আজেকর আলোচনা।

**কৃত্রিম বুদ্ধিমত্তা কীঃ-** এমন অনেক কাজ আছে যেগুলো কম্পিউটার আমাদের থেকে অনেক তাড়াতাড়ি করতে পারে। এতে বুদ্ধির খুব একটা প্রয়োগ হয় না। যেমন খুব বড় গুণ-ভাগ কষা বা আয়-ব্যয়ের হিসাব করা। কিন্তু এমন কিছু সাধারণ কাজ আছে যা মানুষের ৷চট করে করতে বা বলতে পারে, কম্পিউটার সেখানে নিরুত্তর। কোনটা গরু আর কোনটা বিড়াল বা কোনটা কাক, দেখলেই আমরা বলে দিতে পারে। আবার রবিঠাকুর ও শরৎচন্ত্রের স্বাক্ষরের মধ্যে পার্থক্য বুঝতে পারি। এই ধরনের কাজগুলোকেই বুদ্ধিমত্তা বলা হয়। কম্পিউটারকে দিয়ে মানুষের বুদ্ধিমত্তার কাজগুলো যে প্রযুক্তির সাহায্যে আয়ও করানো হয় তার নামই কৃত্রিম বুদ্ধিমত্রা বা আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স, সংক্ষেপে এ আই। মোদ্দা কথা, এআই হচ্ছে কম্পিউটার দ্বারা প্রদর্শিত বুদ্ধি। এই পদ্ধতিতে মানুষের বুদ্ধিমত্তা ও চিন্তাশক্তিকে কম্পিউটার দ্বারা অনুকরণ করার চেষ্টা হয়ে থাকে। এই ক্ষেত্রে 'মেসিন লার্নিং' ও 'ডিপ লার্নিং' এর মতো বিশেষ ধরনের ভাষাগুলো কম্পিউটারকে মানুষের মতো ভাবতে সাহায্য করে । মেসিন তখন বুদ্ধিমত্তা দেখায়। এআই মানুষের যুক্তি, সমস্যা ও পরিকল্পনাগুলো উপলব্ধি করে তার সমাধান বাতলাতে পারে।

**এআই -এর উত্তরণ ঃ-** কৃত্রিম বুদ্ধিমত্তার অন্যতম জনকত হিসাবে যার নাম উচ্চারিত হয় তিনি হলেন আমেরিকান বিজ্ঞানী জন ম্যাকার্থি। তাঁর অন্যান্য সহযোগীরা ছিলেন হার্বাট এ সায়মম, মার্ভিন মিনস্কি, অ্যালেন নিউয়েল প্রমুখ বিজ্ঞানীরা। ১৯৫৬ সালে আমেরিকার ডারমাউথ কলেজের এক সম্মেলনে ড. ম্যাকার্থি প্রথম 'আর্টিফিসিয়াল ইনটেলিজন্স' কথাটা ব্যবহার করেন। সেই থেকে গুটি গুটি পায়ে এগিয়ে চলা কৃত্রিম বুদ্ধিমত্তা আজকের 'চ্যাট জিপিটি'তে এসে পৌঁছেছে।

কয়েক দশক ধরেই আমরা ধাপে ধাপে কৃত্রিম বুদ্ধিমত্তার উত্তরণ দেখতে পাচ্ছি। আমাদের দৈনন্দিন জীবনে এর প্রভাব আস্তে আস্তে বেড়ে চলেছে। গুগল ম্যাপের সাহায্য নিয়ে কোনও অজানা ঠিকানা খুঁজে পাচ্ছি। অনেকই-কামর্স সংস্থার ওয়েবসাইটে ঢুকলে এদের অ্যাসিস্ট্যান্ট আপনার কাছে সমস্যা জানতে চাইবে। আপনি কিছু লিখলেই সবই কৃত্রিম বুদ্ধিমত্তার নিদর্শন। এছাড়া এআই-এর কেরামতি দাবার বিশ্বচ্যাম্পিয়নকে হারিয়ে দিয়েছে, ড্রাইভার ছাড়া গাড়ি চালিয়েছে, রোগীর পুরনো ইতিহাস ঘেঁটে বর্তমানের রোগ সারিয়েছে। তাই আমাদের প্রতিদিনের জীবনে এআই প্রভাব বিস্তার করে চলেছে। সাম্প্রতিকালে কৃত্রিম বুদ্ধিমত্তার সবচেয়ে শক্তিশালী প্রয়োগ হচ্ছে 'চ্যাট জিপিটি'। ২০২২ সালের ৩০ নভেম্বর উদ্বোধন হওয়ার সঙ্গে সঙ্গে এই চ্যাট-জিপিটি সারা পৃথিবীতে বেশ হৈ চৈ ফেলে দিয়েছে। আগমনের মাত্র দু'মাসের মধ্যেই প্রায় ১০ কোটি মানুষ এটা বব্যহার করতে শুরু করেছে।

**চ্যাটি-জিপিটি কী? ঃ-** চ্যাট জেনারেটিভ প্রি-টেরেইনড ট্রান্সফর্মার বা সংক্ষেপে চ্যাট-জিপিটি হচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তার একটা 'চ্যাটবট' অর্থাৎ আলাপচারিতা করার মাধ্যম। এখানে আমাদের নানারকম প্রশ্নের জবাব নিয়ে সে হাজির। আমরা যেভাবে যে ফরম্যাটে চাইব, সে সেই ভাবেই উত্তর দেবে। বিশাল তথ্যভাণ্ডার রয়েছে এর কাছে। গুগল বা মাইক্রোসফট এজের মতো সার্চ ইঞ্জিনগুলোর কাছে কোনও অনুসন্ধান করতে গেলে তারা এই সম্বন্ধীয় লিঙ্কগুলো আমাদের কাছে হাজির করে। কিন্ত চ্যাট-জিপিটি সরাসরি উত্তর দিয়ে



দেয় যার সিংহভাগই সঠিক। এই কারণে এর জনপ্রিয়তা দিন দিন বেড়ে চলেছে।

**কারা বানালো ঃ-** আমেরিকার সানফ্রান্সিসকোর একটা সংস্থা 'ওপেন এআই', যার কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে নিরন্তর গবেষণা করছে তারাই চ্যাট-জিপিটির উদ্ভাবক। মাত্র আট বছর আগে তৈরি হওয়া এই সংস্থার অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন আমেরিকার ধনকুবের ইলম ম্যাস্ক। তিন বছর পরে অবশ্য মাস্ক এই কোম্পানি ত্যাগ করেন। এই কোম্পানির মূল লক্ষ্য হল নিরাপদ ও সুবিধাজনক কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি করা। এর আগে এরা জিপিটি-৩ নামে একটা অ্যাপ বানিয়েছিল যা কিনা প্রায় মানুষের মতো নানা রচনা ও প্রবন্ধ লিখতে পারত। এরপ এদের 'ডেল-ই' নামের অ্যাপ দেখা চ্যাট-জিপিটি তো দুনিয়াকে মাত করে দিয়েছে। ওপেন এআই -এর এইসব কর্মকাণ্ড দেখে পৃথিবীবিখ্যাত 'মাইক্রোসফট' কোম্পানি প্রায় কয়েকশো কোটি টাকা এখানে বিনিয়োগ করেছে।

**কী কী সুবিধা হবে ঃ** -চ্যাট-জিপিটি অনেক ক্ষেত্রে মানুষকে টেক্কা দিয়ে তার থেকে অনেক কম সময় ও ভালোভাবে কাজ সম্পন্ন করতে পারে। কয়েকটা উল্লেখযোগ্য ক্ষেত্র হল- **কাস্টমার পরিষেবা** -সকল ধরনের প্রশ্নোত্তর ও সমস্যার সমাধান এরা মানুষের থেকে তাড়াতাড়ি করতে পারবে। **লেখালেখি** - কোনও গল্প, কবিতা বা প্রবন্ধ লেখা, সারাংশ বানানো কিংবা অনুবাদ করা, সব ব্যাপারেই চ্যাট-জিপিটি সিদ্ধহস্ত। **সহকারী**- কোনও ব্যক্তিগত কাজ বা সময় কাটানোর জন্য ভার্চুয়াল সহকারী হিসাবে এরা দারুণ কাজ করে। কোনও বিষয়ে পরামর্শ দিতেও এরা পিছপাও হয় না। **স্বাস্থ্যসেবা** -এই ক্ষেত্রতে চ্যাট-জিপিটি বিরাট অবদান রাখতে পারবে। লাখ লাভ মানুষের তথ্য বিশ্লেষণ করে অতি অল্প সময়ের মধ্যে চিকিৎসকের থেকেও আরও বেশি কার্যকরী ওষুধ রোগীকে দিতে পারবে।

**উদ্বেগ কেন বাড়ছে** -চ্যাট-জিপিটির হাত ধরে কৃত্রিম বুদ্ধিমত্তার এই উত্তরণে যেমন অনেক মানুষ উৎসাহিত, তেমনি অনেকের মধ্যে শঙ্কা ও উদ্বেগ দেখা দিয়েছে। এই বছর (২০০৩) মার্চ মাসে বিশ্বের কিছু নামি ব্যক্তি ও প্রতিষ্ঠান একটা খোলা চিঠি প্রকাশ করেছেন। তাতে কৃত্রিম বুদ্ধিমত্তার গবেষণা বন্ধ রাখার আহ্বান জানানো হয়েছে। ওই চিঠিতে সই করেছেন টেসলা ও টুইটারের মালিক ইলন মাস্ক, অ্যাপল কোম্পানির অন্যতম প্রতিষ্ঠাতা স্টিভ ওজনিয়াক এবং আরও কিছু সম্মানীয় ব্যক্তি ও প্রতিষ্ঠান। তাঁরা সতর্ক করেছেন যে, কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে যে প্রতিযোগিতা চলছে তা একদিন নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তখন এআই মানুষের বুদ্ধির সঙ্গে লড়াই চালাবে এবং সমাজ ও মানবতার জন্য গুরুতর হুমকি হয়ে উঠতে পারে। এছাড়া নানা ভুয়ো খবর প্রচার করে আমাদের সমাজকে কলুষিত করতে পারে। তাঁদের আশঙ্কা, এআইয়ের জন্য প্রচুর মানুষ চাকরি হারাবেনয আন্তর্জাতিক ব্যাঙ্ক 'গোল্ডম্যান স্যাক্স' তার সাম্প্রতিক রিপোর্ট এই আশঙ্কাকে আরও শক্তিশালী করেছে। তাদের প্রতিবেদন বলছে ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তার কারণে প্রায় ৩০ কোটি মানুষ চাকরি হারাবেন বা চাকরি পাওয়া থেকে বঞ্চিত হবেন।

অন্যতমও আছে - তবে অনেক বিশেষজ্ঞ আবার এআই নিয়ে এই আশঙ্কাকে খুব একটা পাত্তা দিচ্ছেন না। 'ওপেন এআই' এর সিইও স্যাম অল্টম্যান তাঁদের মধ্যে একজন। ভবিষ্যতে অনেকের চাকরি ছাঁটাই হতে পারে একথা স্বীকার করেও মি অল্টম্যান বলেছেন যে এআই ছাপাখানার মতো শিল্পে পরিণত হতে পারে এবং ভবিষ্যতের অর্থনীতিতে কৃত্রিম বুদ্ধিমত্তার বড় ধরনের প্রভাব থাকবে। আমেরিকার সেনেটর জন হাওলে বলেছেন যে এআই একটা বৈপ্লবিক প্রযুক্তি যাকে পারমাণবিক বোমা আবিষ্কারের সঙ্গে তুলনা করা যায়। আবার অনেক বিশেষজ্ঞ বলছেন যে, নতুন প্রযুক্তি আসা মানেই খারাপ তা বলা যাবে না। যখন কম্পিউটার প্রথম প্রবেশ করে তখন অনেকের আশঙ্কা ছিল যে অফিস, ব্যাঙ্ক ইত্যাদি জায়গায় প্রচুর কাজ চলে যাবে। বাস্তবে কিছু হয়ত গেছে কিন্তু তার জায়গায় অনেক নতুন নতুন চাকরির ক্ষেত্র তৈরি হয়েছে।

**চ্যাটবটি তৈরির প্রতিযোগিতা**- এআই ভিত্তিক চ্যাটবট অর্থাৎ আলাপচারিতার অ্যাপ তৈরি করার প্রতিযোগিতায় বিশ্বের তাবড় তাবড় কোম্পানিগুলি ঝাঁপিয়ে পড়েছে। মাইক্রোসফট-ওপেন এআই এর চ্যাট-জিপিটির পাশাপাশি গুগল কোম্পানির 'বার্ড' নামক চ্যাটবটিও পরীক্ষামূলকভাবে চলছে। চিনা প্রযুক্তি কোম্পানি 'বাইদু'ও এক ধরনে চ্যাটবট আনবে বলে ঘোষণা করেছে। আর এক চিনা ই-কমার্স দৈত্য আলিবাবাও শীঘ্রই তাদের নিজস্ব চ্যাটবট চালু করবে। ফেসবুক-হোয়াটসঅ্যাপের মালিক মেটা ইতিমধ্যেই তাদের নিজেদের চ্যাটবট চালু করেছে যার নাম 'ব্লেন্ডার বট'।

কিন্তু কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি এই চ্যাটবট নিয়ে গুগল, মাইক্রোসফট, আলিবাবা, মেটা ইত্যাদি বড় বড় কোম্পানিগুলি এত উৎসাহিত কেন? কারণ এআই হচ্ছে আগামী দিনের প্রযুক্তি। তখন মানুষের দৈনন্দিন জীবনে কৃত্রিম বুদ্ধিমত্তার বিরাট প্রভাব থাকবে। বেশিরভাগ অনলাইনভিত্তিক পরিষেবা মানুষের বদলে এআই এর হাতে চলে যাবে। কোম্পানিগুলির বিরাট ব্যবসা ও বিরাট মুনাফা দুটোই হবে। কিন্তু কৃত্রিম বুদ্ধিমত্তার এই বাড়াবাড়ন্তে অনেক উন্নত দেশও প্রমাদ গুণছে। ভবিষ্যতে এদের ক্ষতিকর প্রভাব সমাজে যাতে না পড়ে সেই জন্য বিভিন্ন দেশ ইতিমধ্যে আইন বানাতে শুরু করে দিয়েছে। প্রথম ইউরোপীয় দেশ হিসাবে ইতালি চ্যাট-জিপিটি বন্ধ করে দিয়েছে। চিন ও আমেরিকা এক বছর আগেই এই ধরনের প্রযুক্তি নিয়ন্ত্রণ করার আইন পাশ করেছে। ইউরোপীয়ান ইউনিয়নও বসে নেই। তারা ও একটা কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ন্ত্রণের আইনের খসড়া বানিয়েছে। ব্রিটেনও এআই নিয়ন্ত্রণের দিকনির্দেশনা তৈরি করেছে। কিন্তু এখন দেখার যে ভবিষ্যতে কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ন্ত্রণে থাকবে, না আমাদের বুদ্ধিকেও ছাপিয়ে যাবে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# বিজ্ঞান প্রভাবিত করে ইতিহাসকে

সুজাতা মুখোপাধ্যায়

দক্ষিণ এশিয়ার ইতিহাস চর্চায় বিজ্ঞান, প্রযুক্তি, পরিবেশ ও চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস (হিস্ট্রি অব সায়েন্স, টেকনোলজি, এনভায়রনমেন্ট অ্যান্ড মেডিসিন সংক্ষেপে যাকে বলা হয় এইচআইএসটিইএম বা হিস্টেম) অতীতের এবং সমসাময়িক পর্বের সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রের পরিবর্তনকে নতুন আঙ্গিকে বুঝতে সাহায্য করেছে। ভারতের আধুনিক (এবং প্রাকআধুনিক) যুগের হিস্টেম-এর গবেষক ও চর্চাকারীরা বিগত কয়েক দশকের লেখালিখিতে প্রধানত তুলে ধরেছেন বিজ্ঞানের সামাজিক চরিত্র ও প্রকৃতি এবং সাংস্কৃতিক বহুমাত্রিকতার বৈশিষ্ট্য। তাঁদের আলোচনা থেকে স্পষ্ট হয়, ঔপনিবেশিক এবং উত্তর-ঔপনিবেশিক ভারতের রাজনীতি সমাজ ও সংস্কৃতির ইতিহাসের গভীরে ঢুকতে হলে তা হিস্টেম-কে বাদ দিয়ে আদৌ সম্ভব না।

সরকারি নীতির বিভিন্ন পর্যায়, জ্ঞানচর্চার প্রতিষ্ঠান স্থাপন, পেশাদারিত্বের বিকাশ ও স্তরবিন্যাস, জ্ঞান-বিজ্ঞানের প্রয়োগ ও বিস্তারে ভারতীয়দের এবং অ-ভারতীয়দের ভূমিকার স্বরূপ, জনস্বাস্থ্য বিষয়ক আইন ও পরিবেশ সংক্রান্ত নানা আইন ও বিধি নিষেধের প্রচলনের কাহিনি এই ইতিহাস চর্চার বিষয়বস্তু হিসাবে আমাদের জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করেছে। ব্রিটিশ ভারতের বিজ্ঞান প্রযুক্তি চিকিতাবিদ্যা ও পরিবেশের ক্ষেত্রে যে সমস্ত পরিবর্তন এসেছিল তাদের কী রকম দৃষ্টিভঙ্গি নিয়ে ব্যাখ্যা ও বিশ্লেষণ করা যথাযথ? ঔপনিবেশিক আমলকে কি ভারতে আধুনিক তথা পাশ্চাত্য বৈজ্ঞানিক কার্যকলাপের এবং আধুনিক ভারতের কারিগরি ও প্রযুক্তির বিকাশের খতিয়ান হিসাবে দেখাই যুক্তিযুক্ত? প্রাকব্রিটিশ পর্বের জ্ঞানজগতের সঙ্গে এর সম্পর্ক কী রকম ছিল? উপনিবেশিক বিজ্ঞান রাজনৈতিক ও সাংস্কৃতিক লক্ষ্যকে পূরণ করার ক্ষেত্রে কোন ভূমিকা নিয়েছিল? ভারতীয়রা কী ভাবে পাশ্চাত্য বিজ্ঞানকে গ্রহণ বা বর্জন করার কথা ভেবেছিলেন? স্বাধীনতা-পরবর্তী ভারতের ক্ষেত্রেই বা এ সব ক্ষেত্রে পরিলক্ষিত চিন্তাভাবনা ও কার্যকলাপের চরিত্র এবং তাতর্য কী রকম? এই সব অনুসন্ধানের ফলে উপনিবেশিক আমলে ভারতীয় সমাজের আধুনিকীকরণে বিজ্ঞানের সম্প্রসারণ কোন ভূমিকা ও কী ভাবে পালন করেছিল এবং স্বাধীন ভারতীয় রাষ্ট্র ও সমাজ, অর্থনীতি, সংস্কৃতির সঙ্গে বিজ্ঞান, প্রযুক্তি, পারিপার্শ্বিক পরিবেশের সম্পর্কের মূল্যায়নে সমাজবিজ্ঞানীদের চর্চা অভিনবত্ব অর্জন করেছে।

ভারতে হিস্টেম-চর্চার ক্ষেত্রে অন্যতম পথিকৃতজওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রথিতযশা অধ্যাপক দীপক কুমারের সম্মাননায় নিবেদিত, এবং বর্তমানে কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও দীপক কুমারের কৃতী ছাত্র সুভোব্রত সরকার সম্পাদিত এই আলোচিত গ্রন্থে সঙ্কলিত প্রবন্ধমালা এই বিষয়গুলোর অনুসন্ধানের ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করেছে। সব মিলিয়ে পনেরোটি প্রবন্ধকে সায়েন্স অ্যান্ড সোসাইটি, টেকনোলজি অ্যান্ড কালচার, এনভায়রনমেন্টাল ইস্যুজ এবং মেডিক্যাল এনকাউন্টারস, এই চার ভাগে সাজিয়ে পেশ করা হয়েছে। প্রথম অংশের অন্তর্গত তিনটি প্রবন্ধে তিন জন বিশিষ্ট ব্যক্তির কার্যকলাপের মূল্যায়ন করেছেন আলোচকরা।

উনিশ শতকের ভারতে উচ্চশিক্ষিত এলিট সমাজের একাংশের ঝোঁক ছিল পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞান আয়ত্ত করার মধ্য দিয়ে পেশাদারি বিজ্ঞানচর্চা এগিয়ে নিয়ে যাওয়া ও প্রতিষ্ঠা অর্জন। আবার অনেকে চেয়েছিলেন পাশ্চাত্য বিজ্ঞানচর্চাকে দেশীয় ভাষায় প্রচার করে জনসাধারণের মধ্যে তার প্রসার। প্রথম অংশের অন্যতম প্রতিনিধি ছিলেন ক্যালকাটা মেডিক্যাল কলেজের মেটেরিয়া মেডিকা-র অধ্যাপক, চিকিৎসাবিজ্ঞানে উচ্চতর পাঠ লাভের জন্য ইংল্যান্ডে যাওয়া প্রথম ভারতীয়, ডারউইনের ছাত্র ও প্রাণিবিজ্ঞানের অধ্যাপক রবার্টগ্রান্টের প্রিয় ছাত্র সূর্যকুমার গুডিভ চক্রবর্তী। তাঁকে নিয়ে আলোচনা করেছেন জন ম্যাথু।

দ্বিতীয় গোষ্ঠীর প্রতিনিধি বাংলার রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এবং মহারাষ্ট্রের বালাজি প্রভাকর মোদক। এঁদের অবদানের বিশিষ্টতাকে তাঁদের প্রবন্ধে তুলে ধরেছেন যথাক্রমে শান্তনু চক্রবর্তী ও অভিধা ধুমটকর। শিজু শ্যাম ভারুগিস তাঁর প্রবন্ধে দেখিয়েছেন স্বাধীনতার-পরবর্তী সময়ে কেরালা শাস্ত্র সাহিত্য পরিষদের মতো প্রতিষ্ঠান কী ভাবে পপুলার সায়েন্স মুভমেন্ট-এর মধ্য দিয়ে বিজ্ঞান চর্চার গণতন্ত্রীকরণের ক্ষেত্রে অবদান রেখেছিল। "প্রযুক্তির ইতিহাস" শিরোনামাঙ্কিত দ্বিতীয় ভাগে ওয়াই শ্রীনিবাস রাও মাদ্রাজে বিদ্যুতের আগমন ও তার সঙ্গে নগরায়ণের সম্পর্ক বিশ্লেষণ করে দেখিয়েছেন, কী ভাবে ১৮৯৫ থেকে ১৯৩০-এর মধ্যে বিদ্যুতবিলাসিতা থেকে প্রয়োজন হয়ে উঠল। সুভোব্রত সরকার তাঁর প্রবন্ধে ঔপনিবেশিক শাসনের সীমাবদ্ধতা কাটিয়ে ভারতের "এলিট" সম্প্রদায় কর্তৃক আধুনিক প্রযুক্তিজ্ঞান আয়ত্ত ও ব্যবহারের ক্ষেত্রে শিবপুর এঞ্জিনিয়ারিং কলেজের সংগ্রামের ইতিহাস তুলে ধরেছেন। আন্তর্জাতিক ক্ষেত্রে ব্রিটেনের জায়গায় আমেরিকার সুপারপাওয়ার হিসাবে উত্থান, জিয়োলজিক্যাল সার্ভে-র ভূমিকা ইত্যাদির প্রেক্ষাপটে কপিল সুব্রহ্মণ্যম আলোচনা করেছেন কী ভাবে বিশ শতকের মধ্যভাগে ভারতের সেচক্ষেত্রে নলকূপের ব্যবহার গুরুত্বপূর্ণ হয়ে উঠল, সবুজ বিপ্লবকেও তা কী ভাবে প্রভাবিত করেছিল। পরাধীন ভারতে এবং স্বাধীনতার পরে ভারতে খনিজ তেলের ব্যবহারের বিবর্তনের ক্ষেত্রে রণভূমি থেকে মানুষের ঘরে ঘরে তার প্রয়োজন ব্যাপকতা লাভ করার ইতিহাসের অনুসন্ধান করেছেন শরন্ধ্যা জৈন। চতুর্থ অংশে সাহারা আহমেদ মোটামুটি ভাবে ১৮৬০ থেকে ১৯৬০ পর্যন্ত বিস্তৃত কালপর্বে বাংলায় খনিজ শিল্পের বিকাশের আর্থ-সামাজিক, রাজনৈতিক তাতর্যের পাশাপাশি পরিবেশের উপরে তার প্রভাব নিয়ে গুরুত্বপূর্ণ অনুসন্ধান করেছেন। হিমাংশু উপাধ্যায় পশুচারণভূমি নিয়ে সরকারি নীতি ও উদ্ভিদবিজ্ঞানের ক্রিয়াকলাপ, ও নির্মল মাহাতো ১৮৯০ থেকে ১৯৬০-এর দশক পর্যন্ত পুরুলিয়ার পরিবেশের অবনতির বিষয়ে নতুন আলোকপাত করেছেন। চতুর্থ অংশের অন্তর্গত জয়ন্ত ভট্টাচার্যের প্রবন্ধে লিয়ো টলস্টয়-এর উপন্যাস দ্য ডেথ অব ইভান ইলিচ-এর প্রসঙ্গের উল্লেখ করে শরীর, অসুস্থতা ইত্যাদি বিষয়ে দার্শনিক ও নৈতিক প্রসঙ্গের আলোচনার বিস্তৃত প্রেক্ষাপটে আয়ুর্বেদ পদ্ধতির বিভিন্ন বিষয়ের বিশ্লেষণ করা হয়েছে। ঈশ্বর রাও তাঁর প্রবন্ধে বিশ শতকে মাদ্রাজ প্রেসিডেন্সি অঞ্চলে যক্ষ্মা রোগের ইতিহাসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন। ধ্রুব কুমার সিংহ হোমিয়োপ্যাথিক চিকিৎসা ব্যবস্থার প্রাতিষ্ঠানিক রূপের সামাজিক ইতিহাসকে তুলে ধরেছেন। শেষ প্রবন্ধকার রাধা গায়েত্রী দিল্লির সেন্ট স্টিফেন সকে মূল কেন্দ্র করে মেয়েদের স্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে মিশনারিদের অবদানের উপরে আলোকপাত করেছেন।

তথ্যনির্ভর, যুক্তিনিষ্ঠ, গবেষণাধর্মী, সুলিখিত প্রবন্ধগুলি হিস্টেম-চর্চায় নতুন ভাবনাচিন্তার রসদ জোগাবে। বিষয়ের অভিনবত্ব ও বহুমাত্রিকতা এই বইয়ের প্রশংসনীয় সম্পদ। বিস্তৃত গ্রন্থপঞ্জি এই বইয়ের আর একটি উল্লেখযোগ্য সম্পদ। সম্পাদকের সুচিন্তিত মূল্যবান ভূমিকা বইটির ঐশ্বর্য বৃদ্ধি করেছে। সূর্যকুমার গুডিভ সম্পর্কিত প্রবন্ধ চিকিতা বিষয়ক অংশের অন্তর্ভুক্ত করা যেত কি না এই প্রশ্ন উঠতে পারে, তবে তার ফলে বইয়ের সামগ্রিক মান কোনও ভাবে ক্ষুণ্ণ হয়েছে এ কথা বলা চলে না। দীপক কুমারের মতে, দু'টি পৃথক সংস্কৃতির (সায়েন্স ও হিউম্যানিটিজ) যদি "এপিস্টেমোলজিক্যাল রিইউনিফিকেশন" করার প্রয়োজন হয়, তবে বিজ্ঞান, প্রযুক্তি, পরিবেশ ও চিকিতাবিদ্যার ইতিহাস সেতু হিসাবে কাজ করবে। এই কথাকে স্বীকার করে নিয়ে নিঃসন্দেহে বলা চলে যে, সমাজবিজ্ঞানের অনুসন্ধিতু পাঠক, শিক্ষার্থী, গবেষক, বিজ্ঞানের সামাজিক ইতিহাসের চিন্তক এবং বিজ্ঞানের শিক্ষার্থী, শিক্ষক ও গবেষক এবং সাধারণ পড়ুয়াদের জন্য এই বই আকর্ষণীয় একটি প্রকাশনা।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# ডিব্রুগড়-সেকেন্দ্রাবাদের মধ্যে স্পেশাল ট্রেনের চলাচলের মেয়াদ বৃদ্ধি

## নিউ জলপাইগুড়ী ও হাওড়ার মধ্যে আরেকটি সুপারফাস্ট স্পেশাল ট্রেন



মালিগাঁও, ১২ মে, ২০২৪: যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে এক জোড়া স্পেশাল ট্রেন নং. ০৭০৪৬/০৭০৪৭ (সেকেন্দ্রাবাদ-ডিব্রুগড়-সেকেন্দ্রাবাদ)-এর পরিষেবা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই ট্রেনগুলি বিদ্যমান পরিষেবার দিন, সময়সূচি ও স্টপেজের সাথে চলাচল করবে। পাশাপাশি উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে হাওড়া ও নিউ জলপাইগুড়ীর মধ্যে সুপারফাস্ট সামার স্পেশাল ট্রেন পরিচালন করার সিদ্ধান্তও গ্রহণ করা হয়েছে। সুপারফাস্ট সামার স্পেশাল ট্রেন নং. ০২৩০৯/০২৩১০ (হাওড়া-নিউ জলপাইগুড়ী-হাওড়া) উভয় দিক থেকে সাতটি করে ট্রিপের জন্য চলাচল করবে।

ট্রেন নং. ০৭০৪৬ (সেকেন্দ্রাবাদ-ডিব্রুগড়) স্পেশালের পরিষেবা ২০ মে থেকে ২৪ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে, ট্রেনটি প্রত্যেক সোমবার করে চলাচল করবে। ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০৭০৪৭ (ডিব্রুগড়-সেকেন্দ্রাবাদ) স্পেশালের পরিষেবা ২৩ মে থেকে ২৭ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে, ট্রেনটি প্রত্যেক বৃহস্পতিবার করে চলাচল করবে। এই ট্রেনগুলির পরিষেবা সম্প্রসারণের ফলে সংশ্লিষ্ট রুটগুলির অন্যান্য ট্রেনের ওয়েটিং লিস্টের যাত্রীরা উপকৃত হবেন।

এছাড়াও, ট্রেন নং. ০২৩০৯ (হাওড়া-নিউ জলপাইগুড়ী) স্পেশাল ১৫, ২২, ২৯ মে এবং ০৫, ১২, ১৯, ২৬ জুন, ২০২৪ তারিখ, প্রত্যেক বুধবার ০৫.৫৫ ঘণ্টায় হাওড়া থেকে রওনা দিয়ে একই দিনে ১৩.২৫ ঘণ্টায় নিউ জলপাইগুড়ী পৌঁছবে। ফেরত যাত্রার সময় ট্রেন নং. ০২৩১০ (নিউ জলপাইগুড়ী-হাওড়া) স্পেশাল ১৫, ২২, ২৯ মে এবং ০৫, ১২, ১৯, ২৬ জুন, ২০২৪ তারিখ, প্রত্যেক বুধবার ১৫.০০ ঘণ্টায় নিউ জলপাইগুড়ী থেকে রওনা দিয়ে একই দিনে ২২.৩৫ ঘণ্টায় হাওড়া পৌঁছবে।

যাত্রীদের সুবিধার জন্য সুপারফাস্ট স্পেশাল ট্রেনে ১৩টি এসি চেয়ার কার কোচ থাকবে। এই সুপারফাস্ট ট্রেনটি উভয় পথে যাত্রার সময় ডানকুনি, বোলপুর শান্তিনিকেতন, মালদা টাউন, ও বারসোই রেলওয়ে স্টেশন হয়ে চলাচল করবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইট এবং উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মে পাওয়া যাবে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

## কালিয়াবর শিব মন্দিরে পরপর দু-রাতে দুঃসাহসিক চুরিকাণ্ড, লুট মূল্যবান জিনিসপত্র

কালিয়াবর (অসম), ১২ মে (হি.স.) : নগাঁও জেলার অন্তর্গত কালিয়াবরে অবস্থিত বিখ্যাত শিবমন্দিরে পরপর দু-রাতে চোরের দল হানা দিয়ে লুট করেছে মূল্যবান জিনিসপত্র। মন্দিরের সিসিটিভি ক্যামেরায় চুরির ঘটনা দৃশ্যবন্দি হয়েছে। পবিত্র শিবমন্দিরে পর পর দু রাতে সংগঠিত চুরির ঘটনায় ভক্তদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

সিসিটিভি ক্যামেরার ফুটেজে দেখা যাচ্ছে, একটি মোটর সাইকেলে দুই ব্যক্তি এসে মন্দিরে ঢুকছে। তাদেরই নাকি আজ রবিবার সকালে প্রকাশ্য দিবালোকে মন্দির প্রাঙ্গণে চক্কর কাটতে দেখা গেছে।

মন্দিরের পুরোহিত জানান, চোরের দল মন্দিরে পুজোর পিতল, তামা, কাঁসার বাসনপত্র, কাঁসর, বাইরে ঝোলানো ঘণ্টা, প্রণামীর বাক্স ভেঙে নগদ টাকা ইত্যাদি নানা সামগ্রী লুট করে নিয়ে গেছে।

এদিকে বিস্তারিত ঘটনা বর্ণনা করে চুরিকৃত সামগ্রী উদ্ধার এবং চোরের দলকে গ্রেফতার করতে কলিয়াবর থানায় লিখিত আবেদন জানিয়েছে শিবমন্দির পরিচলন সমিতি।

# মণিপুরের ভারত-মায়ানমার সীমান্তে নিষিদ্ধ দুই জঙ্গি সংগঠনের ব্যাপক বন্দুকযুদ্ধ, হত দুই, ঘয়েল নয়

ইমফল, ১২ মে (হি.স.) : মণিপুরের ভারত-মায়ানমার সীমান্তে 'কুকি ন্যাশনাল ফ্রন্ট-বার্মা' (কেএনএফ-বি) এবং 'পিপলস ডিফেন্স ফোর্স' (পিডিএফ)-এর সমন্বয়ে গঠিত এক গোষ্ঠীর সঙ্গে উত্তরপূর্ব ভিত্তিক আরেক জঙ্গি সংগঠনের ব্যাপক বন্দুকযুদ্ধে মৃত্যু হয়েছে দুজনের।

রাজ্য পুলিশের সদর দফতর সূত্রে জানা গেছে, ঘটনাটি শনিবার রাত প্রায় ১২:৪০ নাগাদ মণিপুরের কামজং জেলার প্রত্যন্ত গ্রাম এবং ভারত-মায়ানমার সীমান্তে পিলার নম্বর ৯০ ও ৯১-এর আশপাশে ঘটেছে। কামজং গ্রামে এ ধরনের ঘটনা গত কয়েকদিন ধরে সংঘটিত হচ্ছে। সংঘর্ষে কেএনএফ-বি এবং পিডিএফ-এর দুই ক্যাডার সহ উভয় পক্ষের নয়জন ঘায়েল হয়েছে বলেও খবরে প্রকাশ।

পিপলস ডিফেন্স ফোর্স (পিডিএফ) এবং কেএনএফ (বি)-এর ক্যাডারদের সমন্বয়ে গঠিত দল মায়ানমারের সাগাইং অঞ্চলের মায়োথিতে অবস্থিত উত্তর-পূর্বাঞ্চলীয় জঙ্গি গোষ্ঠীর একটি শিবিরে হামলা চালালে সংঘর্ষের সূত্রপাত ঘটে। রকেট চালিত গ্রেনেড (আরপিজি) এবং অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র ব্যবহার করে মায়ানমার ভিত্তিক কুকি জঙ্গিরা গত তিন দিন ধরে সংঘর্ষ চালিয়ে যাচ্ছে। তবে সংঘর্ষের সম্পূর্ণ বিবরণ দিতে পারছে না রাজ্য পুলিশ।

# সন্দেশখালিতে ফেরিঘাটের মালিককে বন্দুক দেখিয়ে ডাকাতি, ধৃত ১

সন্দেশখালি, ১২ মে (হি. স.) : সন্দেশখালির পিঁপড়াকালি ঘাটে ঘাট মালিককে আগ্নেয়াস্ত্র দেখিয়ে ডাকতির অভিযোগ স্থানীয় দুষ্কৃতীদের বিরুদ্ধে। এই ঘটনায় শনিবার রাতে এক দুষ্কৃতীকে গ্রেফতার করেছে পুলিশ। বাকিদের খোঁজে তল্লাশি চালাচ্ছে সন্দেশখালি থানা।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, শনিবার রাতে ফেরিঘাটে আগ্নেয়াস্ত্র দেখিয়ে মালিকের থেকে টাকা-পয়সা লুঠ করে। আরও অভিযোগ এক রাউন্ড গুলিও ছোড়ে দুষ্কৃতীরা। খবর পেয়ে রাতেই তদন্তে নামে সন্দেশখালি থানার পুলিশ। রাতেই একজনকে গ্রেফতারও করা হয়। শুক্রবার উদ্ধার হওয়া অস্ত্রের সঙ্গে এই ডাকাতির কোনও যোগ রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ।

প্রসঙ্গত, শুক্রবার রাতে কয়েকজন দুষ্কৃতী আগ্নেয়াস্ত্র নিয়ে সন্দেশখালির জেলিয়াখালির পিঁপড়াকালি ফেরিঘাট সংলগ্ন এলাকায় জড়ো হয়। দুষ্কৃতীদের হাতে থাকা ব্যাগে একটি ভাঙা বন্দুক ছিল। ওই দুষ্কৃতীরা ছিনতাই ও অসৎ কাজের উদ্দেশ্যে জড়ো হয়েছিল বলেই দাবি স্থানীয়দের। এলাকাবাসীরা তাদের তাড়া করে। পরিস্থিতি বেগতিক বুঝে ব্যাগে থাকা অস্ত্রশস্ত্র ফেলে পালিয়ে যায় তারা। স্থানীয়রা সেই বন্দুকটিকে উদ্ধার করে পুলিশের হাতে তুলে দেয়। সেই রেশ কাটতে না কাটতেই ডাকাতির অভিযোগ।

রবিবার সন্দেশখালির বিধায়ক সুকুমার মাহাতো বলেন, ''গতকাল রাতেয় কিছু দুষ্কৃতী আগ্নেয়াস্ত্র দেখিয়ে খেয়াঘাটের টাকা লুঠ করে। আমি শুনেছি তারা গুলিও চালিয়েছে। ঘটনার তীব্র প্রতিবাদ করছি। সন্দেশখালিতে যে পরিস্থিতি তৈরি হয়েছিল তা শান্ত হয়েছে। তবে কিছু দুষ্কৃতী নতুন করে ভয় দেখাচ্ছে। তাদের গ্রেফতারের দাবি করছি।''

## কোচবিহার পুরসভার বিরুদ্ধে একাধিক অভিযোগ, বনধের ডাক ব্যবসায়ী সমিতির

কোচবিহার, ১২ মে (হি. স.) : কোচবিহার পুরসভার বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ এনে ১৭ মে শুক্রবার কোচবিহার শহরে ২৪ ঘণ্টার ব্যবসা বনধের ডাক দিল ব্যবসায়ী সমিতি। বিষয়টি নিয়ে রবিবার সমিতির পক্ষ থেকে সাংবাদিক সম্মেলন করা হয়।

সমিতির সভাপতি মতিলাল জৈন জানান, তাঁরা পুরসভাকে সমস্যা সমাধানে স্মারকলিপি দিয়েছিলেন। কিন্তু পুরসভা কোনও সঠিক পদক্ষেপ নেয়নি। তাই তাঁরা প্রতীকী ব্যবসা বন্ধ রেখে আন্দোলনে নামছেন। এরপরেও সমস্যা না মিটলে বৃহত্তর আন্দোলন শুরু হবে বলে জানান তিনি। জানা গিয়েছে, মূলত সাতটি দাবিকে সামনে রেখে এই ব্যবসা বনধের ডাক দেওয়া হয়েছে। তারমধ্যে পৌরসভার স্থলের নাম পরিবর্তন, নতুন নির্দেশিকা প্রত্যাহার, বাজার সংস্কার, বর্ধিত ট্রেড লাইসেন্স ফি কমানো সহ প্রভৃতি রয়েছে।

# বিজেপি ছাড়া কেউ দেশে সরকার গড়তে পারবে না : চুঁচুড়ার সভা থেকে মোদী

চুঁচুড়া, ১২ মে (হি.স.) : 'বিজেপি ছাড়া কেউ দেশে সরকার গড়তে পারবে না।' রবিবার হুগলির চুঁচুড়ায় লকেট চট্টোপাধ্যায়ের সমর্থনে প্রচার সভায় এসে এমনটাই মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এছাড়াও তিনি বলেন, 'রাম মন্দির তৈরি হয়েছে বলে তৃণমূল রেগে গিয়েছে।'' এবারের নির্বাচনে কংগ্রেস এবং তৃণমূল কত আসন পাবে, তা নিয়েও ভবিষ্যদ্বাণী করেছেন মোদী। এদিন রাহুল গান্ধিকে কটাক্ষ করে মোদী বলেন, 'কংগ্রেসের যে শাহজাদা আছেন, তাঁর বয়সের চেয়ে কম আসন পাবে কংগ্রেস। আর তৃণমূলের তো প্রধান বিরোধী দল হওয়ারও ক্ষমতা নেই।' তৃণমূলকে কটাক্ষ করে মোদী বলেন, 'রাম মন্দির তৈরি হয়েছে বলেও তৃণমূল রেগে গিয়েছে। রাম মন্দির তৈরি হয়েছে বলে ওদের ঘুম উড়ে গিয়েছে। যা খুশি তাই বলছে। পাঁচশো বছর ধরে এই মন্দিরের জন্য আমাদের পূর্বপুরুষেরা সংঘর্ষ করেছেন। ওঁদের ত্যাগকে অপমান করবেন না। ভগবান রামকে বর্জন-এটা বাংলার সংস্কৃতি নয়। মা মাটি মানুষের পার্টি ভোটব্যাংকের জন্য বাংলার অপমান করছে।' দুর্নীতি প্রসঙ্গে মোদীর কটাক্ষ, 'বাংলার যুবদের ভবিষ্যৎ বেচে দিয়েছে। মা-বাবাদের স্বপ্ন বেচে দিয়েছে। এই সরকারে মন্ত্রীরা জেল খাটছেন। বাড়ি থেকে নোটের পাহাড় বেরোচ্ছে। আপনারা সাজা দেবেন না ওদের?' সন্দেশখালি প্রসঙ্গে মোদী বলেন, 'সন্দেশখালিতে কী হচ্ছে, সারা দেশ দেখছে। সব রকম চেষ্টা করছে তৃণমূল। কিন্তু আমি গ্যারান্টি দিচ্ছি, কোনও অত্যাচারী বাঁচবে না।' তাঁর কথায়, 'তৃণমূলের কাজ হল গন্ডগোল এবং জমি দখল করা। 'হর ঘর জল' আর তৃণমূল বলে 'হর ঘর বোম'। এখানে জীবন মুশকিল হয়ে গিয়েছে।'

## উত্তর প্রদেশের জনসভা থেকে মণিশঙ্কর, ফারুককে নিশানা শাহের

লখনউ, ১২ মে (হি. স.) : পাকিস্তানের পরমাণু বোমা আছে বলেই কি ভারত, পাক অধিকৃত কাশ্মীরের দাবি ছেড়ে দেবে? উত্তর প্রদেশের এক নির্বাচনী জনসভা থেকে প্রশ্ন ছুঁড়ে দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

উল্লেখ্য, এর আগে কংগ্রেস নেতা মণিশঙ্কর আইয়ার পাকিস্তানের হাতে পরমাণু বোমা আছে বলে সতর্ক করেছিলেন। ন্যাশনাল কনফারেন্স নেতা ফারুক আবদুল্লাও পাক অধিকৃত কাশ্মীর পুনরুদ্ধারের প্রসঙ্গে পাকিস্তানের পরমাণু বোমা নিয়ে সতর্ক করেছিলেন। এদিন একসঙ্গে দুই নেতাকেই একহাত নেন অমিত শাহ। কৌশাম্বী লোকসভা আসনের বিজেপি প্রার্থীর সমর্থনে আয়োজিত নির্বাচনী সভায় শাহ বলেন, মণিশঙ্কর আইয়ার এবং ফারুক আবদুল্লাহ বলেছেন, পাকিস্তানকে সম্মান করতে হবে। কারণ তাদের কাছে পরমাণু বোমা আছে। পাকিস্তান অধিকৃত কাশ্মীর ফেরত চাইবেন না। রাহুল বাবা, আপনি পরমাণু বোমাকে ভয় পেতে চাইলে ভয় পান। কিন্তু, আমরা ভয় পাই না। পাকিস্তান অধিকৃত কাশ্মীর ভারতেরই।

# দুই বছরও টিকবে না তৃণমূল সরকার, দাবি সূর্যকান্ত মিশ্রের

পান্ডুয়া, ১২ মে (হি.স.) : এবার বিজেপি নেতাদের পথে হেঁটে তৃণমূল সরকার পড়ে যাওয়ার সময় বেঁধে দিলেন সিপিএমের পলিটব্যুরোর সদস্য সূর্যকান্ত মিশ্র। তাঁর বক্তব্য, দুই বছরও টিকবে না মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। সূর্যকান্তের এই বক্তব্য নিয়ে পালটা দিতে ছাড়েনি তৃণমূল। হুগলি লোকসভা কেন্দ্রের সিপিএম প্রার্থী মনোদীপ ঘোষের সমর্থনে পান্ডুয়ায় প্রচারে গিয়েছিলেন সূর্যকান্ত মিশ্র। প্রচারে গিয়ে বিজেপি এবং তৃণমূল কংগ্রেসকে তুলোধোনা করেন এই সিপিএম নেতা। সূর্যকান্ত মমতাকে আক্রমণ করে বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় কালীঘাটে যেখানে আছেন সেখানে একদিন মানুষ ঘেরাও করবে। উনি অনেকের টাকা লুট করেছেন। যাকে তাকে ধরছেন। অথচ যারা মাথা তাদেরকে ধরছে না। মানুষ সব বুঝতে পেরেছে'। এদিন তিনি আরও বলেন, 'দু'বছর পর বিধানসভা নির্বাচন। এতদিন পর্যন্ত তৃণমূলের সরকার টিকবে না। তাঁর কটাক্ষ, কদিন আগে মমতা রাজভবনে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেছেন। আর বেরিয়ে এসে বললেন গল্প করেছেন।' তাঁর স্পষ্ট বক্তব্য, এই রাজ্যে তৃণমূল-বিজেপি আঁতাত রয়েছে। প্রসঙ্গত, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বরাবরই দাবি করে আসছেন বিধানসভা ভোটের আগেই সরকার পড়ে যাবে। তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়ও চলতি বছরের ডিসেম্বর পর্যন্ত সময়সীমা বেঁধে দিয়েছিলেন। আর এবার সেই পথেই হেঁটে তৃণমূল সরকার পড়ে যাওয়ার সময় বেঁধে দিলেন সিপিএমের পলিটব্যুরোর সদস্য সূর্যকান্ত মিশ্র।

## ক্ষমতায় এলে গরিবদের বিনামূল্যে বিদ্যুৎ: কেজরিওয়াল

নয়াদিল্লি, ১২ মে (হি. স.): অন্তর্বর্তী জামিনে জেল থেকে ছাড়া পেয়ে বড় ঘোষণা করলেন আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। রবিবার দুপুরে দিল্লিতে সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী কেজরিওয়াল ঘোষণা করলেন, ইন্ডি জোট ক্ষমতায় এলে দেশের সব গরীব মানুষদের বিনামূল্য ২০০ ইউনিট বিদ্যুৎ দেওয়া হবে। কেজরিওয়াল জানিয়েছেন, জেলে থাকায় তিনি এই বিষয়ে এর আগে ইন্ডি জোটের বাকি নেতাদের সঙ্গে আলোচনার সুযোগ পাননি।

তিনি জানান, দেশের বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলিতে ৩ লক্ষ মেগা ওয়াট বিদ্যুত উৎপাদনের ক্ষমতা আছে। সেখানে দেশে বিদ্যুতের ব্যবহার হয় ২ লক্ষ মেগাওয়াট। আমাদের দেশে বিদ্যুতের জোগান চাহিদার থেকে বেশি। আমরা দিল্লি ও পঞ্জাবে বিনামূল্যে বিদ্যুৎ দিচ্ছি। সেই মডেলেই ক্ষমতা এলে গোটা দেশে এবার আমরা গরিব মানুষদের বিনামূল্যে বিদ্যুৎ দেবো।

## কেজরিওয়াল ক্ষমতার ভক্ত: গিরিরাজ সিং

পাটনা, ১২ মে (হি. স.): অন্তর্বর্তী জামিন পাওয়ার পর জেল থেকে বেরিয়েই কেন্দ্রের বিরুদ্ধে একের পর এক তোপ দাগছেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। কেজরিওয়ালের সেইসব বক্তব্যের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মন্ত্রী তথা বেগুসরাইয়ের বিজেপি প্রার্থী গিরিরাজ সিং বলেন, কেজরিওয়াল ভয় পেয়েছেন এবং সবেমাত্র জেল থেকে প্যারোলে বেরিয়েছেন। অরবিন্দ কেজরিওয়াল আসলে এমন এক ব্যক্তির যার কথার ঠিক নেই।

গিরিরাজ বলেন, যখন রাম মন্দির নিয়ে বিতর্ক হয়েছিল, তখন কেজরিওয়াল বলতেন ওখানে আমি যাব না, কিন্তু তারপরে তিনি রামভক্ত হয়ে গেলেন। আসলে তিনি রামভক্ত বা হনুমান ভক্ত নন, তিনি ক্ষমতার ভক্ত। তিনি আরও বলেন যে, কেজরিওয়ালের প্রধানমন্ত্রীকে পরামর্শ দেওয়ার দরকার নেই। যতদিন দেশের মানুষ প্রধানমন্ত্রী মোদীকে চান, ততদিন তিনি দেশকে দিশা দেখাবেন, ২০২৯ সালের পরেও দেশের মানুষ চাইলে নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী থাকবেন।

## হরিশপুরে ভোটারদের কাছে আশীর্বাদ চাইলেন ঘাটাল লোকসভার তৃণমূল প্রার্থী দীপক অধিকারী

মেদিনীপুর, ১২ মে (হি. স.) : নির্বাচনী সভামঞ্চে দাঁড়িয়ে ঘাটালের হরিশপুর এলাকার ভোটারদের কাছে আশীর্বাদ চাইলেন ঘাটাল লোকসভার তৃণমূল প্রার্থী দীপক অধিকারী। দেব বলেন, "আমি ভোট চাইতে আসিনি, আমি আশীর্বাদে চাইতে এসেছি, নির্বাচনে হার জিত হতেই পারে। জীবনে বড় হতে গেলে চাই মানুষের আশীর্বাদ। মানুষের আশীর্বাদ যদি মাথার উপর থাকে তাহলে নির্বাচনে কেন জীবনে সব কিছুতেই জয়ী হয়ে যাব।"

তিনি আরও বলেন, "যদি আপনাদের মনে হয় এই ভাইটা ঠিকঠাক কাজ করতে পেরেছে, তাহলে কাকে নির্বাচনে জয়ী করতে হবেন। যদি মনে হয় দেব ভালো সৎভাবে কাজ করেছে, তাহলেই ভোটটা দেবেন। কে আপনাদের কথা ভেবেছে, কার কথাবার্তা কেমন তার উপরই ভোটটা দেবেন।" রবিবার সকাল থেকে ঘাটালে বিভিন্ন এলাকায় প্রচারে বেরিয়ে এমনই বার্তা দিলেন ঘাটাল লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী দেব। সকাল থেকে ঘাটালের প্রতাপপুর, হরিসিংপুর, হরিশপুর, রত্নেশ্বরবাটি সহ বিভিন্ন এলাকাই কখনও হেঁটে রোড শো, কখনও নির্বাচনী সভা জনসংযোগ বাড়িয়েছেন দেব।

# রাতাবাড়ি ও রামকৃষ্ণনগর পুলিশের পৃথক অভিযানে ড্রাগস সমেত ধৃত দুই

করিমগঞ্জ (অসম), ১২ মে (হি.স.) : করিমগঞ্জ জেলার অন্তর্গত রাতাবাড়ি এবং রামকৃষ্ণনগর থানার পৃখক পৃথক অভিযানে উদ্ধার হয়েছে সন্দেহজনক হেরোইন। এর সঙ্গে দুই মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে।

আজ রবিবার জেলা পুলিশের সদর দফতর সূত্রে জানা গেছে, গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শনিবার রাতে রাতাবাড়ি থানার পুলিশ ছাগিখাউরি এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তার লুঙ্গির ভাঁজ থেকে কয়েকটি কৌটায় ১৩১ গ্রাম সন্দেহজনক হেরোইন উদ্ধার করে। ধৃত ব্যক্তিকে পাথারকান্দি থানাধীন বিলবাড়ি গ্রামের প্রয়াত আবদুল করিমের বছর ৩৬-এর ছেলে সাব্বির আহমেদ বলে পরিচয় পাওয়া গেছে। এছাড়া গতকাল রাতেই রামকৃষ্ণনগর থানার পুলিশ পৃথক অভিযান চালায় ইছাখাউরি গ্রামে। ইছাখাউরি গ্রামে অভিযান চালিয়ে কুখ্যারত ময়নুল হক ওরফে ময়নাকে আটক করে তার ঘরে তালাশি চালিয়ে একটি সাবানের কেস থেকে লক্ষাধিক টাকার ড্রাগস বাজেয়াপ্ত করে রামকৃষ্ণনগর পুলিশের অভিযানকারী দল।

## কোচবিহারের ভরতবাংলাদেশ সীমান্তে আটক বাংলাদেশি

কোচবিহার, ১২ মে (হি.স.) : কোচবিহারের ভারত-বাংলাদেশ সীমান্তে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে ধৃত এক বাংলাদেশি নাগরিক। আটক বাংলাদেশি নাগরিকের নাম মোহাম্মদ খায়রুল ইসলাম (৪২)। রবিবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে।

তথ্যমতে, বাংলাদেশি নাগরিক মোহাম্মদ খায়রুল ইসলাম অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে সীমান্ত অতিক্রম করার চেষ্টা করার সময় বিএসএফ জওয়ানদের হাতে ধরা পড়ে। তল্লাশি করে তার কাছ থেকে ১৪, ৫০০ ভারতীয় রুপি এবং একটি মোবাইল ফোন উদ্ধার করা হয়। ধৃত বাংলাদেশী নাগরিকের বাজেয়াপ্ত সামগ্রী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য কুচলিবাড়ী থানায় হস্তান্তর করেছে বিএসএফ।

## বাংলায় গতবারের সাফল্যকেও এবার ছাপিয়ে যাবে বিজেপি: মোদী

ভাটপাড়া, ১২ মে (হি. স.): বাংলায় এবার অন্যরকম পরিস্থিতি, গতবারের সাফল্যকে ছাপিয়ে যাবে বিজেপি। রবিবার ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অর্জুন সিংয়ের সমর্থনে ভাটপাড়ার সভা থেকে এমনটাই দাবি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

আগামী ২০ মে পঞ্চমদফায় ভোট রয়েছে ব্যারাকপুরে। মোদীর কথায়, পূর্ব ভারতের গুরুত্বপূর্ণ রাজ্য বাংলা। এখানে এবার অন্যরকম পরিস্থিতি। গতবারের সাফল্যকে ছাপিয়ে যাবে বিজেপি।

উল্লেখ্য, ২০১৯ এর লোকসভা ভোটে বাংলা থেকে ১৮টি আসনে জয়ী হয়েছিল বিজেপি। গতমাসে বারাসতে নির্বাচনী সভা থেকে মোদী বলেছিলেন, ৪২-এ ৪২ চাই। এদিন অবশ্য সরাসরি কোনও সংখ্যার উল্লেখ করেননি প্রধানমন্ত্রী। তবে তৃণমূল, কংগ্রেস এবং সিপিএমকে একযোগে কটাক্ষ করেছেন। সঙ্গে আশাপ্রকাশ করেছেন বাংলায় গতবারের নির্বাচনী সাফল্যকে ছাপিয়ে যাওয়ার।

## উত্তর-পশ্চিমের রাজ্যগুলিতে ঝড়-বৃষ্টির পূর্বাভাস

নয়াদিল্লি, ১২ মে (হি. স.): দেশের বেশ কয়েকটি রাজ্যে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে মৌসম ভবন। শুধু তাই-ই নয়, কিছু রাজ্যে আবার ঝড়েরও পূর্বাভাস দেওয়া হয়েছে।

মৌসম ভবন জানিয়েছে, সোমবার ঝড় এবং বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে হরিয়ানা, পঞ্জাব এবং উত্তরপ্রদেশে। অন্য দিকে, রবিবার রাজস্থানে এবং মঙ্গলবার পর্যন্ত উপকূলীয় গুজরাতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তরাখণ্ড, মধ্য মহারাষ্ট্র এবং পশ্চিম মধ্যপ্রদেশে আবার ঝড়ের সঙ্গে শিলাবৃষ্টি হতে পারে বলেও সতর্কবার্তা দিয়েছে মৌসম ভবন।

পশ্চিম রাজস্থান এবং তার আশপাশে একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে। আবার উত্তর বিহারের উপর একটি ঘূর্ণাবর্ত সৃষ্টি হয়েছে। যার জেরে এই সব অঞ্চলে বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

## কাশ্মীরে যৌথ অভিযানে সাফল্য, হেফাজতে জঙ্গি

শ্রীনগর, ১২ মে (হি. স.): তল্লাশি অভিযান চালিয়ে রবিবার সকালে কাশ্মীর থেকে এক সন্ত্রাসবাদীকে গ্রেফতার করল জম্মু ও কাশ্মীর পুলিশ। এই অভিযানে পুলিশের সঙ্গে ছিল সিআরপিএফের একটি বিশেষ দল এবং ভারতীয় সেনা। জানা গিয়েছে যে ওই সন্ত্রাসবাদীর থেকে বন্দুক, গুলি এবং আরও অন্যান্য অস্ত্র উদ্ধার করা হয়েছে।

# ভাটপাড়ার সভা থেকে বাংলাকে পাঁচ গ্যারান্টি মোদীর

ভাটপাড়া, ১২ মে (হি. স.): রবিবার ব্যারাকপুরে পদ্ম প্রার্থী অর্জুন সিংয়ের সমর্থনে প্রচারে এসে বাংলাকে পাঁচটি গ্যারান্টির কথা শোনালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

ভাটপাড়ার জনসভা থেকে প্রধানমন্ত্রী মোদী তাঁর গ্যারান্টি দিয়ে বলেন, বাংলাকে আমি ৫টি গ্যারান্টি দিতে চাই। প্রথম গ্যারান্টি হল ধর্মের ভিত্তিতে কোনও সংক্ষণ প্রদান করা হবে না। দ্বিতীয় গ্যারান্টি হল, যতদিন মোদী থাকবে, ততদিন তফসিলি জনজাতির সংরক্ষণ কেউ শেষ করতে পারবে না।

তৃতীয় রামনবমী পালন এবং রাম পুজোয় কেউ বাধা দিতে পারবে না। চতুর্থ গ্যারান্টি হল, যতদিন মোদী থাকবে, ততদিন রামমন্দিরে সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত কেউ বদলাতে পারবে না। আর পঞ্চম গ্যারান্টি হল কেউ সিএএ বাতিল করতে পারবে না। আর মোদীর গ্যারান্টি হল গ্যারান্টি পূরণের গ্যারান্টি।

সিএএ নিয়ে বিরোধীদের দুষে এদিন মোদী বলেন, এই আইন নির্যাতিত শরণার্থীদের নাগরিকত্ব দেওয়ার আইন। এতে কারও নাগরিকত্ব যাবে না। কিন্তু কংগ্রেস-তৃণমূলের মতো দল এটা নিয়ে মিথ্যে কথা বলছে। এরা মতুয়াদের, নমশুদ্রদের নাগরিকত্ব দেওয়ার বিরোধী।

## রাহুলের যা বয়স, তার থেকেও কম আসন পাবে কংগ্রেস: হুগলি থেকে ভবিষ্যদ্বাণী মোদীর

চুঁচুড়া, ১২ মে (হি. স.): রবিবার চুঁচুড়ায় বিজেপি প্রার্থী লকেট চ্যাটার্জির সমর্থনে প্রচার করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেই সভা থেকেই তিনি ভবিষ্যদ্বাণী করলেন এবারে কংগ্রেস কত আসন পেতে চলেছে। তিনি এদিন বলেন, শাহজাদার যা বয়স তার থেকেও কম আসন পাবে কংগ্রেস। বিজেপি ও এনডিএ ৪০০ আসন পার করবেই বলে দৃঢ়তার সঙ্গে বলেন তিনি। বিগত তিন দফার ভোটে বিজেপি অভূতপূর্ব সমর্থন পেয়েছে বলেও জানান তিনি। বলেন, আমার উত্তরাধিকারি দেশবাসীদের বিকশিত ভারত উপহার দিতে চাই। মোদী আরও বলেন, ৪০০ পার এখন আর স্লোগান নয়, কোটি কোটি মানুষের সংকল্প হয়ে উঠেছে।

## অভিযুক্তের নাম শেখ শাহজাহান বলে তৃণমূল ওকে বাঁচাতে ব্যস্ত: মোদী

ভাটপাড়া, ১২ মে (হি. স.): সন্দেশখালির নির্যাতনকারীর নাম শেখ শাহজাহান বলে তৃণমূল ওকে বাঁচাতে উঠে - পড়ে লেগেছে। ব্যারাকপুরের নির্বাচনী প্রচারসভা থেকে ফের এই ইস্যুতে তৃণমূলকে আক্রমণ শানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের মা - বোনেদের ওপরে তৃণমূল সরকারের কুশাসনের খুব খারাপ প্রভাব পড়েছে। সন্দেশখালিতে কী হচ্ছে তা সারা দেশ দেখছে। সন্দেশখালির দোষীদের প্রথমে তৃণমূলের পুলিশ বাঁচিয়েছে। এখন তৃণমূল একটা নতুন খেলা শুরু করেছে। তৃণমূলের গুন্ডারা সন্দেশখালির বোনেদের ভয় দেখাচ্ছে, হুমকি দিচ্ছে, শুধুমাত্র এইজন্য যে নির্যাতনকারীর নাম শাহজাহান শেখ।

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## শারীরিক ক্লান্তির পিছনে মূলত পুষ্টির অভাব

ঘুম থেকে ওঠার পরও চোখ জুড়িয়ে আসে ঘুমে। এই ধরনের শারীরিক ক্লান্তির পিছনে মূলত পুষ্টির অভাবই থাকে। কিন্তু অনেক সময় ব্রেকফাস্ট খাওয়ার পরও চোখের পাতায় ঘুম নেমে আসে। ব্রেকফাস্ট পেট ভরানোর পাশাপাশি কাজে এনার্জি জোগাতে সাহায্য করে। তাই পুষ্টিবিদরা সবসময় সকালের জলখাবারের উপর বেশি জোর দেন। কিন্তু ব্রেকফাস্ট সেরে নেওয়ার পরও কাজ করার এনার্জি আসে না, অথচ ঘুম চলে আসে। এমনটা কেন হয় জানেন? চলুন জেনে নেওয়া যাক।



রক্তে শর্করার মাত্রা

দীর্ঘক্ষণ খালি পেটে থাকার পর ব্রেকফাস্ট খেলে রক্তে শর্করার মাত্রার উপর প্রভাব পড়ে। বেশিরভাগ মানুষ সকালের জলখাবারে সিরিয়াল, পাউরুটি, কর্নফ্লেক্স খান। এতে কার্বোহাইড্রেটেড ও সুগারের মাত্রা বেশি থাকে। এগুলো রক্তনালিতে প্রবেশ করে এবং গ্লুকোজে ভেঙে যায়। তাই ব্রেকফাস্ট খাওয়ার পরই রক্তে শর্করার মাত্রা বেড়ে যায়। এই সুগার লেভেল বেড়ে যাওয়াতেই শরীরে ক্লান্তি তৈরি হয়। এতেই ঘুম পায়। এই সমস্যা এড়াতে ব্রেকফাস্টে ফাইবার সমৃদ্ধ খাবার রাখুন।

ব্রেকফাস্টে কী খাচ্ছেন যতটা গুরুত্বপূর্ণ, কতটা পরিমাণে খাচ্ছেন সেটাও জরুরি। অতিরিক্ত পরিমাণে খাবার খাওয়া কখনওই স্বাস্থ্যকর নয়। এমনকী স্বাস্থ্যকর খাবার হলেও তা বেশি পরিমাণে খাওয়া উচিত নয়। ব্যালেন্স ডায়েট ভীষণ গুরুত্বপূর্ণ। তাই পরিমাণে বুঝে সকালের জলখাবার খান। এতে আপনার ব্রেকফাস্টের পর ঘুম পাবে না। সঠিক খাবার বেছে নিন সকালের জলখাবার খাওয়ার পর ঘুম যদি এড়াতে চান, তাহলে সঠিক খাবার বেছে নিন। এমন কোনও খাবার খাবেন না, যার মধ্যে চিনির পরিমাণ বেশি এবং পুষ্টির পরিমাণ কম। খাবারে যদি পুষ্টির পরিমাণ কম থাকে, তাহলে কাজ করার এনার্জি পাবেন না। তার উপর তৈরি হবে ক্লান্তি। ব্রেকফাস্টে প্রোটিন সমৃদ্ধ খাবার রাখুন। প্রোটিন ক্লান্তি দূর করতে সাহায্য করে। পাশাপাশি আপনাকে এনার্জেটিক করে তোলে। হাইড্রেটেড থাকুন ঘুমের মধ্যে বারবার উঠে জল খাওয়া সম্ভব নয়। তাই দীর্ঘ ৭-৮ ঘণ্টার ব্যবধান তৈরি হয়ে যায়। এতে শরীর ডিহাইড্রেটেড হয়ে যাওয়ার সম্ভাবনা বেশি। আর সকালে ঘুম থেকে উঠেও পর্যাপ্ত পরিমাণে জল পান করা হয় না। এতেই দেহে ক্লান্তি তৈরি হয়। এক্ষেত্রে আপনি ব্রেকফাস্টের সময় প্রচুর পরিমাণে জল পান করুন। এতে শরীর হাইড্রেটেড থাকবে এবং ঘুম পাবে না।

## ব্যাচেলরদের জন্য দারুণ রেসিপি

যাঁরা হোস্টেল-পিজিতে থাকেন তাঁদের জন্য রান্না বেশ ঝক্কির কাজ। একে বাড়ির বাইরে থাকা আর তার উপর নিজের খাবারের জোগাড় নিজেকেই করে নিতে হয়। বাড়িতে মা যেভাবে খেতে দেন সেইভাবে গুঠিয়ে আর কেউই খেতে দিতে পারেন না। নিজে রান্না করলে কোনও মতে পেট ভরানোর রান্না করা হয়। ভাত,ডাল, ডিম সেদ্ধ, ডিমের ঝোল, ওমলেট আর চিকেন-প্রাথমিক ভাবে এগুলো সবাই বানাতে পারেন।

রান্নার ঝামেলা কমাতে আজ তাই থাকল ব্যাচেলরদের জন্য দারুণ একটি রেসিপি। এভাবে বানালে সময় তো কম লাগবেই আর প্রোটিনে ভরপুর দারুণ কিছু রান্নাও তৈরি হবে। মুসুর ডাল আর ডিম এই দুই এর মধ্যে অনেকটা পরিমাণে প্রোটিন থাকে। আর তাই এভাবে যদি একসঙ্গে বানিয়ে নিতে পারেন তাহলে গরম ভাতে তৃপ্তি করে খাবেন। ডিম সেদ্ধ করে খোসা ছাড়িয়ে গায়ে ছুরি দিয়ে কাট করে নিতে হবে। এবার তেলের মধ্যে নুন, হলুদ আর লঙ্কাগুঁড়ো দিয়ে ডিম হালকা করে ভেজে নিতে হবে। আলু ডুমো ডুমো করে কেটে রাখুন। কড়াইতে সেই নুন-হলুদ দিয়ে আলুর টুকরোগুলো দিয়ে ভেজে তুলে রাখতে হবে। ডিম-আলু ভাজা হলে কড়াইতে যে অবশিষ্ট তেল থাকছে ওই তেলে প্রথমে গোটা জিরে আর শুকনো লঙ্কা ফোড়ন দিতে হবে। ভাল করে ভেজে নিয়ে পেঁয়াজ কুচি, আদা রসুন বাটা দিয়ে আবারও ভেজে নিতে হবে।

এবার এতে সামান্য হলুদ, লঙ্কা গুঁড়ো, টমেটো লম্বা লম্বা করে কাটা, নুন মিশিয়ে ভাল করে কষিয়ে নিতে হবে। মশলা কষে এলে ধুয়ে রাখা মুসুরের ডাল মিশিয়ে দিন। ডাল-মশলা খুব ভাল করে মিশিয়ে নিতে হবে। এরপর পরিমাণ মত গরম জল মিশিয়ে দিন। ডাল ভাল করে সেদ্ধ হলে ভেজে রাখা আলু, স্বাদমতো নুন আর কাঁচালঙ্কা ডিন। ঢাকা দিয়ে একদম লো-মিডিয়াম আঁচে ডাল সেদ্ধ করে নিতে হবে। ১০ মিনিটে ডাল ভাল করে সেদ্ধ হয়ে যাবে। এবার ভাজা ডিমগুলো এর মধ্যে মিশিয়ে দিতে হবে। এবার গরম মশলা গুঁড়ো আর এক কাপ গরম জল মিশিয়ে ঢাকা দিয়ে ২ মিনিট রান্না করুন। সবেশেষে কুচনো ধনেপাতা ছড়িয়ে দিলেই তৈরি ডিম-ডাল।

## নিরামিষ কচুর শাকের রেসিপি

ইলিশ মাছ দিয়ে আমিষ রান্নার স্বাদ একরকম। আবার এই নারকেল, ছোলা এসব দিয়ে রান্না করলে যে কোনও খাবারের স্বাদ বদলে যায় আর গরম ভাতে তা মেখে খেতেও লাগে দুর্দান্ত। এবার থেকে কচুর শাক এভাবে বানান। এই শাকের অনেক উপকারিতা রয়েছে। মাছ মাংসের পরিবর্তে সপ্তাহে একদিন খেতে পারলে তা খুবই ভাল- তবে কচুর শাক নিরামিষ রেসিপিতে বানালে খেতে আরও ভাল লাগে।




এমনকী তা নিবেদন করা হয় পুজোর ভোগেও। অনেকের বাড়িতেই গণেশ পুজো হচ্ছে। তাঁরাও ভোগে বানিয়ে দিতে পারেন কচুর শাক- কচুর শাক ভাল করে জল দিয়ে ধুয়ে নিতে হবে। প্রেসারে দেড় কাপ জল দিয়ে সামান্য নুন দিয়ে ১ টা সিটি দিয়েই কচুর শাক সেদ্ধ করে নিতে হবে। এবার জল ঝরানো বাটিতে কচু শাক নিয়ে জল ঝারিয়ে নিন সাধারণত ইলিশের মাথা দিয়েই অধিকাংশ বাড়িতে কচুর শাক বানানো হয়। বর্ষাকালে বাড়িতে বাড়িতে ইলিশ রান্না হয় আর তাই এই সময়ই কচুর শাক বেশি খাওয়া হয়। ইলিশের মাথা দিয়ে এই শাক যে অপূর্ব লাগে তা সকলেই জানেন

সোনামুগডাল ২ চামচ নিয়ে শুকনো কড়াইতে ভেজে নিন। কড়াইতে সরষের তেল গরম করে শুকনো লঙ্কা, তেজপাতা ভেজে নিয়ে ওর মধ্যে কালোজিরে ফোড়ন দিতে হবে। এবার কুচিয়ে রাখা নারকেল আর ভেজানো ছোলা একবাটি দিয়ে ভাল করে নেড়ে চেড়ে নিতে হবে। নারকেলের থেকে গন্ধ বেরোলে কচুর শাক, ভাজা মুগডাল আর চেরা কাঁচা লঙ্কা মিশিয়ে দিন। সব খুব ভাল করে মিশিয়ে হলুদ, লঙ্কা গুঁড়ো, জিরেধনে গুঁড়ো মেশাতে হবে। স্বাদমতো নুন এতে দিয়ে দতে হবে যতক্ষণ না জল শুকিয়ে আসে এবার জল ছেড়ে শুকনো হয়ে আসলে রাঁধুনি শুকনো খোলায় নেড়ে গুঁড়ো করে নিয়ে এক চামচ এই শাকের মধ্যে ছড়িয়ে দিতে হবে। এবার এর মধ্যে ১ চামচ চিনি মিশিয়ে দিতে হবে স্বাদের জন্য। সব ভাল করে মিশিয়ে নিতে হবে রান্না শেষ করুন এক চামচ ঘি দিয়ে। গরম গাওয়া ঘি যে কোনও নিরামিষ রান্নায় পড়লে তার স্বাদ বদলে যায়। আর তাই কচু শাকের স্বাদ জমিয়ে দিতে ঘি দিন। গরম ভাতে সঙ্গে একটু গন্ধরাজ লেবু থাকলেই আর অন্য কোনও তরকারির প্রয়োজন পড়বে না

## সারাবছর সর্দিকাশি লেগেই থাকে? হালকা ভাবে নিলেই বিপদ! হতে পারে হার্ট ফেলিওর

অনেকেই সারাবছর সর্দিকাশির সমস্যায় ভোগেন। আপনারও যদি ক্রমাগত কাশি হয় তবে এটিকে হালকাভাবে নেবেন না। এই সমস্যা থেকে বতে পারে হার্ট ফেইলিওরের ঝুঁকিও। একে বলা হয় পালমোনারি হাইপারটেনশন রোগ। এ রোগে হৃৎপিণ্ড থেকে ফুসফুসে যাওয়া শিরায় রক্তচাপ বাড়তে থাকে। এর ফলে হার্টে চাপ পড়ে ফলে হার্ট ফেইলিওর হতে পারে। হার্ট ফেইলওরের ক্ষেত্রে আকস্মিক মৃত্যুর ঝুঁকিও রয়েছে। পালমোনারি হাইপারটেনশনের প্রাথমিক লক্ষণগুলির মধ্যে রয়েছে গুরুতর কাশি যা বেশীরভাগ সময়ই লোকজন উপেক্ষা করেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, গত কয়েক বছরে বিশ্বজুড়ে পালমোনারি হাইপারটেনশনের কারণে হার্ট ফেইলিওরের ঘটনা বাড়ছে। এসব রোগীর বেশির ভাগই যখন হাসপাতালে পৌঁছান, ততক্ষণে অনেকটা দেরি হয়ে যায়। গত ১০ বছরে হার্ট ফেইলিওরের রোগীর সংখ্যা ২৫ শতাংশ বেড়েছে। এমন



পরিস্থিতিতে, কাশি কীভাবে পালমোনারি হাইপারটেনশনের লক্ষণ এবং কীভাবে এটি প্রতিরোধ করা যায় তা জানা গুরুত্বপূর্ণ। আসুন এবিষয়ে বিশেষজ্ঞরা কী বলছেন, জেনে নেওয়া যাক

পালমোনারি হাইপারটেনশন কী?

পালমোনারি হাইপারটেনশন রোগে, ফুসফুসে রক্ত সরবরাহকারী শিরাগুলিতে রক্তচাপ বাড়তে শুরু করে। এর ফলে হার্টের উপর চাপ পড়ে, হার্টের প্রকোষ্ঠ দুর্বল হতে থাকে। এমন পরিস্থিতিতে হৃদপিণ্ড, ফুসফুস এবং শরীরের অন্যান্য অঙ্গে রক্ত সরবরাহ খুবই কঠিন হয়ে পড়ে। এর ফলে হার্ট ফেইলওর হয়। এই রোগের শুরুতে রোগীর তীব্র কাশি থাকে এবং বুকে ব্যথাও অনুভব করেন।

কারণ:

পালমোনারি হাইপারটেনশনের প্রধান কারণ হল ফুসফুসের ধমনী পুরু হয়ে যাওয়া। ধমনীর আকার বৃদ্ধির কারণে তাদের উপর চাপ বাড়ে এবং এটি হৃৎপিণ্ডের কাজকেও প্রভাবিত করে। কিছু-কিছু ক্ষেত্রে হঠাৎ করে হার্ট ফেইওর হয়েও রোগী মারা যায়। এটি ফুসফুসে রক্ত জমাট বাঁধার কারণে এবং এইচআইভির কারণেও ঘটে। কীভাবে এই রোগ চিহ্নিত করা হয়? পালমোনারি হাইপারটেনশন শনাক্ত করতে, ডাক্তাররা হার্ট এবং ফুসফুস পরীক্ষা করার পরামর্শ দেন। এছাড়া পারিবারিক ইতিহাসও ঘেটে দেখে নেওয়া হয়। এর জন্য এক্স-রে এবং হার্ট ক্যাথেটারাইজেশন করা হয়। যদি কোনো রোগীর ক্রমাগত কাশি, শ্বাসকষ্ট এবং বুকে ব্যথার সমস্যার শিকার হন , তাহলে এই সমস্ত পরীক্ষা করা উচিত। এর মাধ্যমে সময়মতো রোগ শনাক্ত করা যায় এবং হার্ট ফেইলওরের ঝুঁকি রোধ করা যায়। খারাপ জীবনধারা প্রধান কারণ: বিশেষজ্ঞদে মতে, পালমোনারি হাইপারটেনশন প্রতিরোধ করার জন্য জীবনধারায় লাগাম টানা গুরুত্বপূর্ণ। এর সঙ্গে-সঙ্গে প্রতিদিন শরীরচর্চা করুন এবং ডায়েটে জোর দিন।

## অ্যান্টিঅক্সিডেন্ট যা স্মৃতিশক্তি বাড়াতে সাহায্য করে

কথায় বলে দিন যেভাবে শুরু হবে সারাদিন তেমনই কাটবে। যদি সকালে খুব ঝামেলা-ঝগড়া দিয়ে শুরু হয় তাহলে সারাদিন মাথা গরম থাকে, মন মেজাজ ঠিক থাকে না। তবে দিনের শুরুতে যদি এই সব পানীয় খেতে পারেন তাহলে সারাদিন ভাল কাটবে আর শরীরও থাকবে খুব ভাল। সকাল থেকে যদি উল্টোপাল্টা খাওয়া হয় তাহলে শরীরে অতিরিক্ত টক্সিন জমে যায়, হজমের সমস্যা হয় একই সঙ্গে পেটের সমস্যাও লেগে থাকে। এবার শরীরে যদি টক্সিন জমতে থাকে তাহলে শরীরের তাপমাত্রা বাড়তে থাকে। খাওয়া ঠিকমতো না হলে জ্বর, অতিরিক্ত ঘাম, ব্রণ, মাথাব্যথা, মাথা ঘোরা, বমি বমি ভাব এসব নানা সমস্যা হতে পারে। পুষ্টিবিদ জুহি কাপুরের মতে, রোজ সকালে দিন শুরু করুন গোলাপের পাপড়ি দিয়ে। এখন গোলাপের শুকনো পাপড়ি প্যাকেট করে কিনতে পাওয়া যায়। আগের রাতে এই পাপড়ি একগ্লাস জলে ভিজিয়ে রাখতে হবে। গোলাপের পাপড়ি শরীর ঠান্ডা করে দিতে পারে কম সময়ের মধ্যে। যা শরীরে তাপের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। জ্বর, মাথা ধরা থেকে রেহাই দিতেও এই পাপড়ি খুব ভাল কাজ করে। একগ্লাস জলে ৫-৮টি জাফরান দিয়ে সারারাত ভিজিয়ে রাখতে হবে। পরদিন সকালে ঘুম থেকে উঠে প্রথমেই সেই জল খেয়ে নিন। জাফরানের মধ্যে থাকে ক্যারোটিনয়েড এবং অ্যান্টিঅক্সিডেন্ট। যা স্মৃতিশক্তি বাড়াতে সাহায্য করে। সেই সঙ্গে ত্বক ভাল রাখতেও এই জাফরান ভেজানো জলের কোনও তুলনা নেই।একগ্লাস জলে এক চামচ শুকনো কারিপাতা ভিজিয়ে রাখুন। এই পানীয়টি শরীরের জন্য খুব ভাল। কারিপাতার মধ্যে থাকে প্রোটিন, বিটা ক্যারোটিন, অ্যামাইনো অ্যাসিড- যা চুলকে মজবুত রাখতে সাহায্য করে। রক্তশূন্যতা, ডায়াবেটিস, বদহজম, ওবেসিটি, কিডনির রোগ আর ওবেসিটির সমস্যাতেও দারুণ কাজ করে কারিপাতার গুঁড়ো। নিয়ম মেনে চললে আর নিয়ম মেনে খাবার খেলে তবেই শরীর থাকবে সুস্থ। শরীরে কোনও সমস্যা থাকলে আগে চিকিৎসকের পরামর্শ নিয়ে নেবেন তবেই কিন্তু খাবেন।

## টাইট জিনস পরেন? হতে পারে ভয়ঙ্কর বিপদ

টাইট জিনস পরা আজকাল ফ্যাশন সিম্বল হয়ে উঠেছে। ছেলেদের তুলনায় মেয়েরা বেশি এই ধরনের জিনস পরে থাকেন। অফিস কিংবা অন্যত্র, টাইট জিনস বেছে নেনে তাঁরা। দেখতে ভাল লাগলেও এই ফ্যাশনই আপনাকে ঠেলে দিতে পারে বিপদের দিকে। অবাক হচ্ছেন তো? তবে এটাই সত্যি। আঁটোসাঁটো জিনসেই বাড়ছে বিপদ। হচ্ছে একাধিক স্বাস্থ্যের সমস্যা। তাই সতর্ক হতে হবে। জানুন কী ক্ষতি করছেন শরীরের

পিঠে ব্যথা: এই ধরনের জিনস পরলে অনেক সমস্যা হতে পারে। এই সমস্যাগুলির মধ্যে অন্যতম হল কোমরে ব্যথা। টাইট জিনস পরার কারণে হিপ জয়েন্ট এবং মেরুদণ্ডে নেতিবাচক প্রভাব পড়ে. ফলে তীব্র ব্যথা শুরু হয়। এটিকে সাধারণ ব্যথা বলে অনেকসময়ই এড়িয়ে যায় মানুষ। তারা বুঝেই উঠতে পারেন না যে, জিনসের কারণে এই সমস্যা হচ্ছে।

জরায়ু সংক্রমণ: টাইট জিনস পরার ফলে অনেক মহিলার অল্প বয়সেই জরায়ু সংক্রমণ হতে পারে। এক্ষেত্রে মহিলারা প্রাথমিক পর্যায়ে এই সংক্রমণ সম্পর্কে খুব একটা সচেতন নন। যদি সময়মতো জরায়ু সংক্রমণের চিকিৎসা না করা হয়, তাহলে মহিলাদের পরবর্তীতে মা হতে অসুবিধা হতে পারে। এ জন্য ঢিলেঢালা জিনস পরাই ভাল।

পেশীর দুর্বলতা: টাইট জিনস পরার কারণে তলপেটের এবং কোমরের পেশী ধীরে-ধীরে দুর্বলহয়ে পড়ে। টাইট জিন্স, শরীরের সঙ্গে এমনভাবেই চেপে বসে থাকে যে, হাড় এবং জয়েন্টগুলির নাড়াচড়ায় সমস্যা তৈরি হয়। এ কারণে পিঠ ও কোমর ছাড়াও পায়ে ব্যথা হয়। এবং ক্রমে পেশী দুর্বল হতে থাকে।

ত্বকে চুলকানি এবং জ্বালা: দীর্ঘ সময় ধরে টাইট বা ফিটিং জিনস পরলে কখনও কখনও ত্বকে তীব্র চুলকানি এবং জ্বালাপোড়ার সমস্যা হতে পারে। কারণ টাইট জিনস পরলে অনেকসময়ই গোপনাঙ্গে বায়ু চলাচল বন্ধ হয়ে যায়। ফলে ঘাম হয়, কিন্তু সেই ঘাম শুকোয় না। এ কারণে ত্বকে তীব্র চুলকানি ও জ্বালাপোড়ার সমস্যা দেখা দেয়। শুধু তাই-ই নয়, টাইট জিন্স পরা মহিলাদের মধ্যে ভালভাডিনিয়ার ঝুঁকি দেখা দেয়।

## বহেড়ার ঔষধি গুণ

বহেড়া একটি অনন্য ঔষধি গুণের ফল। বহেড়ার আরেক নাম বিভিতকি। তবে আমাদের দেশে বহেড়া নামেই বেশি পরিচিত। ভেষজবিদদের গবেষনায় মহৌষধি হিসেবে পরিচিত ত্রিফলার মধ্যে বহেড়া অন্যতম। বহেড়া ফলটি উপমহাদেশের প্রাচীনতম আয়ুর্বেদিক ওষুধ হিসেবে ব্যবহার হয়ে আসছে। বহেড়া বিশেষভাবে পরিশোধিত হয়ে এর ফল, বীজ ও বাকল মানুষের বিভিন্ন রোগ প্রতিরোধে ও চিকিৎসায় ব্যবহার হয়ে আসছে আদিকাল থেকে। ভেষজবিদদের বহেড়া নিয়ে দীর্ঘ গবেষণায় বিভিন্ন উপকারিতার কথা উল্লেখ করেছেন। বহুগুণে ভরা বহেড়া মানব দেহে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতা করে। এছাড়া বহেড়ার রয়েছে অসংখ্য ঔষধি গুণের মধ্যে উল্লেখযোগ্য, প্রতিদিন খালী পেটে বহেড়া ফল ভিজানো এক কাপ পানি খেলে দীর্ঘজীবী ও সুস্বাস্থ্যের অধিকারী হওয়া যায়। এবার জেনে নেয়া যাক বহেড়া ফলের ঔষধি গুণগুলো- শরীরের জন্য মারাত্মক অস্বস্তিকর একটি রোগ হচ্ছে শ্বেতী রোগ। সাধারণত এ রোগের তেমন কার্যকরী ওষুধ পাওয়া যায় না। এ রোগের জন্য বহেড়া বিচির শাঁসের তেল বের করে নিয়মিত শ্বেতীর উপর লাগালে শ্বেতী রোগ নিরাময়ে সহায়ক হয় এবং অল্প দিনেই গায়ের রঙ স্বাভাবিক হয়। রক্ত আমাশয় কষ্ট পেলে প্রতিদিন জলের সাথে বহেড়ার চূর্ণ মিশিয়ে পান করলে দ্রুত আমাশয় রোগ ভাল হয়। অনেকের অকালে চুল পেকে যাওয়া এটাও একটা রোগ। এর থেকে পরিত্রাণের জন্য বহেড়া ফলের বিচি বাদ দিয়ে শুধু খোসা নিয়ে জল দিয়ে ভালো ভাবে মসৃণ করে বাটুন, এবার বাটা মিশ্রণটি এক কাপ জলে গুলে সেই পানি ছেঁকে নিয়ে মাথার চুল ধুয়ে ফেলুন। এভাবে নিয়মিত ব্যবহার করলে চুল পাকা বন্ধ হওয়া সহ আরো অনেক উপকার পাওয়া যায়। কফের সমস্যায় আধা চা চামচ বহেড়া চূর্ণ ও পরিমাণ মতো ভাল ঘি এক সাথে গরম করে তার সাথে মধু মিশিয়ে খেলে দ্রুত কফের সমস্যা দূর হয়।

## রোগের সংখ্যা কমাতে গেলে ডায়েটের উপর জোর দিতে হবে

রোগের সংখ্যা কমাতে গেলে ডায়েটের উপর জোর দিতে হয়। কারণ খাবারের মাধ্যমে আমরা সহজেই দেহে পুষ্টির জোগান দিতে পারি। তাই পুষ্টিকর খাওয়া-দাওয়া সামগ্রিক স্বাস্থ্য উন্নতির জন্য একান্ত জরুরি।



পুষ্টিকর খাবার হিসেবে সবসময় তাজা ফল ও সবজির উপর জোর দেওয়া হয়। ফল ও সবজির পাশাপাশি বাদামও স্বাস্থ্যের জন্য উপযোগী। একইভাবে, বেশ কিছু বীজ রয়েছে, যা রোজের ডায়েটে রাখা দরকার। বীজ গোটা শস্য পরিবারের অন্তর্গত। অর্থাত ফাইবার, প্রোটিন, স্বাস্থ্যকর ফ্যাট ও মিনারেলে পরিপূর্ণ হয়। কিন্তু কোন-কোন বীজ রোজ খাবেন জানেন? রইল ৫ সুপারফুডের সন্ধান। কালো-সাদা মেশানো ছোট্ট চিয়া সিড পুষ্টিতে ভরপুর। চিয়া সিডের মধ্যে ফাইবার, ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড, প্রোটিন ও বিভিন্ন ভিটামিন এবং ক্যালসিয়াম ও ম্যাগনেশিয়ামের মতো মিনারেল রয়েছে। রক্তে শর্করার মাত্রা ও কোলেস্টেরলকে নিয়ন্ত্রণে রাখে এবং ওজনকে বশে রাখে চিয়া সিড। বাদামী রঙের ফ্ল্যাক্স সিড ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড, ফাইবার, বিভিন্ন ভিটামিন ও মিনারেলে পরিপূর্ণ। এই বীজ রোজ খেলে কোলেস্টেরলের মাত্রা কমবে এবং হৃদরোগের ঝুঁকি কমবে। পাশাপাশি কোষ্ঠকাঠিন্য থেকেও মুক্তি পাবেন।

কুমড়োর দানা স্ন্যাকস হিসেবে খেতে পারেন। কুমড়োর দানার মধ্যে প্রোটিন, স্বাস্থ্যকর ফ্যাট, ফাইবার, ম্যাগনেশিয়াম, জিঙ্ক ও অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে। এটি ইনসুলিনের মাত্রা ও হার্টের স্বাস্থ্য বজায় রাখে এবং ঘুমকে প্রচোরিত করতে সাহায্য করে।

বার্গারের উপর তিলের বীজ ছড়িয়ে খান? বার্গার স্বাস্থ্যকর না হলেও এই তিলের বীজ স্বাস্থ্যের জন্য উপকারী। এই বীজের মধ্যে স্বাস্থ্যকর ফ্যাট, প্রোটিন, ফাইবার ভিটামিন বি, ক্যালশিয়াম, আয়রন ও ম্যাগনেসিয়াম রয়েছে। ওজন কমানোর পাশাপাশি শারীরিক প্রদাহ কমাতে সাহায্য করে তিলের বীজ। সূর্যমুখীর বীজ ভিটামিন ই, স্বাস্থ্যকর ফ্যাটা, প্রোটিন, ম্যাগনেসিয়াম ও সেলেনিয়ামে পরিপূর্ণ। ত্বকের স্বাস্থ্য উন্নত করতে এবং রোগ প্রতিরোধের ক্ষমতা গড়ে তুলতে সাহায্য করে কুমড়োর দানা। এই বীজ আপনাকে দীর্ঘস্থায়ী রোগের হাত থেকে রক্ষা করবে।

# রাম ঠাকুর সংঘ ক্লাবের উদ্যোগে রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে: কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে রাম ঠাকুর সংঘ ক্লাবের উদ্যোগে এক বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয় রবিবার।

এতে অংশগ্রহণ করে এলাকার কচিকাঁচা ছাত্র-ছাত্রীরা। এদিন সন্ধ্যায়ও এক রবীন্দ্র সঙ্গীত এর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সেখানেও উপস্থিত ছিলেন এলাকার সকল স্তরের জনগণ। এদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেয় ক্লাব কর্তৃপক্ষ।

# অসম : হিল সেকশনে ধস-বিধ্বস্ত এলাকা পরিদর্শন এনএফ রেলের নির্মাণ শাখার জিএম সুনীল কুমারের


হাফলং (অসম), ১২ মে (হি.স.) : লামডিং-বদরপুর হিল সেকশনের জাটিঙ্গা-লামপুরের ধস-বিধ্বস্ত এলাকা পরিদর্শন করেছেন উত্তরপূর্ব সীমান্ত রেলের নির্মাণ শাখার জেনারেল ম্যানেজার সুনীল কুমার ঝা। আজ রবিবার মালিগাঁও থেকে বিশেষ ট্রেনে জাটিঙ্গা-লামপুর ধস-বিধ্বস্ত এলাকা সরজমিনে পরিদর্শন করে রেল লাইনে উদ্ভূত সমস্যা খতিয়ে দেখেন সুনীল ঝা। প্রতিদিনই রেলওয়ের কোনও না-কোনও উচ্চপদস্থ আধিকারিকরা জাটিঙ্গা-লামপুরে এসে সব কিছু দেখে যাচ্ছেন। দিবারাত্র এক করে রেল লাইন মেরামতের কাজ চালিয়ে গেলেও গত ১৫ দিন থেকে রেলপথটি পুরোপুরি স্বাভাবিক করে তোলা সম্ভব হচ্ছে না। ফলে লামডিং-বদরপুর হিল সেকশনে যাত্রী দুর্ভোগ চরম আকার ধারণ করেছে। জাটিঙ্গা-লামপুরের ধস-বিধ্বস্ত এলাকা সিংকিং এলাকা তা আগে থেকেই রেলওয়ে কর্তৃপক্ষের জানা ছিল। অথচ বর্ষার আগে ওই জায়গাটি মেরামত করার কোনও ব্যবস্থা গ্রহণ করেননি রেল কর্তৃপক্ষ, অভিযোগ রেলের অন্দর মহল থেকেই উঠছে। গত ১৫ দিনে জাটিঙ্গা-লামপুর অংশে রেলপথ মেরামত খাতে প্রায় ১৭ কোটি টাকা ব্যয় হয়েছে। কিন্তু এখন পর্যন্ত লামডিং-বদরপুর হিল সেকশনে রেল চলাচল পুরোপুরি স্বাভাবিক করে তুলতে পারেনি রেল কর্তৃপক্ষ। তাছাড়া সন্ধ্যা ছয়টা থেকে সকাল ছয়টা পর্যন্ত ট্রেন চলাচল বাতিল করে রেলওয়ে ট্র্যাক মেরামতির নামে প্রতিদিনই দূরপাল্লার ট্রেনগুলির সময় পুনর্নির্ধারণ করা হচ্ছে। শুধু দিনের বেলা ট্রেন চালানো হচ্ছে। তবে দূরপাল্লার ট্রেনগুলি লামডিং-বদরপুরের মধ্যে নিউ হাফলং-বদরপুর ছাড়া আর কোনও স্টেশনে স্টপেজ না থাকায় যাত্রীদের সমস্যায় পড়তে হচ্ছে। যাত্রীদের অভিযোগ, রেল কর্তৃপক্ষ শুধু দিনের বেলা ট্রেন চালাচ্ছে। তা-হলে কেন প্রতিদিন পাহাড় লাইন দিয়ে দিনের বেলা পার হয়ে যাওয়া শিলচর-গুয়াহাটি-শিলচর এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে, এই প্রশ্ন ডিআরএম প্রেমরঞ্জনকে করা হলে তিনি তার কোনও সুদুত্তর দিতে পারেননি। আসলে পাহাড় লাইন সব সময় একাংশ ঠিকাদার আর রেলের শীর্ষ কর্তার কাছে কামধেনু হয়ে পড়েছে। প্রতিদিনই রেলের শীর্ষ আধিকারিকরা জাটিঙ্গা-লামপুর ধস-বিধ্বস্ত এলাকা পরিদর্শনে আসেন আর এঁদের পেছনে ব্যয় করা হচ্ছে লক্ষ লক্ষ টাকা। কার্যত রেল বিভাগই পাহাড় লাইনে এই সমস্যা জিইয়ে রেখেছে বলে বিভিন্ন মহল থেকে অভিযোগ উঠেছে। বিশেষ করে যাত্রীবাহী ট্রেনগুলি সময়সূচি ছাড়া চলাচল করায় ডিমা হাসাও, বরাক উপত্যকা সহ মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরার রেল যাত্রীদের চরম দুর্ভোগের মধ্যে পড়তে হচ্ছে। উত্তরপূর্ব সীমান্ত রেল ১৩ মে ১৫৬১৬ গুয়াহাটি-শিলচর ও ১৫৬১৬ শিলচর-গুয়াহাটি এক্সপ্রেস ট্রেনের যাত্রা বাতিল করেছে। তাছাড়া ১৩ মে ০৫৬৩৮ শিলচর-নাহরলগুন ও ১৪ মে নাহরলগুন-শিলচর বিশেষ যাত্রীবাহী ট্রেনের যাত্রা বাতিল করার পাশাপাশি ২০৫০১ আগরতলা-আনন্দবিহার তেজস রাজধানী এক্সপ্রেস ১৩ মে বিকাল ৩-টা ১০ মিনিটের পরিবর্তে রাত ১১টা ১০ মিনিটে আগরতলা থেকে রওয়ানা দেবে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# মূল ও কংগ্রেসের মধ্যে তোষন ও দুর্নীতির প্রতিযোগিতা চলছে ঃ মোদী

● প্রথম পাতার পর

নেটওয়ার্ক তৈরি করা হচ্ছে। ডেডিকেটেড মালবাহী করিডোর এই অঞ্চলে শিল্পায়ন বাড়িয়েছে। এই রাজ্যগুলিতে গ্যাস পাইপলাইনের যে নেটওয়ার্ক তৈরি হচ্ছে তা শিল্পকে সাহায্য করতে চলেছে। বিজেপি সরকার এখানে বন্ধ থাকা সার কারখানা আবার চালু করেছে। আগামী ৫ বছর পশ্চিমবঙ্গ এবং এর আশেপাশের রাজ্যগুলির উন্নয়নের জন্য উতর্গীকৃত হবে। বাংলার ব্যারাকপুরের এই জমিটি একটি ইতিহাস তৈরির জমি, কিন্তু টিএমসি তার হাল বেহাল করে দিয়েছে। এক সময় ব্যারাকপুর বাংলার অর্থনীতিকে শক্তিশালী করতে একটি বড় অবদান রাখত, কিন্তু আজ টিএমসি এটিকে কেলেঙ্কারীর আস্তানায় পরিণত করেছে। একটা সময় ছিল যখন বাংলায় নিত্য নতুন বিজ্ঞানের আবিষ্কার হত, কিন্তু আজ টিএমসির শাসনে অনেক জায়গায় বোমা তৈরির গৃহশিল্প চলছে। আগে বাংলায় অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে বিপ্লব হত, কিন্তু আজ অনুপ্রবেশকারীরা এখানে তৃণমূলের আশ্রয়ে ফুলে-ফেঁপে উঠছে। কংগ্রেসের দুর্নীতি, পরিবারতন্ত্রী, তোষণ এবং বামপন্থী অত্যাচার ও নৈরাজ্য এই সবকে একত্রিত করলেই তখন টিএমসি গঠিত হয়। আজ টিএমসিতে লুটপাটের দুটি বিভাগ চলছে, টিএমসি নেতাদের কাজ কেলেঙ্কারি করা এবং টিএমসির প্রশিক্ষিত গুন্ডাদের কাজ হল মানুষের জমি দখল করা। টিএমসি কেলেঙ্কারিকে তার পুরো সময়ের ব্যবসায় পরিণত করেছে। ইন্ডি জোটের বেশিরভাগ দল গোপনে কেলেঙ্কারী করে, কিন্তু টিএমসি কেলেঙ্কারির একটি খোলা শিল্প চালায়। তৃণমূলের দুর্নীতিবাজ নেতারা বহুদূরে ছড়িয়ে আছে, আর তৃণমূল সরকার তাদেরও রক্ষা করছে। টিএমসি সরকার কেন্দ্রীয় স্কিমগুলি লুট করার উপায় খুঁজে বেরায়, প্রধানমন্ত্রী আবাস যোজনায় অর্থ তারাই পায় যারা টিএমসির সাথে যুক্ত বা যারা কাটমানি দেয়। বিজেপি জলজীবন মিশনের অধীনে প্রতিটি বাড়িতে জল পৌঁছে দিতে চেয়েছিল, কিন্তু বাংলা সরকার তাতেও দুর্নীতি করছে। রাজনৈতিক ফায়দা লোটার জন্য গরিব মানুষকে জলের জন্য আকুল করে গরিবদের অধিকার হরণ করছে। দেশে তৃণমূল ও কংগ্রেসের মধ্যে তোষণের প্রতিযোগিতা চলছে।

মাননীয় প্রধানমন্ত্রী বলেন, বাংলার মাটি মা দুর্গা ও মা কালীর ভূমি, কিন্তু এখানে মানুষের বিশ্বাসের উপর নজরদারি চালানো হচ্ছে। যদি টিএমসির উপায় থাকে তাহলে দেখা যাবে এরা বাবা তারকেশ্বরের ধামকেও নিষিদ্ধ করবে। বাংলার এই ভূমি গুরুদেব রবি ঠাকুর, কাজী নজরুল ইসলাম ও সত্যজিৎ রায়ের ভূমি, কিন্তু তৃণমূলের শাসনকালে মত প্রকাশের স্বাধীনতা নেই। বাংলায় বিরোধী, সচেতন নাগরিক ও স্বাধীন কণ্ঠকে দমন করা হচ্ছে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে মজার কার্টুন পোস্ট করার জন্য মানুষকে ভয় দেখানো হচ্ছে। যদি তৃণমূলের লোকদের উপায় থাকে, তাহলে রাজা রামমোহন রায়ের নাম থেকেও রাম বাদ দিয়ে দিত। যে ভূমি আমাদের শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মতো নেতা দিয়েছিল সেও আজ ভোটব্যাঙ্কের রাজনীতির কারণে সমস্যায় পড়েছে। টিএমসি সরকার এসসি সম্প্রদায়ের উন্নয়নকে সাংবিধানিক করে তোলে, তাই এরা আপনাকে এগিয়ে যেতে দেয় না, যেখানে বিজেপি সরকার এসসি সম্প্রদায়ের স্বার্থকে সাংবিধানিক করে তোলে। কংগ্রেস তার ইস্তেহারে সরকারি চুক্তি থেকে খেলাধুলা পর্যন্ত সংখ্যালঘুদের সংরক্ষণের কথা বলেছে। কিন্তু জনগণকে ভয় পাওয়ার দরকার নেই, কারণ মোদী বঞ্চিতদের অধিকারের প্রহরী। বাংলার টিএমসি সরকার কেন্দ্রীয় সরকার দ্বারা পরিচালিত কল্যাণমূলক প্রকল্পগুলি বন্ধ করে দেয়। ইন্ডি জোটের সরকাররা যে জেবলাগুলিকে পিছিয়ে পরা বলে ছেড়ে দিয়েছিল, আজ মোদি সেই ১১০টি জেলাকে উচ্চাকাঙ্খী জেলা বানিয়েছেন। একইভাবে মোদী সরকার উচ্চাকাঙ্খী ব্লক শুরু করেছেন। কেন্দ্রে যখন কংগ্রেস সরকার ছিল, তখন এসসি সম্প্রদায়ের কল্যাণে মাত্র ৪০ হাজার কোটি টাকার বাজেট ছিল। আজ বিজেপি সরকারের ১ লক্ষ ৪০ হাজার কোটি টাকার বেশি বাজেট এসসি সম্প্রদায়ের কল্যাণে।

শ্রী মোদী বলেন, আজ পশ্চিমবঙ্গে নিজের ধর্মবিশ্বাসকে অনুসরণ করাও অপরাধ হয়ে দাঁড়িয়েছে। বাংলার টিএমসি সরকার শ্রী রামের নাম নিতে দেয় না, রামনবমী উদযাপন করতে দেয় না। কংগ্রেস ও বাম দলগুলি রাম মন্দিরের বিরুদ্ধে কথা বলে। কংগ্রেসের ইন্ডি জোট তোষণ ও ভোটব্যাঙ্কের রাজনীতির কাছে আত্মসমর্পণ করেছে। ইন্ডি জোটের নেতারা মোদীর বিরুদ্ধে ভোট জিহাদের কথা বলছে। পশ্চিমবঙ্গে মাফিয়া শাসন চলছে। মোদী প্রতিটি ঘরে জল পৌঁছে দেওয়ার কথা বলেন। কিন্তু টিএমসি বোমার কথা বলে। কয়েকদিন আগে বোমা বিস্ফোরণে শিশুরা প্রাণ হারায়। বাংলায় একটি আসনও জেতার অধিকার তৃণমূলের নেই। বাংলার তৃণমূল বিধায়ক বলেছেন, হিন্দুদের ভাগীরথী নদীতে ডুবিয়ে দেওয়া হবে। কার সমর্থনে এই লোকেরা এত সাহস পাচ্ছে? বাংলায় হিন্দুদের দ্বিতীয় শ্রেণীর নাগরিক বানিয়েছে টিএমসি। তোষণের রাজনীতির জন্য ইন্ডি জোট এসসি, এসটি এবং ওবিসিদের দেওয়া সংরক্ষণও কেড়ে নিতে চায়। ইন্ডি জোটের নেতারা মুসলমানদের সম্পূর্ণ সংরক্ষণ দেওয়ার কথা বলছেন। কর্ণাটকের কংগ্রেস সরকার ওবিসিদের সংরক্ষণ কেড়ে নিয়ে নিজেদের ভোটব্যাঙ্ককে দিয়েছে। এই ভোটব্যাঙ্কের রাজনীতির জন্যই সিএএ-র মতো মানবিক আইনকেও এরা ভুল ব্যাখ্যা করছে। সিএএ নাগরিকত্ব দেওয়ার আইন, নাগরিকত্ব কেড়ে নেওয়ার জন্য নয়। কিন্তু টিএমসি এবং কংগ্রেসের মতো রাজনৈতিক দলগুলি জনগণকে মিথ্যা কথা বলে ভুল বোঝাচ্ছে। ইন্ডি জোটের নেতারা মতুয়া ও নমশূদ্রদের নাগরিকত্ব দেওয়ার বিরুদ্ধে। ইন্ডি জোট সিএএ আইন বাতিলের কথা বলছে। মোদী বাংলাকে ৫টি গ্যারান্টি দিচ্ছেন। ১. যতদিন মোদী থাকবেন, ধর্মের ভিত্তিতে সংরক্ষণ দেওয়া হবে না। ২. যতদিন মোদী থাকবেন, ততদিন কেউ এসসি, এসটি এবং ওবিসিদের এর সংরক্ষণ শেষ করতে পারবে না। ৩. যতদিন মোদী থাকবেন, কেউ রাম নবমী উদযাপন এবং ভগবান শ্রী রামের পূজা বন্ধ করতে পারবে না। ৪. যতদিন মোদী থাকবেন, রাম মন্দির নিয়ে সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত কেউ বাতিল করতে পারবে না। ৫. যতদিন মোদী থাকবেন, ততদিন কেউ সিএএ আইন বাতিল করতে পারবে না। দেশবাসী জানে মোদীর গ্যারান্টি মানেই গ্যারান্টি পূরণ হবে।

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন যে আমাদের দেশে পরিবারের বয়োজ্যেষ্ঠরা তাদের পরবর্তী প্রজন্মের ভবিষ্যতের জন্য কিছু রেখে যেতে চায়। কিন্তু মোদির উত্তরাধিকারী তো ভারতের দেশবাসীরাই, তারাই মোদীর পরিবার এবং দেশের জনগণ ছাড়া আমার কেউ নেই। তাই পরিবারের প্রধান হিসেবে আমিও একটি বিকশিত ভারতকে জনগনকে দিতে চাই। কিন্তু তৃণমূল ও অন্যান্য বিরোধী দল দেশের মানুষকে লুট করতে ব্যস্ত। তারা তাদের উত্তরাধিকারীদের জন্য বাংলো ও প্রাসাদ নির্মাণ করছেন। কিন্তু মোদী তার গরিব দেশবাসীর জন্য ৪ কোটি পাকা বাড়ি তৈরি করেছেন এবং আগামী সরকার আরও ৩ কোটি নতুন বাড়ি তৈরি করবে। বাংলায়, ১.২৫ কোটি মা-বোনকে উজ্জ্বলা সিলিন্ডার দেওয়া হয়েছে। আজ প্রতিটি গর্ভবতী মহিলাকে পুষ্টি প্রকল্পের মাধ্যমে ৬০০০ টাকা করে সহায়তা দেওয়া হচ্ছে। চাকুরীজীবী গর্ভবতী মহিলাদের ছুটিও বাড়িয়ে ২৬ সপ্তাহ করা হয়েছে। মোদী এখন গ্যারান্টি দিচ্ছেন, দেশের ৩ কোটি মহিলাকে লাখপতি দিদি করতে চান। মোদী স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের স্বাবলম্বী করছেন, নমো ড্রোন দিদি স্কিমের মাধ্যমে মহিলাদের ড্রোন পাইলট বানানোর কাজ শুরু করেছেন। প্রধানমন্ত্রী সূর্য ঘর বিনামূল্যে বিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে বিদ্যুৎ বিল শূন্যে নামিয়ে আনার কাজ করছেন এবং এটি থেকে উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ আপনার আয়ের উতও হবে। পরিবারগুলিও তাদের বৈদ্যুতিক গাড়িগুলিকে এই থেকে উতাদিত বিদ্যুতে চার্জ দিতে পারে, তাতে পেট্রোল বিলও শূন্য হয়ে যাবে, তিনগুণ লাভ হবে এতে।

শ্রী মোদী বলেন, ব্যারাকপুর পাট শিল্পের কেন্দ্রস্থল। কৃষির পাশাপাশি এখানে তুলা, কাগজ ও ইঞ্জিনিয়ারিং শিল্পেরও বিকাশ হয়েছিল। কিন্তু পাট শিল্প আজ দুরবস্থায়, শ্রমিকদের দেখভাল করার কেউ নেই। পাটের ন্যূনতম সহায়ক মূল্য বাড়িয়েছে মোদী সরকার। পাট চাষীদের সুবিধার জন্য, বিজেপি সরকার শুধুমাত্র পাটের বস্তায় চিনি প্যাকিং করার নিয়ম করেছে। কিন্তু টিএমসি এখানে শুধুই মিথ্যে বলছে। বাংলার মানুষ চোর ধরো জেল ভরো স্লোগান দিচ্ছে। কয়েক বছর আগে, টিএমসি সরকারের অডিট রিপোর্টে বলা হয়েছিল যে তৃণমূল কংগ্রেস সরকারের ব্যয় করা ২ লক্ষ ৩০ হাজার কোটি টাকার কোনও হিসাব নেই এবং এটি একটি বড় কেলেঙ্কারি। শিক্ষক নিয়োগ কেলেঙ্কারি টিএমসির দুর্নীতির আরেকটি উদাহরণ। এই কেলেঙ্কারির জন্য ভুয়ো ইন্টারভিউও নেওয়া হয়েছিল। তাদের দুর্নীতিতে আদালতকেও বলতে হয় এই কেলেঙ্কারির পেছনে সরকারি ব্যবস্থাও যুক্ত। মোদী বাংলায় এই লুটপাটের প্রতিটি টাকার হিসাব নেবেন। এবং যাদের বাড়ি থেকে নোটের পাহাড় উদ্ধার হয়েছে, সেসব দুর্নীতিবাজদের রেহাই দেওয়া হবে না। দুর্নীতিবাজদের কাছ থেকে উদ্ধার করা কোটি কোটি টাকা ক্ষতিগ্রস্তদের ফেরত দেওয়ার জন্য উপায় খোঁজা হচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রী বলেন, টিএমসি বাংলাকে লুটপাট করে মহাপাপ করেছে। তৃণমূলের দুর্নীতির তালিকা অনেক লম্বা। টিএমসি সরকার দেশের কৃষকদেরও রেহাই দেয়নি। তৃণমূলের লোকেরা ধান চাষীদের থেকেও লুট করে। কিন্তু বিজেপি সরকার কর্তৃক প্রেরিত প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির টাকা পেয়ে কৃষকরা স্বস্তি পেয়েছেন। মোদী সরকার ইথানল এবং বায়ো ফুয়েল প্ল্যান্টও স্থাপন করছে, যা ধান চাষীদেরও উপকৃত করবে। বিজেপি সরকার শস্য সংরক্ষণের জন্য বিশ্বের বৃহত্তম প্রকল্প চালু করেছে এবং শীঘ্রই আলু, পেঁয়াজ এবং টমেটোর জন্য বিশেষ ক্লাস্টার তৈরি করবে। যা থেকে সরাসরি উপকৃত হবেন পশ্চিমবঙ্গের কৃষকরা। আজ বাংলায়ও রেলের সম্প্রসারণ ও বিস্তার নিয়ে কাজ চলছে। হুগলি নদীতে দেশের প্রথম আন্ডারওয়াটার মেট্রো শুরু হয়েছে। প্রথমে কংগ্রেস, তারপর বামপন্থীরা এবং তারপর তৃণমূল এরাজ্যে সবকিছু ধ্বংস করে দিয়েছে। আজ বিজেপি মেক ইন ইন্ডিয়ার উপর বিশেষ জোর দিচ্ছে। কিন্তু টিএমসি ব্রেক ইন ইন্ডিয়ার ভাবনাচিন্তা নিয়ে চলে। রাম মন্দির তৃণমূল নেতাদের ঘুম উড়িয়ে দিয়েছে। তারা রামমন্দির বয়কট করেছে। যে রাম মন্দিরের জন্য আমাদের পূর্বপুরুষরা ৫০০ বছর ধরে লড়াই করেছিলেন, তাদের আত্মা আপনাদের এইসব অন্যায় দেখছেন। তৃণমূল ও কংগ্রেস তাদের পূর্বপুরুষদের ত্যাগ, তপস্যা ও আত্মত্যাগকে অপমান করার কাজ করেছে। ভগবান রামকে বয়কট করা বাংলার সংস্কৃতি নয়। আমার বাংলা এমন নয়। যে দল মা মাটি-মানুষের কথা বলে সরকারে এসেছিল, তারাই আজ ভোটব্যাঙ্কের স্বার্থে বাংলার নিজেদের ঐতিহ্যকেও অপমান করছে। টিএমসি আজ যতগুলো আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে, তারা বিরোধী দলেও জায়গা পাবে না, আর কংগ্রেস-বামেদের দেওয়া ভোটও নষ্ট হবে। তৃণমূল কংগ্রেস সরকারের অত্যাচার আমাদের মা-বোনদের উপর ব্যাপক প্রভাব ফেলেছে। এসসি ও এসটি পরিবারের অবস্থা সবচেয়ে খারাপ এখানে। সন্দেশখালির অপরাধীকে প্রথমে টিএমসির পুলিশ বাঁচিয়েছিল, আবার এখন নতুন খেলা শুরু করেছে টিএমসি। সন্দেশখালির মহিলাদের হুমকি দিচ্ছে তৃণমূল কংগ্রেসের গুন্ডারা। শাহজাহান শেখের বাড়ি থেকে অস্ত্র উদ্ধার করা হয়েছে, কিন্তু নিজেদের ভোটব্যাঙ্ককে খুশি করতে তৃণমূল তাকে ক্লিনচিট দেওয়ার চেষ্টা করছে। একটি বিকশিত ভারতের জন্য একটি বিকশিত বাংলা গড়ার প্রয়োজন। মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জি বিজেপির সমস্ত স্থানীয় লোকসভা প্রার্থীদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার সাথে বিজয়ী করার জন্য এবং দেশে পুনরায় বিজেপি সরকার গঠনের আবেদন করেন উপস্থিত জনগণের কাছে।

## ৬ আগরতলা যুব মোর্চার উদ্যোগে পথ চলতি সাধারণ মানুষদের মধ্যে চারা গাছ বিতরণ কর্মসূচি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে: ৬ আগরতলা যুব মোর্চার উদ্যোগে পথ চলতি সাধারণ মানুষদের হাতে চারা গাছ তুলে দেওয়া হয়। এই দিনের এই কর্মসূচিটি অনুষ্ঠিত হয় ভাটি অভয় নগর অ্যালবার্ট ক্লাব এলাকায়।

উপস্থিত ছিলেন ৬ আগরতলার যুব মোর্চার সভাপতি সঞ্জয় ঘোষ, মন্ডল সভাপতি হীরালাল সাহা, ভারতীয় জনতা পার্টির যুব মোর্চার সম্পাদক রানা ঘোষ সহ অন্যান্যরা।

নেতৃত্বরা জানান, ইতিমধ্যেই ৭ দিন ব্যাপী গাছ রোপনের উদ্যোগ গ্রহন করেছে ৬ আগরতলার যুব মোর্চার কর্মকর্তারা। এরই অঙ্গ হিসেবে এদিন ১০০ চারাগাছ পথ চলতি সাধারণ মানুষের হাতে তুলে দেওয়া হয়েছে।

## রাজ্য থেকে হজের উদ্দেশ্যে রওয়ানা ১০৯ জন হজযাত্রীকে সংবর্ধনা দিল ত্রিপুরা রাজ্য হজ কমিটি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে: রবিবার হজ ভবনে এক সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করা হয় ত্রিপুরা রাজ্য হজ কমিটির উদ্যোগে। এদিন হজ যাত্রীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। ত্রিপুরা থেকে ১০৯ জন হজ যাত্রী যাচ্ছেন বলে জানান হজ কমিটির চেয়ারম্যান শাহ আলম।

রবিবার পরপর তিনটি বিমানে করে তারা আগরতলা থেকে হজের উদ্দেশ্যে রওনা হন। বিমানে করে তারা প্রথমে কলকাতায় অবতরণ করবেন। সেখান থেকে তারা হজের উদ্দেশ্যে রওনা হবেন। হজ কমিটির চেয়ারম্যান শাহ আলম জানিয়েছেন গত একমাস ধরেই হজভবনে হজ যাত্রীদের জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ বছর থেকে হজ যাত্রীদের সুবিধার্থে সরকারের তরফ থেকে একজন সরকারি কর্মচারীকেও তাদের সঙ্গে পাঠানো হয়েছে।

এজন্য হজ কমিটির চেয়ারম্যান রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। রবিবার সকালে হজভবনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে হজ কমিটির তরফ থেকে হজ যাত্রীদের যাত্রা শুরু করিয়ে তাদের জন্য শুভকামনা করা হয়। হজ যাত্রীরা রাজ্যের জনগণের জন্য হজে গিয়ে সুখ সমৃদ্ধি কামনা করবেন বলেও তিনি জানিয়েছেন।

# রইস্যাবাড়ি পিএইচসির বেহাল দশা চরম ভোগান্তির শিকার জনগন

● প্রথম পাতার পর

রইস্যাবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উন্নয়নে রাজ্য সরকার ও স্বাস্থ্য দপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুক, দাবি মহকুমাবাসীর।

## জমি সংক্রান্ত বিবাদের জেরে

● প্রথম পাতার পর

তার মৃত্যু হয়। উক্ত ঘটনাকে কেন্দ্র করে অভিযুক্ত সাদেক মিয়ার বিরুদ্ধে থানায় মামলা দায়ের করবে বলে জানান মৃত ব্যক্তির পরিবার। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্য বিরাজ করছে।

## পেট্রোল ঢেলে আত্মহত্যার

● প্রথম পাতার পর

প্রথমে গোমতি জেলা হাসপাতালে নিয়ে যায়।

অগ্নিদগ্ধ মামন চক্রবর্তীর অবস্থা সংকট জনক হওয়ায় প্রাথমিক চিকিৎসার পর গোমতী জেলা হাসপাতাল থেকে তাকে জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়। গোমতী জেলা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানিয়েছেন তার শরীরের প্রায় ৯০ শতাংশ আগুনে ঝলসে গেছে। অবস্থা খুবই সংকটজনক হওয়ায় তাকে জরুরী ভিত্তিতে জিবি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। অপরদিকে অগ্নিদগ্ধ কার্তিক লাল চক্রবর্তী বর্তমানে গোমতী জেলা হাসপাতালে চিকিৎসাধীন। অগ্নিদগ্ধ স্ত্রীকে আগুনের হাত থেকে বাঁচাতে গিয়ে তার দুটি হাতই আগুনে পুড়ে গেছে বলে জানা যায়। আর কে পুর থানার পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনা তদন্ত শুরু করেছে।

## স্কুল ছাত্রীর শ্লীলতাহানির

● প্রথম পাতার পর

পিতার কাছে জানায়। পরে শনিবার দুপুরে গোটা ঘটনাটি বিস্তারিত জানিয়ে লিখিতভাবে পুলিশের কাছে মামলা দায়ের করে মেয়েটির পরিবার। পরিবারের অভিযোগ হাতে পেয়ে কাকড়াবন থানার ওসি রাজীব ভৌমিক গোটা ঘটনার তদন্তে নেমে গ্রেপ্তার করে সফিক মিঞাকে।

পুলিশ পক্সো আইনে ৩৪১ / ৩৫৪ আইপিসি ৮ অফ পক্সো ধারায় মামলা নেয়। কাঁকড়াবন থানায় মামলা নম্বর ২০ / ২০২৪। এই ঘটনার খবর পেয়ে কাঁকড়াবনের বিজেপি মন্ডল সভাপতি বিশ্বজিৎ দাস কাঁকড়াবন থানায় ছুটে যান দলীয় কর্মীদেরকে সাথে নিয়ে। কথা বলেন থানার ওসির সাথে এবং গোটা ঘটনায় দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন সফিক মিঞার বিরুদ্ধে। এই ঘটনায় বর্তমানে ব্যাপক উত্তপ্ত কাঁকড়াবন এলাকা। এ ধরনের ঘটনার দৃষ্টান্তমূলক কঠোর শাস্তি হওয়া প্রয়োজন বলেও এলাকার জনগণ দাবি করেছেন।

## আজ চতুর্থ দফায় ভোট

● প্রথম পাতার পর

কাশ্মীরের ১ আসনের নির্বাচন হবে এই পর্বে।

লোকসভা ভোটের পাশাপাশি অন্ধ্রপ্রদেশের বিধানসভা নির্বাচনও সোমবার। সেইরাজ্যে ওয়াইএসআর কংগ্রেস এবং টিডিপির লড়াইয়ে ওয়াইল্ড কার্ড এন্টি হিসাবে লড়ছে কংগ্রেস। ওডিশার যে যে লোকসভায় ভোট হচ্ছে, সেই সেই এলাকার বিধানসভা ভোটও হয়ে যাবে সোমবারই। সেখানে সম্মুখ সমরে বিজেডি এবং বিজেপি। এই পর্বে যে সব হেভিওয়েটের ভাগ্য নির্ধারণ হবে তার মধ্যে রয়েছেন, অখিলেশ যাদব, আসাদউদ্দিন ওয়েইসি, গিরিরাজ সিং, অধীর চৌধুরী, ওয়াই এস শর্মিলারা।

## মিথ্যের ভীতের উপর

● প্রথম পাতার পর

গ্রহন করেছিলেন। কিন্তু তা সফল করতে পারেননি। তবে রাজ্য সরকার আগামী ১ বছরের মধ্যে রাজ্যে পেট্রোল ডিজেলের সংকট দূর করতে সেকেরকোট এলাকায় বাফার স্টক নির্মাণের কাজ শেষ করবে। ফলে এই সমস্যার স্থায়ী সমাধান হবে।

বিজেপি মুখপাত্র আরো বলেন, বামেরা বলছে হিরে মডেল কোথায়? কিন্তু তারা জানেনই না যে হিরা মডেল কাকে বলে। তাই হিরা মডেলে রাজ্যের পরিবর্তন তারা লক্ষ্য করতে পারছেন না। তিনি বলেন সাব্রুম পর্যন্ত জাতীয় সড়কের প্রসারই বাম আমলে সঠিকভাবে হয়নি। কিন্তু বিজেপি সরকারের আমলে রাজ্যে ৬ টি সম্পূর্ন জাতীয় সড়ক রয়েছে। আরো চারটি জাতীয় সড়ক নির্মাণের পরিকল্পনা রয়েছে।

এছাড়াও আসামে কো অপারেটিভ ব্যাংকের পরীক্ষার্থীদের বাস দুর্ঘটনা প্রসঙ্গে তিনি জানান, ঐদিন দুর্ঘটনায় মৃত দীপরাজ দেববর্মা পরীক্ষার্থী ছিলেন না। অন্য কারো সঙ্গী হিসেবে গেছিলেন তিনি। ওই ঘটনায় যেসকল পরীক্ষার্থীরা আহত হয়েছেন তাদের চিকিৎসার দায়ভার গ্রহন করেছে রাজ্য সরকার। পাশাপাশি তাদের পরবর্তী সময়ে পরীক্ষা দেওয়ার বন্দোবস্ত করার চেষ্টাও চালানো হচ্ছে বলে জানিয়েছেন তিনি। সর্বোপরি তিনি বলেন, বামেরা তাদের মিথ্যের উপর ভিত্তি করে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। তিনি রাজ্যবাসী অবগত রয়েছেন। তারা ওই সরকার ও তাদের নেতৃত্বদের প্রত্যাখ্যান করেছেন। তাই বিজেপি সরকারের উন্নয়নের পক্ষেই রয়েছেন রাজ্যবাসী, এদিন সাংবাদিক সম্মেলনে এমনটাই জানালেন বিজেপির প্রদেশ মুখপাত্র সুব্রত চক্রবর্তী।

## নার্স ডে পালিত

● প্রথম পাতার পর

গোপা দত্ত। এছাড়াও উপস্থিত ছিলেন নার্সিং কলেজের শিক্ষিকাও ছাত্রছাত্রীরা। ফ্লোরেন্স নাইটেঙ্গেল ও রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিতে ফুল মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা। পরে তার জীবন দর্শন নিয়ে আলোচনা করতে গিয়ে আগরতলা গভমেন্ট নার্সিং কলেজের অধ্যক্ষা শ্রীমতি চৌধুরি বলেন তিনি যে সেবার মানসিকতা নিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছিলেন তাঁর পথ অনুসরণ করে আমাদের এগিয়ে যেতে হবে। এছাড়া আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালে নার্সিং কাউন্সিলের কর্মীদের উদ্যোগে বৃক্ষরোপণ করা হয়। নবাগত কর্মীদের স্বাগত জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তার ডক্টর সঞ্জীব দেববর্মা, ডেপুটি এম এস ডক্টর কনক চৌধুরী, হাসপাতালের মেট্রন সহ কর্মরত নার্সরা,। হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার নার্সিং ইনস্টিটিউট এর উদ্যোগেও ইন্দ্রনগর প্রতিষ্ঠানের কার্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচির মধ্য দিয়ে দিনটি পালন করা হয়। এছাড়া টিজিটি এ নার্সিং স্টাফ লোকাল কমিটির উদ্যোগে সূর্য চৌমহনি কেন্দ্রীয় কার্যালয়ে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি সুচিত্র মহান জমাতিয়া,। এছাড়া উপস্থিত ছিলেন ডক্টর ইন্দ্রজিৎ পাল, অর্চনা সেন, তুলসী ঘোষ বণিক সহ অন্যান্য নেতৃত্ব। এই স্বাস্থ্য শিবিরে রোগীদের বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও ঔষধ প্রদান করা হয়। এছাড়া অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত নার্সদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়।

াঙ্গন

# ইমনের মারকুটে ব্যাটিংয়ে দুর্দান্ত জয়

## নন্দননগরের, মহাত্মা গান্ধী স্কুল পর্যুদস্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ইমনের মারকুটে ব্যাটিং। লেগ বিফোর উইকেট হয়ে প্যাভিলিয়নে না ফিরলে ৫ম ওভার বাউন্ডারিটা হাঁকাতে পারলেই সেঞ্চুরি হয়ে যেত।

মোটকথা তালতলা স্কুল গ্রাউন্ডে আগুন ঝড়লো ইমন পালের ব্যাট থেকে। রবিবার স্কুল ক্রিকেটে এই মাঠে নন্দন নগর স্কুল মুখোমুখি হয় মহাত্মা গান্ধী মেমোরিয়াল ইংলিশ মিডিয়াম স্কুলের। এই ম্যাচে নন্দন নগর স্কুল বিশাল রানের ব্যবধানে হারিয়ে দিলো মহাত্মা গান্ধী স্কুলকে।

নন্দন নগরের হয়ে দুর্দান্ত ব্যাটিং করে ইমন পাল। মাত্র ছয় রানের জন্য হাতছাড়া হলো তার শতকের। টস জিতে মহাত্মা গান্ধী দল প্রথমে ফিল্ডিং করে। ব্যাট করতে নেমে নন্দন নগর স্কুল ২০ ওভারে ৩ উইকেটের বিনিময়ে স্কোরবোর্ডে সংগ্রহ করে ২০৬ রান। ব্যাটে ইমন পাল ৯৪ রান করে ৪৮ বল খেলে।

এতে ১৪টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি রয়েছে। এছাড়া, দলের হয়ে সত্যজিৎ দেববর্মা ৩৮, জয়দেব সাহা ২৪, তুহিন দেবনাথ নট আউট থাকে ২১ রানে। বোলিংয়ে মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুলের পক্ষে একটি করে উইকেট নেয় কিষান দাস ও দীপ শীলরা। জবাবে খেলতে নেমে মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুল শুরু থেকেই উইকেট হারিয়ে চাপে পড়ে যায়।

এই চাপ আর শেষ পর্যন্ত কাটিয়ে উঠতে পারেনি দল। সুবাদে ১৪.৩ ওভারে ১০ উইকেট হারিয়ে ১০৪ রানই করতে সক্ষম হয় মহাত্মা গান্ধী মেমোরিয়াল স্কুল। ব্যাটে অনিমেষ সরকার ১০, দীপ শীল ১৪, স্বপ্নজিত সাহা ১৯, অঙ্কুর পাল ১২ রান করে। অতিরিক্ত থেকে দল পায় ২৬ রানের ভরসা। তবে তা দলের পরাজয় রুখতে পারেনি। বিজয়ী দলের হয়ে বোলিংয়ে জয়দেব দেব তিনটি এবং দুটি করে উইকেট নেয় বিশ্বজিৎ রুদ্র পালরা। একটি করে উইকেট নেয় স্বপ্নজিত দাস ও রাহুল দেবনাথ। দুর্দান্ত ব্যাটিংয়ের সৌজন্যে ইমন পাল পেয়েছে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব।

# রাজ্য দাবা প্রতিযোগিতায়

## অর্শিয়া, দেবরাজ চ্যাম্পিয়ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রত্যাশিতভাবেই রাজ্য সেরা হলো অর্শিয়া দাস এবং দেবরাজ ভট্টাচার্য। দুদিন ব্যাপী রাজ্য সিনিয়র মহিলা এবং অনূর্ধ-৭ দাবা প্রতিযোগিতায়। এন এস আর সি সি-র দাবা হলঘরে হয় আসর। সিনিয়র মহিলা বিভাগে চতুর্থ তথা শেষ রাউন্ডের খেলা হয় সোমবার। তাতে শীর্ষ স্থান দখলের লড়াইয়ে বিষ্ময় বালিকা অর্শিয়া দাসের মুখোমুখি হয়েছিলো একান্তিকা সরকার। ৬৪ ঘরের মস্তিস্কের লড়াইয়ে দুরন্ত খেলে অর্শিয়া জয়লাভ করে। এবং ৪ রাউন্ডে পুরো ৪ পয়েন্ট পেয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হয়। ৩ পয়েন্ট পেয়ে ভোকলসে আরাধ্যা দাস দ্বিতীয় এবং একান্তিকা তৃতীয় স্থান দখল করে। ২ পয়েন্ট করে চতুর্থ স্থান দখল করে সঙ্গীতা সাহা।

প্রথম ৪ স্থানাধিকারী দাবাড়ু জাতীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করে নেয়। এদিকে অনূর্ধ-৭ বালক বিভাগে শীর্ষ স্থান দখলের লড়াইয়ে দেবরাজ ভট্টাচার্য-র মুখোমুখি হয় মেট্রিক্স চেস আকাদেমির নবাগত দাবাড়ু প্রভজ্যোত ভট্টাচার্য। প্রভজ্যোত ৬৪ ঘরের লড়াইয়ে দুরন্ত খেললেও শেষ পর্যন্ত অভিজ্ঞতার অভাবে পিছিয়ে পড়ে। অপরাজিত চ্যাম্পিয়ন হয় দেবরাজ। ৪ ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে। ৩ পয়েন্ট নিয়ে ভোকলসে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্থান দখল করে যথাক্রমে মেট্রিক্স চেস আকাদেমির প্রভজ্যোত, দীপ্তনীল দেব এবং মেট্রিক্স চেস আকাদেমির সঙ্গদীপ পাল। এর আগে রবিবার বালিকা বিভাগে এস দিলসাদ প্রথম, মেট্রিক্স চেস আকাদেমির অবন্তিকা চক্রবর্তী দ্বিতীয়, ঐশানি ভৌমিক তৃতীয় এবং মেট্রিক্স চেস আকাদেমির তেজশ্বীনি পোদ্দার চতুর্থ স্থান দখল করেছিলো। অনূর্ধ-৭ আসরে দুবিভাগে প্রথম ২ স্থানাধিকারী দাবাড়ু জাতীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করেছে।

# ছত্তিশগড়ে অনূর্ধ-২০ ফুটবলে

## ত্রিপুরা আসাম মুখোমুখি আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আসরের দ্বিতীয় ম্যাচ খেলতে আগামীকাল মাঠে নামবে ত্রিপুরা। প্রতিপক্ষ আসাম। ছত্তিশগড়ের নারায়নপুরে অনুষ্ঠিত হবে স্বামী বিবেকানন্দ জাতীয় অনূর্ধ-২০ বালকদের ফুটবল আসরে। ওই রাজ্যের রামকৃষ্ণ মিশন মাঠে আগামীকাল বিকেল ৪ টায় হবে খেলাটি। ওই ম্যাচে মাঠে নামার আগে রবিবার বিকেলে হালকা অনুশীলন সেরে নেয় ত্রিপুরার ফুটবলাররা। দুদলই আসরে নিজেদের প্রথম ম্যাচে পয়েন্ট ভাগ করেছিলো। ত্রিপুরা দু-দুবার এগিয়ে থেকে অরুনাচল প্রদেশের বিরুদ্ধে পয়েন্ট ভাগ করেছিলো। অপর দিকে আসাম গোলশূণ্য পয়েন্ট ভাগ করেছিলো মধ্যপ্রদেশের বিরুদ্ধে। দু-দলই নিজেদের প্রথম জয়ের লক্ষ্যে নিয়ে মাঠে নামবে। এদিকে ত্রিপুরার দুই নির্ভরযোগ্য ফুটবলার অমিত জমাতিয়া এবং পহর জমাতিয়ার চোট নিয়ে কিছুটা দুশ্চিন্তায় কোচ রাজেশ রায় চৌধুরি। কোচ এবং ম্যানেজার শুভেনজিৎ সিনহা আপ্রাণ চেষ্টা করছেন ওই দুই ফুটবলারকে সুস্থ করে তোলার। তবে শেষ পর্যন্ত ওই দুই ফুটবলার মাঠে নামলে কতটুকু নিজেদের সেরা খেলাটা মেলে ধরতে পারবে তা নিয়েও কিছুটা সন্দেহ রয়েছে। তবু কোচ এবং ম্যানেজার আশাবাদী আসামের বিরুদ্ধে ভালো ফলাফল করা নিয়ে। আগামীকাল সকাল সাড়ে সাতটায় একই মাঠে দিনের প্রথম খেলায় অরুনাচল প্রদেশ এবং মধ্যপ্রদেশ পরস্পরের মুখোমুখি হবে। এদিকে, রবিবার এফ গ্রুপের খেলায় রাজস্থান ২-১ গোলে মহারাষ্ট্রকে এবং বিকেল চারটার ম্যাচে মিজোরাম ৫-০ গোলে মেঘালয়কে পরাজিত করেছে।

# রাজদীপ, শাহিন, রাহুলের পারফরম্যান্সে

## ক্ষুদিরাম স্কুলকে হারালো হেনরি ডিরোজিও

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দুর্দান্ত ব্যাটিং রাজদীপ দেবনাথের। অলরাউন্ড পারফরম্যান্স রাহুল বর্মনের। সঙ্গে শাহীনকে নিয়ে ৮৪ রানে দুর্দান্ত জয় হেনরি ডিরোজিও একাডেমির। আন্তঃ স্কুল ক্রিকেটে হারালো ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলকে। ব্যাটে নজরকাড়া পারফরম্যান্স করলো রাজদীপ। সঙ্গী হিসেবে রাহুল বর্মণ, দেবোজিত দেবনাথরা দারুণ ব্যাটিং করে। সুবাদে স্কুল ক্রিকেটে হেনরি ডিরোজিও স্কুল ৮৪ রানের ব্যবধানে হারিয়ে দিলো ক্ষুদিরাম বসু ইংলিশ মিডিয়াম স্কুলকে। রবিবার নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে ঘটলো এই ঘটনা। টস জিতে হেনরি ডিরোজিও একাডেমির ক্রিকেটাররা প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেটের বিনিময়ে স্কোরবোর্ডে সংগ্রহ করে ২০৫ রান। এর মধ্যে হেনরি ডিরোজিও একাডেমির হয়ে রাজদীপ দেবনাথ সর্বাধিক ৭১ রান করে। এর মধ্যে সাতটি চার ও পাঁচটি ছয়ের মার শামিল। এছাড়া রাহুল বর্মণ ৪৫, দেবোজিত দেবনাথ ৪১, উজ্বয়ন বর্মণ ১৪, সমরাংশু পাল ১০ রান করে। বলে ক্ষুদিরাম বসু স্কুলের হয়ে আয়ুষ দেবনাথ তিনটি এবং অয়ন দেবনাথ ২টি উইকেট পায়। জয়ের জন্য ক্ষুদিরাম বসু স্কুলের সামনে টার্গেট দাঁড়ায় ২০৬ রানের। যাকে তাড়া করতে নেমে দল ৯ উইকেট হারিয়ে ১২১ রান করতে সক্ষম হয়। ব্যাটে দলের হয়ে গৌরব রাজ সাহা ২৫, আয়ুষ দেবনাথ ১৫, শঙ্খদীপ দাস ১০, দেবোজিত বণিক ১৬ এবং শেষে শুভ্রজিত সাহা ১১ রানে অক্ষত থাকলেও তা দলের পরাজয় রুখতে পারেনি। সুবাদে অনায়াসেই জয় হাসিল করে নিলো হেনরি ডিরোজিও একাডেমি। বিজয়ী দলের হয়ে বল হাতে শাহীন জামান চৌধুরী তিনটি, রাহুল বর্মণ দুটি উইকেট নেয়। দুর্দান্ত ব্যাটিংয়ের সুবাদে রাজদীপ পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# পশ্চিম জেলা অ্যাথলেটিক্স অ্যাসো-র

## কার্যকরী কমিটি পুনর্গঠিত হলো

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।।পশ্চিম জেলার অ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশনের আগামী চার বছরের জন্য কার্যকরী কমিটি পুনর্গঠিত হলো। পশ্চিম জেলার অন্তর্গত তিনটি সাব ডিভিশন মিলে ৩৫ জনের এই কমিটি গঠন করা হলো। আগামী চার বছরের জন্য তাদের লক্ষ্য অ্যাথলেটিক্সকে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া এবং খেলোয়ারদের উন্নত মানের প্রশিক্ষণের ব্যবস্থা করা। এনএসআরসিসির হলে অনুষ্ঠিত হলো এই বার্ষিক সাধারণ সভা। নতুন কার্যকরী কমিটির সভাপতি অলক রায়, সহ-সভাপতি সূর্যরাজ ভর, নিখিল সাহা ও ড় কৃষ্ণেন্দু ধর। সম্পাদক কামাল হোসেন, যুগ্ম সম্পাদক প্রনব অখণ্ড, জয়দীপ তলাপত্র এবং মিতালী দেবনাথ; কোষাধ্যক্ষ বেনু দেব মনোনীত হয়েছেন। তাছাড়া, আরও ২৬ জন সদস্য রয়েছেন এই কমিটিতে। অ্যাথলেটিক্সের নব জাগরণ, অগ্রগতি ও প্রসারে নতুন কমিটি কাজ করবেন এই প্রত্যাশা ব্যক্ত করেন সভাপতি অলক রায়। এই কমিটির উদ্যোগে আগামী কিছুদিনের মধ্যে রাজ্য ভিত্তিক ক্রস কান্টি দৌড়ের আয়োজন করা হবে।

# সন্তোষ মেমোরিয়াল ক্লাব লীগ

## ক্রিকেটে ৩ মাঠে আজ তিন ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ক্লাব লীগ ক্রিকেট। বড়দের খেলা। টিসিএ আয়োজিত সন্তোষ মেমোরিয়াল এ ডিভিশন ক্রিকেটে আগামীকালও তিন মাঠে তিনটি ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। পুলিশ মেমোরিয়াল ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে ওল্ড প্লে সেন্টার খেলবে বনমালীপুর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। দু দলের কাছেই এটি চতুর্থ ম্যাচ। লক্ষ্য একই রকম অর্থাৎ প্রথম জয়ের স্বাদের উদ্দেশ্যে দু দল আগামীকাল মাঠে নামবে। একই সময়ে টিআইটি গ্রাউন্ডে কসমোপলিটন ও চলমান সংঘ পরস্পরের মুখোমুখি হবে। লাগাতার জয় অর্থাৎ টানা চতুর্থ ম্যাচে জয় ছিনিয়ে লীগ শীর্ষস্থান অধিকার করে নিতে। অপরদিকে চলমান সংঘ জয়ের হ্যাট্রিকের লক্ষ্যে আগামীকাল মাঠে নামবে। কসমোপলিটন এর আগে ইউনাইটেড বি এস টি কে পাঁচ উইকেটে, মৌচাককে ৭ উইকেটে এবং পোলস্টারকে ১২৫ রানের ব্যবধানে পরাজিত করেছে। চলমান সংঘ টানা দুই ম্যাচে জয় পেয়েছে যথাক্রমে ওল্ড প্লে সেন্টারকে ৭৬ রানে এবং বনমালীপুর ক্রিকেট ক্লাবকে ৮ উইকেটে হারিয়ে। এমবিবি স্টেডিয়ামে আগামীকাল ইউনাইটেড বিএসটি মুখোমুখি হবে হার্ভে ক্লাবের বিরুদ্ধে। ইউনাইটেড বিএসটি চাইছে জয়ে ফিরতে। অপরদিকে হার্ভের লক্ষ্য রয়েছে টানা চতুর্থ ম্যাচে জয় পেতে। হার্ভে এর আগে মৌচাককে ১৬২ রানে, বিসিসিকে ২৬০ রানে এবং ওপিসিকে ৮ উইকেটে পরাজিত করেছে। ইউনাইটেড বিএসটি একমাত্র জয় পেয়েছে বিসিসিকে ৯ উইকেটে হারিয়ে।

# সদর আন্তঃ স্কুল টি-টোয়েন্টি ক্রিকেটে মধুবনকে হারিয়ে আনন্দনগর জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। আনন্দনগর স্কুলের দুর্দান্ত জয়। হারিয়েছে মধুবন ডুকলি স্কুলকে। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সদর আন্তঃ স্কুল টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে। গ্রুপ লীগ পর্যায়ের খেলায় আনন্দনগর স্কুল ৪৮ রানের ব্যবধানে মধুবন ডুকলি স্কুলকে হারিয়েছে। সাগর পালের অলরাউন্ড পারফরম্যান্স। সঙ্গে সাহিল রায়ের দুর্দান্ত বোলিং। দুইয়ে মিলে কুপোকাৎ করে দিলো মধুবন ডুকলি স্কুলকে। টিসিএ পরিচালিত স্কুল ক্রিকেটে রবিবার ঘটলো এই ঘটনা। ম্যাচটি ৪৮ রানের ব্যবধানে জিতে নিলো আনন্দ নগর স্কুল। টস জিতে আনন্দ নগর স্কুল প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেটের বিনিময়ে স্কোরবোর্ডে সংগ্রহ করে ১৫৫ রান। ব্যাটে দলের হয়ে আকাশ পাল ১৭, জনসন দেববর্মা ২০, সাহিল রায় ২৭ ও সাগর পাল ৪৬ রানে নট আউট থেকে দলের জন্য এই স্কোর গড়ে। অতিরিক্ত সাহেব ভরসা যোগায় ৩৫ রানের। বোলিংয়ে মধুবনের পক্ষে দুটি করে উইকেট নেয় জয় ঘোষ ও হৃদয় দাসরা। একটি করে উইকেটে ভাগ বসায় সাগর দেবনাথ, প্রিয়াংসু সরকার ও জয়দীপ চক্রবর্তীরা। জয়ের জন্য মধুবন স্কুলের সামনে টার্গেট দাঁড়ায় ১৫৬ রানের।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# আসন্ন বর্ষায় বিদ্যুৎ ব্যবস্থাপনায় বিপর্যয় মোকাবিলায় প্রকৌশলীদের নিয়ে জরুরী বৈঠক করলেন বিদ্যুৎ সচিব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** বর্ষা জনিত পরিস্থিতি মোকাবিলায় ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেড এবং ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেড এর সমস্ত আধিকারিক এবং প্রকৌশলীদের নিয়ে প্রজ্ঞা ভবনে এক জরুরী বৈঠক করেছেন রাজ্য সরকারের বিদ্যুৎ সচিব অভিষেক সিং (আইএএস)। শনিবার দিনভর আয়োজিত বৈঠকে কার্যত বিদ্যুৎ দপ্তরের অধীনস্থ এই তিনটি নিগমের বর্তমান অবস্থান নিয়ে পর্যালোচনা বৈঠক করেন একেবারে ডিভিশন অর্থাৎ বিভাগীয় স্তর ধরে ধরে। বিদ্যুৎ নিগমের প্রতিটি ডিভিশন এবং সাব ডিভিশন অর্থাৎ বিভাগ এবং উপবিভাগে কি ধরনের সমস্যা রয়েছে, ঘাটতি কোথায় রয়েছে এবং যেকোনো বিপর্যয় মোকাবিলা করতে গেলে আর কি ধরনের প্রস্তুতি নিতে হবে, এ বিষয়েও পর্যালোচনা করেছেন বিদ্যুৎ সচিব। এদিন তিনি নিগমের এডিশনাল জেনারেল ম্যানেজার, ডেপুটি জেনারেল ম্যানেজার এবং সিনিয়র ম্যানেজারদের নির্দেশ দিয়ে বলেছেন, বর্ষা এখনো শুরুই হয়নি। আগামী দিনে শুরু হবে মূল বর্ষা। সঙ্গে ঝড়, গরম অত্যাধিক পরিমাণে পড়তে পারে। এজন্য বিদ্যুৎ দপ্তরের অধীনস্থ তিনটি নিগমকেই অত্যন্ত সতর্ক থাকতে হবে। বিশেষ করে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড এবং ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের সমস্ত আধিকারিক এবং প্রকৌশলীদের সতর্কিত নজর রাখতে হবে, যাতে করে যে কোন ধরনের বিপর্যয় অতি দ্রুত মোকাবিলা করা যায়। শুধুমাত্র মেরামতি কার্য শেষ করলেই হবে না, লক্ষ্য রাখতে হবে মানুষের ক্ষোভ যেন প্রশমন করা যায়। কোথাও যেন কোথাও বিক্ষোভ কিংবা আন্দোলন ছড়িয়ে না পড়ে, এজন্য প্রয়োজনে জনপ্রতিনিধি এবং গ্রাহকদের সঙ্গে দ্রুত যোগাযোগ রক্ষা করা এবং পরিস্থিতি সম্পর্কে তাদেরকে অবগত করাতে হবে। দক্ষিণ জেলার সাবরুমে বিদ্যুৎ সরবরাহ সম্পর্কিত বিষয়ে আরো বেশি নজর দেওয়ার জন্য তিনি নির্দেশ দিয়েছেন। পাশাপাশি বিদ্যুতের বকেয়া বিল আদায় এবং বর্তমান বিল আদায়ের ক্ষেত্রেও এজেন্সিকে নজর দেওয়ার ক্ষেত্রে নিগমকে নির্দেশ দিয়েছেন। তিনি বিদ্যুৎ নিগমের ভিজিল্যান্স দলকে আরো বেশি সক্রিয়তার সঙ্গে অবৈধ বিদ্যুৎ সংযোগ ছিন্ন করা সহ অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্যও নির্দেশ দিয়েছেন। বিদ্যুৎ সচিব অভিষেক সিং (আইএএস) জানান, সব সময় নজরে রাখতে হবে হাসপাতাল, পানীয় জলের উৎস সমূহ এবং অত্যাবশ্যকীয় পরিষেবা যেখানে রয়েছে, সেই স্থানে যেন সর্বাগ্রে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া যায়। কারণ এর সঙ্গে গোটা সমাজ জড়িয়ে রয়েছে। এই বৈঠকে ত্রিপুরা রাজ্যবিদ্যুৎ নিগম লিমিটেড এর ব্যবস্থাপক অধিকর্তা দেবাশীষ সরকার, অর্থ বিভাগের অধিকর্তা সর্বজিৎ সিং ডোগরা, টিপিটিএল এর কারিগরি অধিকর্তা অনিল খান্না, নিগমের জেনারেল ম্যানেজার স্বপন দেববর্মা, টিপিটিএল এর জেনারেল ম্যানেজার রঞ্জন দেববর্মা এবং টিপিজিএল এর জেনারেল ম্যানেজার হরেকৃষ্ণ দাস সমেত সমস্ত আধিকারিকরা উপস্থিত ছিলেন।

# শ্যাম সুন্দর কোং জুয়েলার্স উপস্থাপন করেছে 'শ্রীচরনেষু মা', মাতৃ দিবস উপলক্ষ্যে এক বিশেষ শ্রদ্ধাঞ্জলি




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** মাতৃ দিবস উপলক্ষ্যে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স রবিবার, ১২ মে, ২০২৪ তারিখে আগরতলায় সান্ধ্যনীড়ে 'শ্রীচরনেষু মা' অনুষ্ঠানটির আয়োজন করেন।

'শ্রীচরনেষু মা', আসলে এক বিশেষ মাতৃ দিবস উদযাপন, সেই সব মায়েদের শ্রদ্ধাঞ্জলি দেওয়ার জন্য যারা জানেন যে মাতৃত্ব আসলে কী।

এটি এমন এক উদ্যোগ যা সমস্ত সম্পর্কের মধ্যে মাকে সম্মান জানানোর জন্য তাদের চরনে হাত দিয়ে প্রণাম জানানোর মতো এক ঐতিহ্য।

এই বছরের উদযাপনটি মায়েদের থাকার জায়গা আগরতলায় সান্ধ্যনীড় - এ আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানটি সেই সব মায়েদের উদ্দেশ্যে উৎসর্গ করা হয়েছে যারা এখন জীবনের সায়াহ্নে এসে পৌছেছেন, যাদের এই সময়টা অনেক ভালোবাসা ও যত্নের প্রয়োজন হয়। তাই এই দিনটিতে তাদের জন্য অনেক ভালবাসা, উপহার ও আনন্দ দিয়ে ভরিয়ে তোলা হয়েছিল।

খ্যাতনামা কীর্তন গায়িকা পুষ্পিতা চক্রবর্তী ও হরিদাস সাহা তাদের সুন্দর গানের মাধ্যমে দিনটিকে আনন্দে ভরিয়ে তোলেন।

এই বিশেষ দিন উপলক্ষ্যে শ্যাম সুন্দর কোং জুয়েলার্স - কর্তৃপক্ষ মায়েদের কল্যাণের জন্য ১,২০,০০০/- টাকার চেক তুলে দিয়েছেন।

এদিন মায়েদের মুখের যে দীপ্তি ফুটে উঠেছিল তাদের মনের ও হৃদয়ের সমস্ত আনন্দকে প্রতিফলিত করছিল।

শ্যাম সুন্দর কোং জুয়েলার্স- এর ডিরেক্টর রূপক সাহা বলেন, "মাতৃ ঋণ কখনোই শোধ করা যায় না, কিন্তু স্বীকার করা যায়। 'শ্রীচরনেষু মা' সেই ঋণ স্বীকার এর প্রচেষ্টা। একই সাথে, আমরা জুয়েলারি শোরুমের চার দেয়ালের বাইরে এমন কিছু করার চেষ্টা করি যাতে সমাজের কাজে লাগতে পারি। সামাজিক কোনো কাজে যখনই কোনো দরকার পড়েছে আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দেবার চেষ্টা করেছি"।" তিনি আরো বলেন, " আগরতলায় সান্ধ্যনীড়" এ 'শ্রীচরনেষু মা' উদযাপন করতে পেরে খুবই আনন্দ পেয়েছি। কারণ এই উদযাপন মায়েদের মুখে যে হাসি ও দীপ্তি ফুটিয়ে তুলেছে তার চেয়ে এই পৃথিবীতে আর মূল্যবান কিছু নেই।"

শ্যাম সুন্দর কোং জুয়েলার্স- এর আরেক ডিরেক্টর অর্পিতা সাহা বলেন, "মায়েরা আমাদের এই পৃথিবীতে নিয়ে আসেন। মা সবসময় আমাদের পাশে থাকেন। মায়ের প্রতি যত্ন নেওয়া প্রতিটি ছেলে ও মেয়ের দায়িত্ব। বিশেষ করে এমন বয়সে যখন তিনি নিজেকে সামলাতে পারেন না। 'শ্রীচরনেষু মা' সেদিক থেকে দেখলে এমনই এক পদক্ষেপ যা মায়েদের মুখে এক রৌদ্রোজ্জ্বল হাসি ফোটাতে পারে যারা এখন জীবন সায়াহ্নে এসে পৌঁছেছেন।"

এদিনের কর্মসূচী একসাথে সবাই মিলে মধ্যাহ্ন ভোজের মধ্য দিয়ে শেষ হয় যা এক মিষ্টি সুরের রেশ ছেড়ে যায়।

# সাংবাদিক বাপি রায়ের উপর আক্রমণের ঘটনায় গ্রেপ্তার ৫

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** সাংবাদিক বাপি রায়ের উপর আক্রমণের অভিযোগে পাঁচজন যুবককে আটক করেছে আগরতলা পূর্ব থানার পুলিশ। ধৃতদের আজ আদালতে সোপর্দ করা হয়েছে।

ঘটনার বিবরনে প্রকাশ, গত ১০মে কর্তব্য পালন করে বাড়ি ফেরার পথে রাজধানীর গনরাজ চৌমুহনী এলাকায় ৫ যুবকের সঙ্গে বাক বিতণ্ডার সৃষ্টি হয়। তখন ঐ ৫ অভিযুক্ত টিটন দেব, অত্রজিৎ দাস, দীপঙ্কর গুহ, সাগর দেব ও জীবন সরকার মিলে বাপি রায়ের উপর চড়াও হয়। তাকে মারধোর করতে থাকলে ঘটনায় সাংবাদিক বাপি রায়ের মথা ফেটে যায়। ঘটনার খবর পেয়ে পূর্ব থানার পুলিশ ঘটনার তদন্তে নেমে অভিযুক্ত ৫ জনকেই আটক করেছে। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। তাদের প্রত্যেকের বাড়ি জিবি ৭৯ টিলা এলাকায় বলে জানিয়েছে পুলিশ।

# চক্ষু সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে দৃষ্টি রথযাত্রা র‍্যালি অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** অখিল ভারতীয় সামুদায়িক নেত্র চিকিৎসক সমিতির উদ্যোগে রবিবার সকালে রাজধানী আগরতলায় এক দৃষ্টি রথযাত্রার আয়োজন করা হয়। মূলত দৃষ্টিশক্তি সম্পর্কে মানুষকে সচেতন করার লক্ষ্যেই এই সচেতনতামূলক বাইসাইকেল রেলিটি অনুষ্ঠিত হয়। এদিন রাজধানীর আইএমএ হাউসের সামনে থেকে এই সাইকেল রেলিটি শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

এদিনের এই সচেতনতা মূলক কর্মসুচি সম্পর্কে বলতে গিয়ে সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক স্বপন কুমার সামন্ত বলেন, বর্তমানে কেন্দ্র সরকারের বিভিন্ন পরিষেবার মাধ্যমে গোটা দেশেই সরকারি খরচে চোখের বিভিন্ন জটিল রোগের চিকিৎসা হয়। কিন্তু সচেতনতার অভাবে গ্রাম পাহাড়ের সাধারণ জনগন এই পরিষেবা গ্রহন করতে পারছেন না। কারন তারা জানেনই না কোথায় এর স্থায়ী চিকিৎসা হয়। তাই সাধারণ মানুষের মধ্যে সচেতনতা গড়ে তুলতেই এদিনের এই দৃষ্টি রথযাত্রা কর্মসুচি।

# অপহৃত নাবালিকাকে খুঁজে বের করার দাবিতে থানা ঘেরাও করে বিক্ষোভ হিন্দু জাগরণ মঞ্চের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** অপহৃত নাবালিকাকে খুঁজে বের করার দাবিতে থানা ঘেরাও করে বিক্ষোভ দেখালো হিন্দু জাগরণ মঞ্চের নেতৃত্বরা। প্রায় ১০দিন আগে মধুপুর থানার অন্তর্গত আনন্দদেববর্মা পাড়া এলাকা থেকে ১৫ বছরের এক নাবালিকাকে অপহরণ করা হয় বলে অভিযোগ। পরবর্তী সময়ে এ বিষয়ে মধুপুর থানায় একটি মামলা করেন ওই নাবালিকার পরিবারের লোকজন। কিন্তু আশ্চর্যজনকভাবে এতদিন অতিক্রান্ত হয়ে গেলেও এখনো পর্যন্ত ওই নাবালিকা মেয়েকে উদ্ধার করতে পারেনি পুলিশ। তাই ওই নাবালিকা মেয়েকে অতিসত্ত্বর উদ্ধারের দাবি জানিয়ে মধুপুর থানা ঘেরাও করে হিন্দু সমাজের কার্যকর্তারা।

আগামী দু''দিনের মধ্যে ওই মেয়েকে উদ্ধার না করা হলে বৃহত্তর আন্দোলনে যাবেন বলে কড়া হুশিয়ারি দেন তারা।

এদিন অপহৃত নাবালিকার মাকে সঙ্গে নিয়ে মধুপুর থানা গিয়ে হিন্দু সংগঠনের নেতৃবৃন্দরা থানার দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষকে স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন ৪৮ ঘণ্টার মধ্যে নাবালিকাকে উদ্ধার এবং অভিযুক্তকে গ্রেপ্তার করা সম্ভব না হলে তারা বৃহত্তর আন্দোলন সংঘটিত করতে বাধ্য হবেন।

এজন্য আনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে পুলিশ প্রশাসনকে দায়ী থাকতে হবে বলেও তারা স্পষ্ট বার্তা দিয়েছেন। হিন্দু সংগঠনের নেতৃবৃন্দ আরো জানান, অপহরণকারী সংখ্যালঘু সম্প্রদায়ের যুবক ও তার পরিবারের লোকজনরা নাবালিকার মাকে প্রতিনিয়ত মামলা প্রত্যাহার করে নেওয়ার জন্য হুমকি দিচ্ছে। মামলা প্রত্যাহার না করলে প্রাণনাশ করা হবে বলেও হুশিয়ার দেওয়া হচ্ছে।

সবকিছু জেনে শুনেও পুলিশ অভিযুক্তের বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ না করায় হিন্দু সংগঠনের তরফ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। পুলিশের ভূমিকা নিয়ে সংশয় প্রকাশ করেছে সংগঠনগুলো।

# বিশালগড় প্রেস ক্লাবের উদ্যোগে মহকুমায় নার্সদের সংবর্ধনা জ্ঞাপন



**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ১২ মে ।।** যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক নার্স ডে পালিত হলো বিশালগড় মহকুমা হাসপাতালে। অন্যান্য বছরের মতো এ বছরও বিশালগড় প্রেসক্লাবের উদ্যোগে বিশালগড় মহকুমা কর্মরত নার্সদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। প্রতিবছর ১২ই মে আন্তর্জাতিক নার্স ডে পালিত হয় দেশ জুড়ে। রবিবার দুপুর ১২ টায় বিশালগড় প্রেসক্লাবের সাংবাদিকগণ বিশালগড় মহকুমা হাসপাতালে উপস্থিত হয়ে প্রথমে ফ্লুরেন্স নাটিঙ্গেলের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর হাসপাতালের কর্মরত সমস্ত নার্সদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এদিন বিশালগড় মহকুমা হাসপাতালে কর্মরত সমস্ত নার্স, মহকুমা স্বাস্থ্য আধিকারিক সহ অন্যান্য কর্তব্যরত চিকিৎসকরা উপস্থিত ছিলেন।

বিশালগড় প্রেসক্লাবের সম্পাদক তাজুল ইসলাম বলেন, ১৮২০ সালে ১২ই মে ইতালির ফ্লুরেন্স শহরে আধুনিক নার্সের জননী ফ্লোরেন্স নাটিংগেলের জন্ম হয়। ক্রিমিয়াম যুদ্ধে আহত সৈনিকদের সেবায় নিযুক্ত হন নাটিংগেল। ডাক্তারদের চিকিৎসার পাশাপাশি উনার সেবায় অসংখ্য সৈনিক নিশ্চিত মৃত্যুর হাত থেকে রক্ষা পায়। তিনি উপলব্ধি করেন চিকিৎসকদের পাশাপাশি সেবিকারও প্রয়োজন রয়েছে স্বাস্থ্যপরিসেবায়। এ উপলব্ধি থেকে আধুনিক নার্সের আধুনিকীকরণ। তাই প্রতিবছর এই মহান ব্যক্তিত্বকে স্মরণ করে শ্রদ্ধা জানিয়ে ১২ই মে আন্তর্জাতিক নার্স ডে পালিত হয়ে আসছে।

# ই - রিক্সা শ্রমিক সংগঠনের নামে চাঁদা আদায় করতে গিয়ে হাতে নাতে আটক এক ব্যক্তি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে ।।** ই - রিক্সা চালকদের কাছ থেকে চাঁদা আদায় করার অভিযোগে এক যুবককে হাতেনাতে আটক করে উত্তম মধ্যম দিয়েছে ক্ষুব্ধ ই-রিক্সা চালকরা। তাকে বটতলায় আটক করে উত্তম মধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দেওয়া দেয় ই-রিক্সা চালকরা। পুলিশ তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করে ঘটনা তদন্ত শুরু করেছে।

ঘটনার বিস্তারিত বিবরণে জানা গেছে, দীর্ঘদিন যাবত ত্রিপুরা ইলেক্ট্রনিক ই-রিকশা শ্রমিক সংঘের নাম নিয়ে অরুপ বিশ্বাস নামে এক ব্যক্তি চাঁদা আদায় করত বিভিন্ন জায়গা থেকে।

অনেকদিন ধরেই তাকে ধরার চেষ্টা চলছিল। অবশেষে রবিবার বটতলা এলাকা থেকে চাঁদা আদায় করার সময় তাকে হাতেনাতে ধরে উত্তম মধ্যম দিয়ে তুলে দেয় পূর্ব আগরতলা থানার পুলিশের হাতে। এ বিষয়ে জানতে চাওয়া হলে আটক অরুপ বিশ্বাস জানায় সে এ ধরনের কোন ঘটনা সংঘটিত করেনি।

সে নিজেকে নির্দোষ প্রমাণিত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। অথচ ই - রিক্সা চালকরা বরাবরই তার বিরুদ্ধে অভিযোগ আনছেন।

এ ধরনের ঘটনাকে কেন্দ্র করে ই রিক্সা শ্রমিক সংঘ গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

ঘটনার তদন্তক্রমে অভিযুক্তদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। ই রিকশা চালকরা অভিযোগ করেছেন দীর্ঘদিন ধরেই অরূপ বিশ্বাস নামে ওই ব্যক্তি ই রিকশা চালকদের সঙ্গে প্রতারণা করে আসছিল।তাকে উপযুক্ত শাস্তি প্রদান করার দাবি জানিয়েছেন ই - রিক্সা চালকরা।

# যথাযোগ্য মর্যাদায় প্রয়াত সর্ব ভারতীয় নেত্রী নীলিমা মৈত্রের প্রয়াণ দিবস পালিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১২ মে।।** রবিবার সিআইটিইউর রাজ্য দপ্তরে যথাযোগ্য মর্যাদায় কমরেড নীলিমা মৈত্রের প্রয়াণ দিবস উপলক্ষ্যে এক স্মরণ সভার আয়োজন করা হয়।

এদিনের স্মরণ সভায় উপস্থিত ছিলেন রাজ্যের বাম নারী নেত্রীরা।

এদিনের এই স্মরণ সভায় উপস্থিত থেকে নারী নেত্রীরা নীলিমা মৈত্রের রাজনৈতিক জীবন ও সংগ্রাম নিয়ে আলোচনা করেছেন। আলোচনায় নেতৃত্বরা উল্লেখ করেন, নীলিমা মৈত্র অনেক ছোট বয়স থেকে ছাত্র আন্দোলন ও অন্যান্য আন্দোলনে অংশ গ্রহন করেছেন। স্বাধীন ভারতে যখন প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় তখন তিনি সিপিআই এর পোলিং এজেন্ট ছিলেন। বাম দল এবং আন্দোলনে উনার অবদান চির স্মরণীয় হয়ে থাকবে বলে জানান নেতৃত্বরা।

# বিভিন্ন সমস্যায় জর্জরিত হীরাছড়া এডিসি ভিলেজের গ্রামগুলি, গ্রামীণ উন্নয়নের দাবি গ্রামবাসী

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১২ মে।।** ঊনকোটি জেলার জেলাসদর কৈলাসহরের মূল শহর থেকে দশ কিলোমিটার দূরে হীরাছড়া এডিসি ভিলেজের বেলটিলা এবং কাঁঠাল ছড়া গ্রামের রাস্তার বেহাল দশা। হীরাছড়া এডিসি ভিলেজের পাঁচ নম্বর ওয়ার্ডে বেলটিলা গ্রামটি অবস্থিত। এই গ্রামে পূর্ত দপ্তরের রাস্তা রয়েছে। তবে গ্রামে প্রবেশ এবং গ্রামের ভেতরের রাস্তার বেহাল দশায় অতিষ্ঠ গ্রামবাসীরা। মেঠো পথ দিয়েই সকলের যাতায়াত করতে হয় গ্রামের ভেতরে। ফলে সামান্য বৃষ্টি হলে কাদার জন্য চলাচল এক প্রকার বন্ধ হয়ে পড়ে। কেউ যদি অসুস্থ চরম বিপাকে পড়তে হয় রোগীর পরিজনদের।

গ্রামটি শহর থেকে অনেকটাই দূরে অবস্থিত হওয়ায় প্রায়শই গ্রামটিতে বিদ্যুৎ থাকে না। গ্রামবাসীদের অভিযোগ সপ্তাহে বেশিরভাগ দিনই বিদ্যুৎ চপলতার শিকার হতে হয় তাদের। এছাড়াও রয়েছে পানীয় জলের চরম সংকট। সরকার এই প্রত্যন্ত গ্রামের উন্নয়নে নজর দিক, দাবি গ্রামবাসীদের।

এলাকার রাস্তা, পানীয় জল, বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক হলে গ্রামবাসীরা স্বাভাবিকভাবে বসবাস করতে পারবেন। নতুবা জীবনের মৌলিক অধিকার জন্য গুলির জীবনের মৌলিক অধিকার গুলির জন্যও তাদের চরম অব্যবস্থাপনার সম্মুখীন হতে হবে।

সরকার এই গ্রামের উন্নয়নে ব্যবস্থা গ্রহণ করুক, তবেই খুশি গ্রামবাসীরা।

# বন্য দাঁতাল হাতির আক্রমণ থেকে রক্ষা পেতে হাতিকে রেডিও কলার পরানোর অভিযান বনদপ্তরের

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১২ মে ।।** বন্য দাঁতাল হাতির আক্রমণে অতিষ্ঠ তেলিয়ামুড়া মহকুমার ঘন জনবসতি পূর্ণ এলাকার সাধারণ নাগরিকেরা। এবারে বন্য হাতি মতিকে রেডিও কলার পরানোর অভিযানে নামল বনদপ্তর। আদৌ এই অভিযান কতটা সফলতা আনবে সেটা সময় সাপেক্ষ প্রমাণিত হবে।

তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন এলাকায় বন্য হাতির আক্রমণের হাত থেকে রক্ষা করার জন্য দাবী চলে আসছে দীর্ঘদিন যাবৎ। বিগত দিনে তেলিয়ামুড়া মহকুমার উত্তর মহারানী, কপালি বস্তি সহ বিভিন্ন এলাকায় বন্য হাতির আক্রমণে বেশ কয়েকজন প্রাণ হারিয়েছে। নষ্ট হয়েছে মানুষের বাড়িঘর সহ ফসল ইত্যাদি।

এর থেকে স্থায়ী সমাধানের জন্য বিভিন্ন ধরনের আন্দোলন রাস্তা অবরোধ, ডেপুটেশন দেওয়া হয় এলাকাবাসীর তরফ থেকে। সরকারিভাবেও প্রতিবার আশ্বাস দেওয়া হয়েছিল।

কিন্তু বাস্তবে এর বিরুদ্ধে কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি।

শেষে রবিবার হাতির আক্রমণ থেকে মানুষকে নিস্তার দিতে প্রায় বছর পুরনো ব্যর্থ উদ্যোগ পুনরায় নিতে দেখা গেল দপ্তরকে। হাতির দলের মধ্যে বেশি আক্রমনাত্মক মতি নামের একটি হাতি রয়েছে। এই মতির আক্রমণের স্বীকার হয়ে প্রাণহানীও হয়েছে বলে খবর। এই আক্রমণাত্মক মতিকে রেডিও কলার পরানোর অভিযানে নামে বনদপ্তরের এক বিশাল টিম। আঠারমুড়া জংগল থেকে শুরু করে, ডি এম কলোনি, উত্তর মহারাণীপুর সহ বিস্তির্ণ এলাকায় এই টিম চসে বেরাচ্ছে মতিকে রেডিও কলার পরানোর জন্য।

রবিবার ভোর থেকেই শুরু হয় এই অভিযান। যতক্ষন না পর্যন্ত এ কাজ সফল হয় ততক্ষন চলবে তাদের এই অভিযান বলে জানান বন দপ্তরের আধিকারিক সহ অভিযানের প্রতিনিধিগন। এদিনের এই অভিযানে রয়েছেন ডাঃ কৌশল কানওয়ার শর্মা/ পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত, ডিন, ভেটেরিনারি কলেজ, আসম,ডাঃ আর কে সামল,আইএফএস প্রধান বন্যপ্রাণী ওয়ার্ডেন, ত্রিপুরা বনদপ্তর, ডঃ অক্ষয় বোরদে আই এফ এস, খোয়াই জেলা বন আধিকারিক সহ অন্যান্যরা।

তবে প্রশ্নটা থেকেই যাচ্ছে আজ থেকে প্রায় ২৫-৩০ বছর ধরে বন্য দাঁতাল হাতির তাণ্ডবে অতিষ্ঠ গ্রামবাসীরা। প্রতিনিয়তই কোথাও না কোথাও অন্য জাতের হাতির দল তাণ্ডব চালিয়ে ক্ষতিগ্রস্ত করছে গ্রামবাসীদের এমনকি মৃত্যুর ঘটনা রয়েছে অনেক।

হাতির তাণ্ডবের শুরু থেকে তেলিয়ামুড়া বনদপ্তর অন্ধকারে ঢিল ছোড়ার মত কাজ করে যাচ্ছে। সরকারি অর্থভান্ডার থেকে কোটি কোটি টাকা খরচা করে বিভিন্ন সময়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করলেও কাজের কাজ অশ্বদিম্ব ছাড়া আর কিছুই নয়।

একাংশ সাধারণ জনগণদের অভিমত হাতি তাড়ানো তো দূরের কথা বরং দিনের পর দিন হাতির উৎপাত বেড়েই চলেছে। কারণ বনদপ্তর দীর্ঘ ২৫-৩০ বছর ধরে কোন ধরনের সূরাহা বের করতে পারেনি। বলতে গেলে হাতির তান্ডব থেকে গ্রামবাসীদের রক্ষা জন্য অসফল তেলিয়ামুড়া বনদপ্তর।

এখন দেখার বিষয়, বনদপ্তর বন্য দাতাল হাতির তাণ্ডব থেকে এলাকাবাসীদের রক্ষার জন্য গৃহীত এবারের উদ্যোগ কতটা সফল হয়।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।